

## অষ্টম অধ্যায়


### বৃত্ত

## অনুশীলনী ৮.১

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ ১ ৥ প্রমাণ কর যে, কোনো বৃত্তের দুইটি জ্যা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে তাদের ছেদবিন্দু বৃত্তটির কেন্দ্র হবে।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, কোনো বৃত্তের দুইটি জ্যা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে তাদের ছেদবিন্দু বৃত্তটির কেন্দ্র হবে।



বিশেষ নির্বচন : মনে করি, ACBD বৃত্তের AB ও CD দুইটি জ্যা পরস্পরকে E বিন্দুতে সমদ্বিখণ্ডিত করেছে।

প্রমাণ করতে হবে যে, E-ই বৃত্তের কেন্দ্র।

অঙ্কন : বৃত্তটির কেন্দ্র E না ধরে O ধরি এবং O, E যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) O বৃত্তের কেন্দ্র এবং AB

জ্যা এর মধ্যবিন্দু E. [জানা আছে যে, বৃত্তের ব্যাস ভিন্ন কোনো জ্যা এর মধ্যবিন্দু এবং কেন্দ্রের সংযোজক রেখাংশ ঐ জ্যা এর ওপর লম্ব]

$\therefore OE \perp AB$  অর্থাৎ  $\angle OEA =$  এক সমকোণ

(২) আবার, O বৃত্তের কেন্দ্র এবং CD জ্যা এর মধ্যবিন্দু E.

$\therefore OE \perp CD$  অর্থাৎ  $\angle OEC =$  এক সমকোণ

(৩) যেহেতু AB এবং CD দুইটি পরস্পরচ্ছেদী সরলরেখা।


$\therefore \angle OEA$  এবং  $\angle OEC$  উভয়ই এক সমকোণ হতে পারে না।

(৪) সুতরাং E ব্যতীত অন্য কোনো বিন্দু বৃত্তের কেন্দ্র হতে পারে না।

$\therefore E$  বিন্দুটি ACBD বৃত্তের কেন্দ্র। [প্রমাণিত]

প্রশ্ন ১ ২ ৥ প্রমাণ কর যে, দুইটি সমান্তরাল জ্যা-এর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা কেন্দ্রগামী এবং জ্যাদ্বয়ের ওপর লম্ব।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, দুইটি সমান্তরাল জ্যায়ের মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা কেন্দ্রগামী এবং জ্যাদ্বয়ের ওপর লম্ব।



বিশেষ নির্বচন : মনে করি, ABCD বৃত্তের কেন্দ্র O। AB এর মধ্যবিন্দু E এবং CD এর মধ্যবিন্দু F এবং  $AB \parallel CD$ । প্রমাণ করতে হবে যে, EF কেন্দ্রগামী এবং AB ও CD এর ওপর লম্ব।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) F, CD এর মধ্যবিন্দু এবং OF কেন্দ্র ও জ্যা-এর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ।

$\therefore OF, CD$  এর ওপর লম্ব। [বৃত্তের কেন্দ্র ও জ্যায়ের মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ ঐ জ্যায়ের ওপর লম্ব]

এবং  $\angle OFC =$  এক সমকোণ।

(২) আবার, E, AB এর মধ্যবিন্দু হওয়ায় OE, AB এর ওপর লম্ব এবং  $\angle AEO =$  এক সমকোণ। [একই কারণে]

$\therefore \angle AEO = \angle OFC$  [একান্তর কোণ]


(৩)  $AB \parallel CD$  হওয়ায় EF ছেদক।

অর্থাৎ E, O, F একই সরলরেখা।

অতএব, EF কেন্দ্রগামী এবং  $EF \perp CD$  এবং  $FE \perp AB$ । [প্রমাণিত]

প্রশ্ন ১ ৩ ৥ কোনো বৃত্তের AB ও AC জ্যা দুইটি A বিন্দুগামী ব্যাসার্ধের সাথে সমান কোণ উৎপন্ন করে। প্রমাণ কর যে,  $AB = AC$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ABC বৃত্তের কেন্দ্র O। AB ও AC জ্যা দুইটি OA ব্যাসার্ধের সাথে সমান কোণ উৎপন্ন করে অর্থাৎ  $\angle BAO = \angle CAO$ ।

প্রমাণ করতে হবে যে,  $AB = AC$ ।

অঙ্কন : O হতে AB এর ওপর OM এবং AC এর ওপর ON লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) OM, AB এর ওপর লম্ব হওয়ায়, OM, AB কে সমদ্বিখণ্ডিত করে।

অর্থাৎ,  $AM = \frac{1}{2} AB$

(২) আবার, ON, AC এর ওপর লম্ব হওয়ায়,  $AN = \frac{1}{2} AC$

(৩) এখন,  $\Delta AOM$  ও  $\Delta AON$  এর মধ্যে

$$\angle AMO = \angle ANO$$

[সমকোণ বলে]

$$\angle MAO = \angle NAO$$

[কল্পনা]

এবং  $AO$  সাধারণ বাহু।


$\therefore$  ত্রিভুজ দুটি সর্বসম।

অতএব,  $AM = AN$


$$\text{অর্থাৎ } \frac{1}{2} AB = \frac{1}{2} AC$$

$\therefore AB = AC$  [প্রমাণিত]

প্রশ্ন ১৪ ১ চিত্রে  $O$  বৃত্তের কেন্দ্র এবং জ্যা  $AB =$  জ্যা  $AC$ । প্রমাণ কর যে,  $\angle BAO = \angle CAO$ ।



সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি,  $ABC$  বৃত্তের  $O$  কেন্দ্র এবং জ্যা  $AB =$  জ্যা  $AC$ ।  $AO$  কেন্দ্রগামী ব্যাসার্ধ।

প্রমাণ করতে হবে যে,  $\angle BAO = \angle CAO$ ।

অঙ্কন :  $O, B$  এবং  $O, C$  যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $\Delta AOB$  ও  $\Delta AOC$  এর মধ্যে

$$AB = AC$$

[দেওয়া আছে]

$$BO = CO$$

[একই বৃত্তের ব্যাসার্ধ]

এবং  $AO$  বাহু সাধারণ।


[বাহু-বাহু-বাহু উপপাদ্য]

$\therefore$  ত্রিভুজদ্বয় সর্বসম।

অতএব,  $\angle BAO = \angle CAO$ । [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ১ কোনো বৃত্ত একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো দিয়ে যায়। দেখাও যে, বৃত্তটির কেন্দ্র অতিভুজের মধ্যবিন্দু।

সমাধান : সাধারণ নির্বচন : কোনো বৃত্ত একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো দিয়ে যায়। দেখাতে হবে যে, বৃত্তটির কেন্দ্র অতিভুজের মধ্যবিন্দু।



বিশেষ নির্বচন : মনে করি, সমকোণী  $\Delta ABC$  এর  $\angle B =$  এক সমকোণ এবং  $AC$  অতিভুজ।

$A, B, C$  শীর্ষবিন্দু দিয়ে একটি বৃত্ত আঁকা হলো। মনে করি, বৃত্তটির কেন্দ্র  $O$ । দেখাতে হবে যে, কেন্দ্র  $O$  অতিভুজ  $AC$  এর মধ্যবিন্দু।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $\Delta ABC$ -এর

$$\angle ABC = \text{এক সমকোণ}$$

[কল্পনা]

$\therefore \angle ABC, O$  কেন্দ্রবিশিষ্ট বৃত্তের অর্ধবৃত্তস্থ কোণ।

[ $\therefore$  অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ]

(২)  $A, B, C$  বিন্দুগামী বৃত্তের ব্যাস  $AC$ ।

সুতরাং বৃত্তের কেন্দ্র  $O$ , ব্যাস  $AC$  এর উপর অবস্থিত।


$$\therefore OA = OC$$

[একই বৃত্তের ব্যাসার্ধ বলে]

$\therefore$  বৃত্তের কেন্দ্র  $O$ , অতিভুজ  $AC$  এর মধ্যবিন্দু। [দেখানো হলো]

প্রশ্ন ১৬ ১ দুইটি সমকেন্দ্রিক বৃত্তের একটির  $AB$  জ্যা অপর বৃত্তকে  $C$  ও  $D$  বিন্দুতে ছেদ করে। প্রমাণ কর যে,  $AC = BD$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি,  $ABE$  ও  $CDF$  বৃত্ত দুইটির কেন্দ্র  $O$ ।  $ABE$  বৃত্তের জ্যা  $AB, CDF$  বৃত্তকে  $C$  ও  $D$  বিন্দুতে ছেদ করেছে। প্রমাণ করতে হবে যে,  $AC = BD$ ।

অঙ্কন :  $O$  হতে  $AB$  বা  $CD$  এর ওপর  $OP$  লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $OP, CD$  এর ওপর লম্ব হওয়ায়  $OP, CD$ -কে সমদ্বিখণ্ডিত করে।

$$\text{অর্থাৎ } CP = PD$$

[বৃত্তের কেন্দ্র হতে কোনো জ্যা এর

ওপর অঙ্কিত লম্ব ঐ জ্যাকে সমদ্বিখণ্ডিত

করে]

(২) আবার,  $OP, AB$  এর ওপর লম্ব হওয়ায়,  $OP, AB$ -কে সমদ্বিখণ্ডিত করে।

$$\text{অর্থাৎ, } AP = BP$$

[একই]

$$\text{এখন, } AP = AC + CP$$

$$\text{এবং } BP = PD + BD$$

$$\text{সুতরাং } AC + CP = PD + BD$$


$$[\therefore AP = BP]$$

$$\therefore AC = BD \text{ [প্রমাণিত]}$$

$$[\therefore CP = PD]$$

প্রশ্ন ১৭ ১ বৃত্তের দুইটি সমান জ্যা পরস্পরকে ছেদ করলে দেখাও যে, তাদের একটির অংশদ্বয় অপরটির অংশদ্বয়ের সমান।

সমাধান : সাধারণ নির্বচন : বৃত্তের দুইটি সমান জ্যা পরস্পরকে ছেদ করলে, দেখাতে হবে যে, তাদের একটির অংশদ্বয় অপরটির অংশদ্বয়ের সমান।



বিশেষ নির্বচন : মনে করি,  $ACBD$  বৃত্তের কেন্দ্র  $O$ ।  $AB$  ও  $CD$  দুটি সমান জ্যা পরস্পরকে  $P$  বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে,  $AP = PD$  এবং  $PB = PC$ .

অঙ্কন :  $O$  হতে  $AB$  এর ওপর  $OM$  এবং  $CD$  এর ওপর  $ON$  লম্ব আঁকি।  $O$ ,  $P$  যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $MOP$  ও  $NOP$  সমকোণী ত্রিভুজ দুইটির মধ্যে

$$OM = ON \quad [\text{সমান সমান জ্যা কেন্দ্র হতে সমদূরবর্তী}]$$

এবং  $OP$  সাধারণ অতিভুজ।

$\therefore$  ত্রিভুজ দুইটি সর্বসম।

$$\therefore PM = PN \quad \dots \dots \dots (i)$$

(২) এখন,  $OM$ ,  $AB$  এর ওপর লম্ব হওয়ায়,

$$AM = \frac{1}{2} AB \quad [\text{বৃত্তের কেন্দ্র হতে কোনো জ্যায়ের ওপর অঙ্কিত লম্ব ঐ জ্যাকে সমদ্বিখন্ডিত করে}]$$

(৩)  $ON$ ,  $CD$  এর ওপর লম্ব হওয়ায়,

$$DN = \frac{1}{2} CD \quad [\text{একই}]$$

যেহেতু,  $AB = CD$

$$\therefore AM = DN \quad \dots \dots \dots (ii)$$

(৪) সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

$$PM + AM = PN + DN$$

$$\text{বা, } AP = PD$$

(৫) আবার,  $AB = CD$


$$\text{বা, } AB - AP = CD - PD$$

$$\text{বা, } PB = PC$$

অতএব,  $AP = PD$  এবং  $PB = PC$ . [দেখানো হলো]

প্রশ্ন ১৮ ৥ প্রমাণ কর যে, বৃত্তের সমান জ্যা এর মধ্যবিন্দুগুলো সমবৃত্ত।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, বৃত্তের সমান জ্যা এর মধ্যবিন্দুগুলো সমবৃত্ত।



বিশেষ নির্বচন : মনে করি,  $ABCEDF$  বৃত্তে  $O$  কেন্দ্র।  $AB$ ,  $CD$  এবং  $EF$  তিনটি পরস্পর সমান সমান জ্যা।  $M$ ,  $N$  এবং  $P$  সমান জ্যা'গুলোর মধ্যবিন্দু।

প্রমাণ করতে হবে যে,  $M$ ,  $N$  এবং  $P$  সমবৃত্ত।

অঙ্কন :  $O$  ও  $M$ ,  $O$  ও  $N$  এবং  $O$  ও  $P$  যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) যেহেতু  $M$ ,  $AB$  এর মধ্যবিন্দু এবং  $OM$

কেন্দ্রগামী রেখাংশ।

$\therefore OM$ ,  $AB$  এর উপর লম্ব। [বৃত্তের কেন্দ্র ও ব্যাস ভিন্ন কোনো জ্যা এর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ ঐ জ্যা এর ওপর লম্ব]

(২)  $OP$ ,  $CD$  এর ওপর লম্ব।

[একই কারণ]

(৩)  $ON$ ,  $EF$  এর উপর লম্ব।

[একই কারণ]

(৪)  $OM = OP = ON$


[বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সমদূরবর্তী]

সুতরাং  $O$  কে কেন্দ্র করে  $OM$  অথবা  $ON$  অথবা  $OP$  এর সমান ব্যাসার্ধ নিয়ে বৃত্ত অঙ্কন করলে  $M$ ,  $N$  ও  $P$  বিন্দু দিয়ে যাবে।

অতএব,  $M$ ,  $N$  ও  $P$  সমবৃত্ত। [প্রমাণিত]

প্রশ্ন ১৯ ৥ দেখাও যে, ব্যাসের দুই প্রান্ত থেকে তার বিপরীত দিকে দুইটি সমান জ্যা অঙ্কন করলে তারা সমান্তরাল হয়।

সমাধান : সাধারণ নির্বচন : দেখাতে হবে যে, ব্যাসের দুই প্রান্ত থেকে তার বিপরীত দিকে দুইটি সমান জ্যা অঙ্কন করলে তারা সমান্তরাল হয়।



বিশেষ নির্বচন : মনে করি,  $ABCD$  বৃত্তের  $O$  কেন্দ্র এবং  $AC$  ব্যাস।  $AB$  ও  $CD$  দুইটি সমান সমান জ্যা  $AC$  ব্যাসের বিপরীত দিকে অবস্থিত।

প্রমাণ করতে হবে যে,  $AB \parallel CD$

অঙ্কন :  $O$  হতে  $AB$  এর ওপর  $OM$  এবং  $CD$  এর ওপর  $ON$  লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $OM$ ,  $AB$  এর ওপর লম্ব হওয়ায়,

$$AM = \frac{1}{2} AB \quad [\text{কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা-এর ওপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখন্ডিত করে}]$$

(২)  $ON$ ,  $CD$  এর ওপর লম্ব হওয়ায়,  $CN = \frac{1}{2} CD$  [একই]

(৩) যেহেতু,  $AB = CD$

$$\therefore AM = CN$$

(৪)  $\triangle AOM$  ও  $\triangle CON$

এর মধ্যে  $AM = CN$

$$AO = OC$$

[একই বৃত্তের ব্যাসার্ধ বলে]

$$\text{এবং } OM = ON$$

[সমান সমান জ্যা কেন্দ্র হতে সমদূরবর্তী বলে]

$$\therefore \triangle AOM \cong \triangle CON$$


$$\therefore \angle A = \angle C$$

কিন্তু কোণ দুইটি  $AC$  রেখার বিপরীত পাশে অবস্থিত।

সুতরাং কোণ দুইটি একান্তর হওয়ায়  $AB \parallel CD$ . [দেখানো হলো]

প্রশ্ন ১০ ৥ দেখাও যে, ব্যাসের দুই প্রান্ত থেকে তার বিপরীত দিকে দুইটি সমান্তরাল জ্যা আঁকলে তারা সমান হয়।

সমাধান : সাধারণ নির্বচন : দেখাতে হবে যে, ব্যাসের দুই প্রান্ত থেকে তার বিপরীত দিকে দুইটি সমান্তরাল জ্যা আঁকলে তারা সমান হয়।



বিশেষ নির্বচন : মনে করি,  $ABCD$  বৃত্তের  $O$  কেন্দ্র এবং  $AC$  ব্যাস।  $AC$  ব্যাসের বিপরীত পাশে  $AB \parallel CD$  দুইটি জ্যা। প্রমাণ করতে হবে যে,  $AB = CD$ .

অঙ্কন : O হতে AB এর ওপর OM এবং CD এর ওপর ON লম্ব আঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) OM, AB জ্যা এর ওপর লম্ব হওয়ায়,

$$AM = \frac{1}{2} AB \quad [\text{কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা-এর}$$

ওপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখন্ডিত করে]

(২) ON, CD জ্যা এর ওপর লম্ব হওয়ায়,

$$CN = \frac{1}{2} CD \quad [ \text{একই} ]$$

(৩)  $\triangle AOM$  ও  $\triangle CON$  এর মধ্যে

$$\angle AMO = \angle CNO \quad [\text{সমকোণ বলে}]$$

$$\angle MAO = \angle NCO \quad [\text{একান্তর কোণ বলে}]$$

$$\text{এবং } AO = CO \quad [\text{একই বৃত্তের ব্যাসার্ধ বলে}]$$

$\therefore$  ত্রিভুজদ্বয় সর্বসম।


$$\therefore AM = CN$$

(৪) অর্থাৎ  $\frac{1}{2} AB = \frac{1}{2} CD$

অতএব,  $AB = CD$  [দেখানো হলো]

প্রশ্ন ১১ ১১ ১১ দেখাও যে, বৃত্তের দুইটি জ্যা এর মধ্যে বৃহত্তর জ্যা-টি ক্ষুদ্রতর জ্যা অপেক্ষা কেন্দ্রের নিকটতর।

সমাধান : সাধারণ নির্বচন : দেখাতে হবে যে, বৃত্তের দুইটি জ্যা-এর মধ্যে বৃহত্তর জ্যাটি ক্ষুদ্রতর জ্যা অপেক্ষা কেন্দ্রের নিকটতর।



বিশেষ নির্বচন : মনে করি, ABDC বৃত্তের O কেন্দ্র। AB ও CD দুইটি জ্যা-এর মধ্যে  $AB > CD$ । OE এবং OF কেন্দ্র O থেকে যথাক্রমে AB ও CD এর ওপর লম্ব। দেখাতে হবে যে,  $OE < OF$ ।

অঙ্কন : O, A এবং O, C যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) OE, AB এর ওপর লম্ব হওয়ায়,

$$AE = \frac{1}{2} AB \quad [\text{কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা-এর}$$

ওপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখন্ডিত করে]

(২) এবং OF, CD এর ওপর লম্ব হওয়ায়,

$$CF = \frac{1}{2} CD \quad [ \text{একই} ]$$

(৩) AOE সমকোণী ত্রিভুজে AO অতিভুজ

$$\therefore OA^2 = OE^2 + AE^2 \quad \dots\dots\dots(i)$$

[পিথাগোরাসের উপপাদ্য]

(৪) আবার, COF সমকোণী ত্রিভুজে CO অতিভুজ

$$\therefore OC^2 = OF^2 + CF^2 \quad \dots\dots\dots(ii)$$

(৫) AO এবং OC একই বৃত্তের ব্যাসার্ধ হওয়ায়,  $OA = OC$  [একই]

$$\text{সুতরাং, } OE^2 + AE^2 = OF^2 + CF^2 \quad \dots\dots\dots(iii)$$

(৬) কিন্তু  $AB > CD$  হওয়ায়,  $\frac{1}{2} AB > \frac{1}{2} CD$

বা,  $AE > CF$

$$\therefore AE^2 > CF^2$$

সমীকরণ (iii) নং থেকে দেখা যায়,

$AE^2$  যদি  $CF^2$  থেকে বৃহত্তর হয় তবে  $OE^2, OF^2$  থেকে ক্ষুদ্রতর হবে।

সুতরাং  $OE^2 < OF^2$


$$\therefore OE < OF \quad [\text{দেখানো হলো}]$$

## অনুশীলনী ৮.২

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ ১১ ১১ O কেন্দ্রবিশিষ্ট কোনো বৃত্তে ABCD একটি অন্তর্লিখিত চতুর্ভুজ। AC, BD কর্ণদ্বয় E বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,  $\angle AOB + \angle COD = 2\angle AEB$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ABCD বৃত্তের O কেন্দ্র এবং ABCD চতুর্ভুজটি বৃত্তে অন্তর্লিখিত। AC ও BD কর্ণদ্বয় E বিন্দুতে ছেদ করেছে। A, O; B, O; C, O এবং D, O যোগ করা হলো।

প্রমাণ করতে হবে যে,  $\angle AOB + \angle COD = 2\angle AEB$

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB চাপের ওপর অবস্থিত কেন্দ্রস্থ  $\angle AOB$

এবং বৃত্তস্থ  $\angle ADB$ ।

$$\therefore \angle AOB = 2\angle ADB \quad [\text{কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের}$$

দ্বিগুণ (দেওয়া আছে)]

(২) CD চাপের ওপর অবস্থিত কেন্দ্রস্থ

$\angle COD$  এবং বৃত্তস্থ  $\angle DAC$ ।

$\therefore \angle COD = 2 \angle DAC$  [একই]

(৩)  $\angle AOB + \angle COD = 2 \angle ADB + 2 \angle DAC =$

$2(\angle ADB + \angle DAC) \dots\dots\dots(i)$  [১ ও ২নং হতে]

(৪)  $\triangle ADE$ -এ বহিঃস্থ  $\angle AEB$  এবং

অন্তঃস্থ বিপরীত কোণগুলো হলো,

$\angle EAD$  ও  $\angle EDA$

অতএব,  $\angle AEB = \angle EAD + \angle EDA$

$= \angle DAC + \angle ADB$

[ত্রিভুজের বহিঃস্থ কোণ  
অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের  
সমষ্টির সমান]


(৫) সমীকরণ (i) নং এ  $\angle DAC + \angle ADB = \angle AEB$

বসিয়ে পাই,  $\angle AOB + \angle COD = 2 \angle AEB$ .

[প্রমাণিত]

প্রশ্ন ১২। ABCD বৃত্তে AB ও CD জ্যা দুইটি পরস্পর E বিন্দুতে ছেদ করেছে। দেখাও যে,  $\triangle AED$  ও  $\triangle BEC$  সদৃশকোণী।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ACBD বৃত্তে AB ও CD জ্যা দুটি পরস্পর E বিন্দুতে ছেদ করেছে। A, D এবং B, C যোগ করা হলো।

প্রমাণ করতে হবে যে,  $\triangle AED$  ও  $\triangle BEC$  সদৃশকোণী।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) BD চাপের উপর অবস্থিত বৃত্তস্থ  $\angle DAB$  ও

$\angle BCD$

সুতরাং,  $\angle DAB = \angle BCD$  [সমান চাপের উপর বৃত্তস্থ

কোণগুলো সমান]

(২) আবার, AC চাপের উপর অবস্থিত বলে

$\angle ADC = \angle ABC$

(৩) এখন,  $\triangle AED$  ও  $\triangle BEC$  এর

$\angle DAE = \angle BCE$  [BD চাপের উপর অবস্থিত বলে]


$\angle ADE = \angle CBE$  [AC চাপের উপর অবস্থিত বলে]

এবং  $\angle AED = \angle BEC$  [বিপ্রতীপ কোণ বলে]

অতএব,  $\triangle AED$  ও  $\triangle BEC$  সদৃশকোণী। [দেখানো হলো]

প্রশ্ন ১৩। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে,  $\angle ADB + \angle BDC =$  এক সমকোণ। প্রমাণ কর যে, A, O এবং C এক সরলরেখায় অবস্থিত।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে,

$\angle ADB + \angle BDC =$  এক সমকোণ।

প্রমাণ করতে হবে যে, A, O এবং C এক সরলরেখায় অবস্থিত।

অঙ্কন : A, O; C, O এবং B, O যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB চাপের ওপর কেন্দ্রস্থ  $\angle AOB$  এবং বৃত্তস্থ  $\angle ADB$

।

সুতরাং  $\angle AOB = 2 \angle ADB \dots\dots (i)$

[কেন্দ্রস্থ কোণ

বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

(২) আবার, BC চাপের ওপর কেন্দ্রস্থ  $\angle BOC$  এবং

বৃত্তস্থ  $\angle BDC$

$\therefore \angle BOC = 2 \angle BDC \dots\dots (ii)$

[একই]

(৩) সমীকরণ (i) এবং (ii) যোগ করে পাই,

$\angle AOB + \angle BOC = 2 \angle ADB + 2 \angle BDC$

বা,  $\angle AOC = 2(\angle ADB + \angle BDC)$

$= 2 \angle ADC$

$\angle ADC =$  অর্ধবৃত্তস্থকোণ

$= 2 \times$  এক সমকোণ


$= 2$  সমকোণ  $=$  এক সরলকোণ অর্থাৎ  $180^\circ$

অতএব, A, O এবং C এক সরলরেখায় অবস্থিত। [প্রমাণিত]

প্রশ্ন ১৪। AB ও CD দুইটি জ্যা বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ কর যে, AC ও BD চাপদ্বয় কেন্দ্রে যে দুইটি কোণ উৎপন্ন করে, তাদের সমষ্টি  $\angle AEC$  এর দ্বিগুণ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ADBC বৃত্তের O কেন্দ্র এবং AB ও CD দুইটি জ্যা বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে ছেদ করেছে। AC ও BD চাপদ্বয় কেন্দ্রে  $\angle AOC$  ও  $\angle BOD$  উৎপন্ন করেছে।

প্রমাণ করতে হবে যে,  $\angle AOC + \angle BOD = 2 \angle AEC$ .

অঙ্কন : B, C যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AC চাপের ওপর কেন্দ্রস্থ  $\angle AOC$  এবং

বৃত্তস্থ  $\angle ABC$ .

সুতরাং  $\angle AOC = 2 \angle ABC \dots\dots (i)$

[কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ

কোণের দ্বিগুণ]

(২) আবার, BD চাপের ওপর কেন্দ্রস্থ  $\angle BOD$  এবং

বৃত্তস্থ  $\angle BCD$

$\therefore \angle BOD = 2 \angle BCD \dots\dots (ii)$

[একই]

(৩) সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

অতএব,  $\angle AOC + \angle BOD = 2(\angle ABC + \angle BCD)$

(৪) এখন,  $\triangle BCE$  এর বহিঃস্থ

$$\angle AEC = (\angle BCE + \angle CBE)$$

অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের [ত্রিভুজের বহিঃস্থ কোণ

সমষ্টি

অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের

$$\text{বা, } \angle AEC = \angle BCD + \angle ABC$$


সমষ্টির সমান]

(৫) অতএব,  $\angle AOC + \angle BOD =$

$$2\angle AEC \text{ [প্রমাণিত]}$$

প্রশ্ন ১৫ ৥ দেখাও যে, বৃত্তস্থ ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয় পরস্পর সমান।

সমাধান : সাধারণ নির্বচন : দেখাতে হবে যে, বৃত্তস্থ ট্রাপিজিয়ামের তির্যক বাহুদ্বয় পরস্পর সমান।



বিশেষ নির্বচন : মনে করি, ABCD একটি বৃত্ত এবং O তার কেন্দ্র। ABCD একটি বৃত্তস্থ ট্রাপিজিয়াম। এর  $AB \parallel CD$  এবং AD ও BC দুইটি তির্যক বাহু। দেখাতে হবে যে,  $BC = AD$ ।

অঙ্কন : A, O; B, O; C, O; D, O এবং B ও D যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) BC চাপের ওপর কেন্দ্রস্থ  $\angle BOC$  এবং বৃত্তস্থ

$$\angle BDC$$

সুতরাং,  $\angle BOC = 2\angle BDC \dots\dots (i)$  [কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

(২) আবার, AD চাপের উপর কেন্দ্রস্থ  $\angle AOD$  এবং

$$\text{বৃত্তস্থ } \angle ABD$$

$\therefore \angle AOD = 2\angle ABD \dots\dots\dots (ii)$  [একই]

(৩) কিন্তু  $AB \parallel CD$  এবং BD ছেদক হওয়ায়

$$\angle ABD = \angle BDC$$

[একান্তর কোণ বলে]

$$\text{বা, } 2\angle ABD = 2\angle BDC$$

$$\therefore \angle BOC = \angle AOD$$

$$\therefore \text{চাপ } BC = \text{চাপ } AD$$

[সমান সমান চাপ কেন্দ্রে সমান কোণ উৎপন্ন করে]


[সমান সমান জ্যা বৃত্তে সমান

চাপ ছিন্ন করে।]

অতএব  $BC = AD$ । [দেখানো হলো]

প্রশ্ন ১৬ ৥ AB ও AC কোনো বৃত্তের দুইটি জ্যা এবং P ও Q যথাক্রমে তাদের দ্বারা ছিন্ন উপচাপ দুইটির মধ্যবিন্দু। PQ জ্যা AB ও AC জ্যাকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে। দেখাও যে,  $AD = AE$ ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ABC বৃত্তের O কেন্দ্র এবং AB ও AC দুটি জ্যা। P ও Q যথাক্রমে AB ও AC দ্বারা ছিন্ন উপচাপ দুইটির মধ্যবিন্দু। PQ জ্যা AB ও AC জ্যাকে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করে।

দেখাতে হবে যে,  $AD = AE$ ।

অঙ্কন : A ও P এবং P ও C যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) P মধ্যবিন্দু হওয়ায় চাপ চাপ AP =  
চাপ PB

$$\therefore \angle ACP = \angle PAB$$

[সমান সমান চাপের উপর অবস্থিত বলে]

(২) আবার Q মধ্যবিন্দু হওয়ায় চাপ AQ =  
চাপ CQ

$$\therefore \angle CPQ = \angle APQ$$

[সমান সমান চাপের উপর অবস্থিত বলে]

$$\text{সুতরাং } \angle ACP + \angle CPQ = \angle PAB + \angle APQ$$

(৩) কিন্তু,  $\triangle PCE$  এ

$$\text{বহিঃস্থ } \angle AEP = \angle ECP + \angle EPC$$

[অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টি]

$$\text{বা, } \angle AED = \angle ACP + \angle CPQ$$

(৪) আবার,  $\triangle PAD$ -এ বহিঃস্থ  $\angle ADQ =$   
 $\angle PAD + \angle APD$

[অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টি]

$$\text{বা, } \angle ADE = \angle PAB + \angle APQ \\ = \angle ACP + \angle CPQ$$


$$\text{সুতরাং } \angle AED = \angle ADE$$

(৫)  $\triangle ADE$  এ  $\angle ADE = \angle AED$  হওয়ায়  
 $AD = AE$  [দেখানো হলো]।

## অনুশীলনী ৮.৩

প্রশ্ন ১১ ৥  $\Delta ABC$  এ  $\angle B$  ও  $\angle C$  এর সমদ্বিখন্ডকদ্বয় P বিন্দুতে এবং বহির্দ্বিখন্ডকদ্বয় Q বিন্দুতে মিলিত হলে, প্রমাণ কর যে, B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি,  $\Delta ABC$  এ  $\angle B$  ও  $\angle C$  এর সমদ্বিখন্ডকদ্বয় P বিন্দুতে এবং বহির্দ্বিখন্ডকদ্বয় Q বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $\Delta ABC$  এ  $\angle A + \angle B + \angle C = 180^\circ$  [ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]

(২) আবার,  $\Delta BPC$ -এ

$$\angle BPC + \angle PBC + \angle PCB = 180^\circ \quad \text{[একই]}$$

$$\text{বা, } \angle BPC + \frac{1}{2}\angle B + \frac{1}{2}\angle C = 180^\circ \quad [\because \angle PBC = \frac{1}{2}\angle B \text{ এবং } \angle PCB = \frac{1}{2}\angle C]$$

$$\begin{aligned} \text{বা, } \angle BPC &= 180^\circ - \frac{1}{2}(\angle B + \angle C) \\ &= 180^\circ - \frac{1}{2}(\angle A + \angle B + \angle C) + \frac{1}{2}\angle A \\ &= 180^\circ - \frac{1}{2}(180^\circ) + \frac{1}{2}\angle A \\ &= 180^\circ - 90^\circ + \frac{1}{2}\angle A \\ &= 90^\circ + \frac{1}{2}\angle A \quad \dots\dots\dots(i) \end{aligned}$$

(৩)  $\Delta BQC$ -এ,

$$\angle BQC + \angle QBC + \angle QCB = 180^\circ \quad \dots\dots (ii)$$

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ]

(৪) কিন্তু  $\angle QBC = \frac{1}{2}\angle CBE$  এবং  $\angle QCB = \frac{1}{2}\angle BCF$

$$\text{বা, } \angle QBC = \frac{1}{2}(\angle A + \angle C) \quad \text{[BQ, } \angle CBE \text{ এর সমদ্বিখন্ডক]}$$

$$\text{এবং } \angle QCB = \frac{1}{2}(\angle A + \angle B)$$

$$\begin{aligned} \text{সুতরাং, } \angle BQC + \frac{1}{2}(\angle A + \angle C) + \\ \frac{1}{2}(\angle A + \angle B) &= 180^\circ \quad \text{[(ii) নং হতে]} \end{aligned}$$

$$\text{বা, } \angle BQC + \frac{1}{2}(180^\circ) + \frac{1}{2}\angle A = 180^\circ$$

$$\text{বা, } \angle BQC + 90^\circ + \frac{1}{2}\angle A = 180^\circ$$

$$\therefore \angle BQC = 180^\circ - 90^\circ - \frac{1}{2}\angle A$$

$$= 90^\circ - \frac{1}{2}\angle A \quad \dots\dots\dots(iii)$$

(৫) এখন সমীকরণ (i) ও (iii) যোগ করে পাই,

$$\angle BPC + \angle BQC = 90^\circ + \frac{1}{2}\angle A + 90^\circ$$

$$- \frac{1}{2}\angle A = 180^\circ$$


(৬)  $BPCQ$  চতুর্ভুজের  $\angle P + \angle Q = 180^\circ$  হওয়ায়

B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত।

[প্রমাণিত]

প্রশ্ন ১২ ৥ প্রমাণ কর যে, বৃত্তস্থ চতুর্ভুজের যেকোনো কোণের সমদ্বিখন্ডক ও তার বিপরীত কোণের বহির্দ্বিখন্ডক বৃত্তের ওপরে ছেদ করে।

সমাধান : সাধারণ নির্বচন : প্রমাণ করতে হবে যে, বৃত্তস্থ চতুর্ভুজের যেকোনো কোণের সমদ্বিখন্ডক ও তার বিপরীত কোণের বহির্দ্বিখন্ডক বৃত্তের ওপরে ছেদ করে।



বিশেষ নির্বচন : মনে করি, ABCD বৃত্তস্থ চতুর্ভুজ। এর  $\angle C$ -এর সমদ্বিখন্ডক CE এবং  $\angle A$  এর বিপরীত  $\angle A$  এর বহির্দ্বিখন্ডক AE পরস্পর E বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, E বিন্দু বৃত্তস্থ।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) ABCD বৃত্তস্থ চতুর্ভুজ হওয়ায়,  $\angle BAD + \angle BCD = 2$  সমকোণ

[বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের

(২) কিন্তু F, A, B একই সরলরেখা হওয়ায়

সমষ্টি ২ সমকোণ]

$$\angle FAD + \angle BAD = \text{এক সরলকোণ} = 2 \text{ সমকোণ}$$

[রৈখিক যুগল কোণ]

(৩) সুতরাং  $\angle BAD + \angle BCD = \angle FAD + \angle BAD$

[উভয় পক্ষ হতে সমান

$$\text{বা, } \angle BCD = \angle FAD$$

$\angle BAD$  বাদ

$$\text{বা, } \frac{1}{2}\angle BCD = \frac{1}{2}\angle FAD$$

দিয়ে]

$$\text{বা, } \angle ECB = \angle EAD$$

[ $\because \angle EAD = \angle ECB$ ]

(৪) এখন,  $\angle EAD + \angle BAD + \angle ECB$

$$= \angle BAD + \angle ECB + \angle ECB$$

$$\text{বা, } \angle EAD + \angle ECB = \angle BAD + 2\angle ECB$$

$$= \angle BAD + \angle BCD = 2 \text{ সমকোণ}$$


$\angle EAD$  ও  $\angle ECB$  বিপরীত কোণ

হওয়ায় ABCE চতুর্ভুজটি বৃত্তস্থ।

$\therefore E$  বিন্দু বৃত্তস্থ। [প্রমাণিত]

প্রশ্ন ১৩ ৥ ABCD একটি বৃত্ত।  $\angle CAB$  ও  $\angle CBA$  এর সমদ্বিখন্ডক দুইটি P বিন্দুতে এবং  $\angle DBA$  ও  $\angle DAB$  কোণদ্বয়ের সমদ্বিখন্ডক দুইটি Q বিন্দুতে মিলিত হলে, প্রমাণ কর যে, A, Q, P, B বিন্দু চারটি সমবৃত্ত।

সমাধান :



বিশেষ নির্বাচন : মনে করি, ABCD একটি বৃত্ত।  $\angle CAB$  ও  $\angle CBA$  এর সমদ্বিখন্ডক দুইটি P বিন্দুতে এবং  $\angle DBA$  ও  $\angle DAB$  কোণদ্বয়ের সমদ্বিখন্ডক দুইটি Q বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, A, Q, P, B বিন্দু চারটি সমবৃত্ত।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $\triangle ABC$ -এ  $\angle CAB + \angle CBA + \angle C = 180^\circ$

[ত্রিভুজের তিন

(২) AP সমদ্বিখন্ডক হওয়ায়,  $\angle CAB = 2\angle PAB$

কোণের সমষ্টি

এবং BP সমদ্বিখন্ডক হওয়ায়,

দুই সমকোণ]

$\angle CBA = 2\angle PBA$

(৩) সুতরাং,  $2\angle PAB + 2\angle PBA + \angle C = 180^\circ$

বা,  $2(\angle PAB + \angle PBA) + \angle C = 180^\circ$

(৪) কিন্তু  $\triangle APB$ -এ  $\angle PAB + \angle PBA$

$= 180^\circ - \angle P$

অতএব,  $2(180^\circ - \angle P) + \angle C = 180^\circ$

বা,  $180^\circ - \angle P + \frac{1}{2}\angle C = 90^\circ$

বা,  $180^\circ - 90^\circ + \frac{1}{2}\angle C = \angle P$

$\therefore \angle P = 90^\circ + \frac{1}{2}\angle C$

(৫)  $\triangle ABD$  এ  $\angle BAD + \angle ABD + \angle D = 180^\circ$

[AQ ও BQ

বা,  $2\angle BAQ + 2\angle ABQ + \angle D = 180^\circ$

যথাক্রমে  $\angle A$

বা,  $2(180^\circ - \angle Q) + \angle D = 180^\circ$

ও  $\angle B$  এর

বা,  $180^\circ - \angle Q + \frac{1}{2}\angle D = 90^\circ$

সমদ্বিখন্ডক]

বা,  $180^\circ - 90^\circ + \frac{1}{2}\angle D = \angle Q$

$\therefore \angle Q = 90^\circ + \frac{1}{2}\angle D = 90^\circ + \frac{1}{2}\angle C$

(৬) AB চাপের উপর অবস্থিত বৃত্তস্থ

$\angle C =$  বৃত্তস্থ  $\angle D$

[৪ ও ৫ নং হতে]

$\therefore \angle P = \angle Q$


যেহেতু AB বৃত্তের চাপ এবং AB এর উপর

$\angle P$  ও  $\angle Q$  অবস্থিত।

$\therefore$  A, Q, P, B বিন্দু চারটি সমবৃত্ত। [প্রমাণিত]

প্রশ্ন ১৪ ১১ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের AB ও CD জ্যা দুইটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত কোন বিন্দুতে সমকোণে মিলিত হয়েছে। প্রমাণ কর যে,  $\angle AOD + \angle BOC =$  দুই সমকোণ।

সমাধান :



বিশেষ নির্বাচন : মনে করি, ACBD বৃত্তের O কেন্দ্র এবং AB ও CD জ্যা দুইটি বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে সমকোণে মিলিত হয়েছে। O, A; O, C; O, B এবং O, D যোগ করা হলো।

প্রমাণ করতে হবে যে,  $\angle AOD + \angle BOC =$  দুই সমকোণ।

অঙ্কন : B, D যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AD চাপের উপর অবস্থিত কেন্দ্রস্থ  $\angle AOD$  এবং

বৃত্তস্থ  $\angle ABD$

সুতরাং  $\angle AOD = 2\angle ABD$

[একই চাপের উপর

দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ

কোণের দ্বিগুণ]

(২) আবার, BC চাপের উপর অবস্থিত কেন্দ্রস্থ

$\angle BOC$  এবং বৃত্তস্থ  $\angle BDC$

$\therefore \angle BOC = 2\angle BDC$

[একই]

(৩)  $\therefore \angle AOD + \angle BOC = 2\angle ABD + 2\angle BDC$

$= 2(\angle ABD + \angle BDC)$

(৪) কিন্তু BED সমকোণী ত্রিভুজে,

$\angle BED =$  এক সমকোণ হওয়ায়,

$\angle EBD + \angle EDB =$  এক সমকোণ


বা,  $\angle ABD + \angle BDC =$  এক সমকোণ

অতএব,  $\angle AOD + \angle BOC$

$= 2 \times$  এক সমকোণ  $= 2$  সমকোণ [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ১১ সমান সমান ভূমির উপর অবস্থিত যেকোনো দুইটি ত্রিভুজের শিরঃকোণদ্বয় সম্পূরক হলে, প্রমাণ কর যে, তাদের পরিবৃত্তদ্বয় সমান হবে।

সমাধান : সাধারণ নির্বাচন : সমান সমান ভূমির ওপর অবস্থিত যেকোনো দুইটি ত্রিভুজের শিরঃকোণদ্বয় সম্পূরক হলে, প্রমাণ করতে হবে যে, তাদের পরিবৃত্তদ্বয় সমান হবে।



বিশেষ নির্বাচন : মনে করি,  $\triangle ABC$  ও  $\triangle DEF$  দুটির ভূমি  $BC = EF$ । শিরঃকোণদ্বয় যথাক্রমে  $\angle A$  ও  $\angle D$  এবং  $\angle A + \angle D = 2$  সমকোণ হলে, প্রমাণ করতে হবে যে, ত্রিভুজদ্বয়ের পরিবৃত্তদ্বয় সমান।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) P কেন্দ্রবিশিষ্ট বৃত্তে BHC চাপের উপর অবস্থিত

কেন্দ্রস্থ প্রবৃদ্ধি  $\angle BPC$  এবং বৃত্তস্থ  $\angle BAC$  বা

$\angle A$

$\therefore \angle BPC = 2\angle A$

[কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

(২) আবার, Q কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ERF চাপের উপর

অবস্থিত কেন্দ্রস্থ  $\angle EQF$  এবং বৃত্তস্থ  $\angle D$

$\therefore \angle EQF = 2\angle D$

[একই]

(৩) সুতরাং,  $\angle BPC + \angle EQF$

$= 2\angle A + 2\angle D$

$= 2(\angle A + \angle D)$

= 2 × 2 সমকোণ

= 4 সমকোণ।

কেন্দ্রে উৎপন্ন কোণের পরিমাপ 4 সমকোণ এবং

BC = EF হওয়ায় BC দ্বারা ছিন্ন উপচাপ = EF

দ্বারা ছিন্ন উপচাপ

অর্থাৎ, BAC উপচাপ = ERF উপচাপ এবং,


BHC অধিচাপ = EDF অধিচাপ।

(8) অতএব, BAC চাপ + BHC চাপ = ERF চাপ +  
EDF চাপ

বা, ΔABC এর পরিবৃত্ত = ΔDEF এর পরিবৃত্ত। [প্রমাণিত]

প্রশ্ন ১৬ ABCD চতুর্ভুজের বিপরীত কোণদ্বয় পরস্পর সম্পূরক। AC রেখা যদি  
∠BAD এর সমদ্বিখন্ডক হয়, তবে প্রমাণ কর যে, BC = CD.

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, ABCD চতুর্ভুজটির বিপরীত কোণদ্বয় পরস্পর  
সম্পূরক। AC রেখা, ∠BAD এর সমদ্বিখন্ডক। প্রমাণ করতে হবে যে, BC =  
CD.

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) ABCD চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়  
সম্পূরক হওয়ায় ABCD চতুর্ভুজটি বৃত্তস্থ।  
AC, ∠BAD এর সমদ্বিখন্ডক।

[চতুর্ভুজের দুই বিপরীত  
কোণ সম্পূরক হলে এর  
শীর্ষকিন্দু চারটি সমবৃত্ত]

সুতরাং ∠CAD = ∠CAB

(২) এখন, CD চাপের ওপর অবস্থিত  
বৃত্তস্থ ∠CAD এবং BC চাপের  
ওপর অবস্থিত বৃত্তস্থ ∠CAB

[বৃত্তস্থ কোণ সমান]

যেহেতু, ∠CAB = ∠CAD

সুতরাং চাপ BC = চাপ CD

অর্থাৎ, BC = CD. [প্রমাণিত]


## অনুশীলনী ৮.৪

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু P থেকে বৃত্তে  
দুইটি স্পর্শক টানা হলো। প্রমাণ কর যে, OP সরলরেখা স্পর্শ-জ্যা এর  
লম্বদ্বিখন্ডক।

সমাধান : সাধারণ নির্বচন : O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু  
P থেকে বৃত্তে দুইটি স্পর্শক টানা হলো।

প্রমাণ করতে হবে যে, OP সরলরেখা স্পর্শ-জ্যা এর লম্বদ্বিখন্ডক।



বিশেষ নির্বচন : মনে করি, ABC বৃত্তের O কেন্দ্র এবং P বহিঃস্থ বিন্দু। P থেকে AP  
এবং BP দুইটি স্পর্শক টানা হলো। A ও B এবং O ও P যোগ করা হলো। প্রমাণ করতে  
হবে যে, OP, AB স্পর্শ-জ্যা এর লম্বদ্বিখন্ডক।

অঙ্কন : O, A এবং O, B যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) OA এবং OB স্পর্শ কিন্দুগামী ব্যাসার্ধ  
হওয়ায়, ∠PAO = ∠PBO

[এক সমকোণ]

(২) APO ও BPO সমকোণী ত্রিভুজ

দুইটির মধ্যে AP = BP

এবং AO = BO

OP সাধারণ বাহু

অতএব, ত্রিভুজদ্বয় সর্বসম।

∴ ∠AOP = ∠BOP

(৩) এখন, ΔAOE ও ΔBOE এর মধ্যে

AO = BO

OE সাধারণ বাহু

এবং অন্তর্ভুক্ত ∠AOE = অন্তর্ভুক্ত

∠BOE

∴ ত্রিভুজদ্বয় সর্বসম।

(৪) অতএব, AE = BE

এবং ∠AEO = ∠BEO

(৫) কিন্তু কোণ দুটি সন্নিহিত বলে প্রতিটি

এক সমকোণ।

∴ OE, AB এর উপর লম্ব।

OE এবং OP একই সরলরেখা হওয়ায় OP,


AB এর লম্ব-দ্বিখন্ডক। [প্রমাণিত]

[∴ বহিঃস্থ বিন্দু হতে  
অঙ্কিত স্পর্শকদ্বয় সমান]  
[একই বৃত্তের ব্যাসার্ধ  
বলে]

[একই বৃত্তের ব্যাসার্ধ  
বলে]

প্রশ্ন ১২ ৥ দেওয়া আছে, O বৃত্তের কেন্দ্র এবং PA ও PB স্পর্শকদ্বয় বৃত্তকে যথাক্রমে A ও B বিন্দুতে স্পর্শ করেছে। প্রমাণ কর যে, PO,  $\angle APB$  কে সমদ্বিখন্ডিত করে।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ P বিন্দু থেকে অঙ্কিত PA ও PB স্পর্শকদ্বয় বৃত্তকে যথাক্রমে A ও B বিন্দুতে স্পর্শ করেছে। P, O যোগ করা হলো।

প্রমাণ করতে হবে যে, PO,  $\angle APB$  কে সমদ্বিখন্ডিত করে।

অর্থাৎ,  $\angle APO = \angle BPO$

অঙ্কন : O, A এবং O, B যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $\triangle APO$  ও  $\triangle BPO$  এর মধ্যে

$$AP = BP$$

[বহিঃস্থ বিন্দু থেকে অঙ্কিত স্পর্শকদ্বয় সমান]

$$OA = OB$$

[একই বৃত্তের ব্যাসার্ধ বলে]

$$\text{এবং } OP = OP$$

[বাহু সাধারণ]

$$\text{অতএব, } \triangle APO \cong \triangle BPO$$


[বাহু-বাহু-বাহু উপপাদ্য]

$$\therefore \angle APO = \angle BPO$$

অর্থাৎ, PO,  $\angle APB$  কে সমদ্বিখন্ডিত করে। [প্রমাণিত]

প্রশ্ন ১৩ ৥ প্রমাণ কর যে, দুইটি বৃত্ত এককেন্দ্রিক হলে এবং বৃহত্তর বৃত্তটির কোনো জ্যা ক্ষুদ্রতর বৃত্তটিকে স্পর্শ করলে উক্ত জ্যা স্পর্শবিন্দুতে সমদ্বিখন্ডিত হয়।

সমাধান : সাধারণ নির্বচন : দুইটি বৃত্ত এককেন্দ্রিক হলে এবং বৃহত্তর বৃত্তটির কোনো জ্যা ক্ষুদ্রতর বৃত্তটিকে স্পর্শ করলে উক্ত জ্যা স্পর্শবিন্দুতে সমদ্বিখন্ডিত হয়।



বিশেষ নির্বচন : মনে করি, ABC ও DEF বৃত্তের কেন্দ্র O। AB বৃহত্তর বৃত্তের জ্যা। AB জ্যা ক্ষুদ্রতর বৃত্তটিকে D বিন্দুতে স্পর্শ করেছে। প্রমাণ করতে হবে যে, D, AB এর মধ্যবিন্দু।

অঙ্কন : O, A; O, B এবং O, D যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB, DEF বৃত্তের D বিন্দুতে স্পর্শক এবং OD স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ।

[অঙ্কনানুসারে]

$$\therefore \angle ODB = \text{এক সমকোণ}$$

$$\angle ADO \text{ সন্নিহিত হওয়ায় } \angle ADO =$$

এক সমকোণ।

অতএব, OD, AB এর ওপর লম্ব।

(২) এখন, ABC বৃত্তের O কেন্দ্র, OD, AB

জ্যা-এর ওপর লম্ব।

সুতরাং, OD, AB কে সমদ্বিখন্ডিত করে।

অর্থাৎ, D, AB এর মধ্যবিন্দু।

[প্রমাণিত]


[বৃত্তের কেন্দ্র হতে কোনো জ্যায়ের ওপর

অঙ্কিত লম্ব জ্যাকে

সমদ্বিখন্ডিত করে।

প্রশ্ন ১৪ ৥ AB কোনো বৃত্তের ব্যাস এবং BC ব্যাসার্ধের সমান একটি জ্যা। যদি A ও C বিন্দুতে অঙ্কিত স্পর্শকদ্বয় পরস্পর D বিন্দুতে মিলিত হয়, তবে প্রমাণ কর যে, ACD একটি সমবাহু ত্রিভুজ।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাস AB এবং BC ব্যাসার্ধ OB অথবা OA এর সমান। A ও C বিন্দুতে অঙ্কিত স্পর্শকদ্বয় পরস্পর D বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, ACD একটি সমবাহু ত্রিভুজ।

অঙ্কন : C, O এবং A, C যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB ব্যাস হওয়ায়,

$$\angle ACB \text{ অর্ধবৃত্তস্থ কোণ।}$$

$$\text{সুতরাং } \angle ACB = 90^\circ$$

[অর্ধবৃত্তস্থ কোণ একসমকোণ]

(২) আবার,  $\triangle BCO$  এ,

$$BO = BC = CO$$

$$\therefore \triangle BCO \text{ একটি সমবাহু ত্রিভুজ,}$$

$$\text{এবং } \angle BCO = 60^\circ$$

[ব্যাসার্ধের সমান

বলে]

(৩) তাহলে,  $\angle ACO = 90^\circ - 60^\circ = 30^\circ$

[ $\therefore$  একই বৃত্তের

ব্যাসার্ধ]

(৪) এখন  $AO = CO$

$$\therefore \angle CAO = \angle ACO = 30^\circ$$

(৫) AD স্পর্শক এবং OA স্পর্শবিন্দুগামী

$$\text{ব্যাসার্ধ হওয়ায়, } \angle DAO = 90^\circ$$

$$\text{সুতরাং, } \angle DAC = \angle DAO - \angle CAO$$

$$= 90^\circ - 30^\circ = 60^\circ$$

$$\text{একই কারণে, } \angle DCO = 90^\circ$$

$$\text{অতএব, } \angle ACD = \angle DCO - \angle ACO$$

$$= 90^\circ - 30^\circ = 60^\circ$$


(৬) সুতরাং,  $\triangle ACD$  এ,  $\angle DAC = \angle ACD$

$$= 60^\circ \text{ হলে } \angle ADC = 60^\circ \text{ হবে।}$$

অতএব,  $\triangle ACD$  সমবাহু। [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ৥ প্রমাণ কর যে, কোনো বৃত্তের পরিলিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত বাহু কেন্দ্রে যে দুইটি কোণ ধারণ করে, তারা পরস্পর সম্পূরক।

সমাধান : সাধারণ নির্বচন : কোনো বৃত্তের পরিলিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত বাহু কেন্দ্রে যে দুইটি কোণ ধারণ করে তারা পরস্পর সম্পূরক।



বিশেষ নির্কন : মনে করি, ABCD চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে পরিলিখিত।  
চতুর্ভুজের AB ও CD বিপরীত বাহু দুইটি কেন্দ্রে  $\angle AOB$  ও  $\angle COD$  উৎপন্ন  
করেছে। প্রমাণ করতে হবে যে,  $\angle AOB + \angle COD = 2$  সমকোণ।

অঙ্কন : O, S; O, Q; O, R এবং O, P যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১)  $\triangle AOP$  ও  $\triangle AOQ$  এর মধ্যে,

$$AP = AQ$$

$$OP = OQ$$

[একই বৃত্তের ব্যাসার্ধ]

এবং OA সাধারণ বাহু

$$\therefore \triangle AOP \cong \triangle AOQ$$

[বাহু-বাহু-বাহু উপপাদ্য]

$$\therefore \angle AOP = \angle AOQ \quad \dots\dots\dots (i)$$

(২) এরূপভাবে প্রমাণ করা যায় যে,

$$\angle POB = \angle ROB \quad \dots\dots\dots (ii)$$

$$\angle COR = \angle COS \quad \dots\dots\dots (iii)$$

$$\text{এবং } \angle DOQ = \angle DOS \quad \dots\dots\dots (iv)$$

(৩) এখন,  $\angle AOB + \angle BOC + \angle COD + \angle AOD = 4$  সমকোণ

$$\text{বা, } \angle AOB + \angle BOR + \angle COR + \angle COD + \angle AOQ + \angle DOQ = 4 \text{ সমকোণ}$$

$$\text{বা, } \angle AOB + \angle POB + \angle COS + \angle COD + \angle AOP + \angle DOS = 4 \text{ সমকোণ}$$

$$\text{বা, } \angle AOB + (\angle POB + \angle AOP) + (\angle COS + \angle DOS) + \angle COD = 4 \text{ সমকোণ}$$

$$\text{বা, } \angle AOB + \angle COD + \angle AOB + \angle COD = 4 \text{ সমকোণ}$$

$$\text{বা, } 2(\angle AOB + \angle COD) = 4 \text{ সমকোণ}$$

$$\text{বা, } \angle AOB + \angle COD = 2 \text{ সমকোণ}$$

$$\therefore \text{কোণদ্বয় পরস্পর সম্পূরক।} \quad [\text{প্রমাণিত}]$$

## অনুশীলনী ৮.৫

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. নিচের তথ্যগুলো লব কর :


i. বৃত্তে স্পর্শক স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের ওপর লম্ব

ii. অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ

iii. বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii      খ. i ও iii      গ. ii ও iii      ● i, ii ও iii



ওপরের চিত্র অনুযায়ী ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :

২.  $\angle BOD$  এর পরিমাণ হবে—

ক.  $\frac{1}{2}\angle BAC$

খ.  $\frac{1}{2}\angle BAD$

গ.  $2\angle BAC$

●  $2\angle BAD$

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের একই চাপের ওপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।  $\therefore \angle BOD = 2\angle BAC$

৩. বৃত্তটি ABC ত্রিভুজের—

ক. অন্তবৃত্ত

● পরিবৃত্ত

গ. বহিঃবৃত্ত

ঘ. উপবৃত্ত

৪. কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ—

● সূক্ষ্মকোণ


খ. সমকোণ

গ. স্থূল কোণ

ঘ. পূরককোণ

প্রশ্ন II ৫ II কোনো বৃত্তে এমন একটি স্পর্শক আঁক যেন তা নির্দিষ্ট সরলরেখার সমান্তরাল হয়।

সমাধান :



মনে করি, O কেন্দ্রবিশিষ্ট MNP একটি বৃত্ত এবং AB একটি নির্দিষ্ট সরলরেখা। এ বৃত্তে এমন একটি স্পর্শক আঁকতে হবে যেন তা AB এর সমান্তরাল হয়।

অঙ্কন :

- (১) O হতে AB এর ওপর OD লম্ব আঁকি। OD লম্ব বৃত্তের পরিধিকে P বিন্দুতে ছেদ করে।
- (২) এখন P বিন্দুতে PQ স্পর্শক আঁকি।
- (৩) QP কে S পর্যন্ত বর্ধিত করি। তাহলে SQ-ই উদ্দিষ্ট স্পর্শক।

প্রমাণ :

অঙ্কনানুসারে OD, AB এর ওপর লম্ব।

$\therefore \angle D =$  এক সমকোণ।

আবার, PQ, OP এর P বিন্দুতে স্পর্শক হওয়ায়,

$\angle OPQ =$  এক সমকোণ।

অতএব,  $\angle D = \angle OPQ$

কিন্তু কোণ দুইটি অনুরূপ এবং OPD একই সরলরেখা।


সুতরাং  $PQ \parallel AB$

অর্থাৎ  $SQ \parallel AB$

$\therefore SQ$  নির্ণেয় স্পর্শক। [প্রমাণিত]

প্রশ্ন II ৬ II কোনো বৃত্তে এমন একটি স্পর্শক আঁক যেন তা নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব হয়।

সমাধান :



বিশেষ নির্বচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট PQR একটি বৃত্ত এবং AB একটি নির্দিষ্ট সরলরেখা। এ বৃত্তে এমন স্পর্শক আঁকতে হবে যেন তা AB এর ওপর লম্ব হয়।

অঙ্কন :

- (১) AB এর উপর E একটি বিন্দু নিই। O, E যোগ করি।
- (২) O বিন্দু দিয়ে AB এর সমান্তরাল POR টানি। POR বৃত্তের পরিধিকে R বিন্দুতে ছেদ করে।
- (৩) এখন, R বিন্দুতে CD স্পর্শক আঁকি। তাহলে CD-ই উদ্দিষ্ট স্পর্শক।

প্রমাণ : অঙ্কনানুসারে,  $PR \parallel AB$

$\therefore \angle PRC = \angle RCB$  [ একান্তর কোণ বলে ]

কিন্তু, CR স্পর্শক হওয়ায়,  $\angle PRC =$  এক সমকোণ


সুতরাং,  $\angle RCB =$  এক সমকোণ।

$\therefore$  RC, AB এর ওপর লম্ব।

অতএব, RC বা CD-ই উদ্দিষ্ট স্পর্শক। [প্রমাণিত]

প্রশ্ন ৯ ১ কোনো বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁক যেন তাদের অন্তর্ভুক্ত কোণ  $60^\circ$  হয়।

সমাধান :



মনে করি, O কেন্দ্রবিশিষ্ট PQR একটি বৃত্ত। এ বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁকতে হবে যেন এদের অন্তর্ভুক্ত কোণ  $60^\circ$  হয়।

অঙ্কন :

(১) পরিধির ওপর P একটি বিন্দু। O, P যোগ করি এবং বর্ধিত করি।

(২) OP এর উভয় পার্শ্বে  $60^\circ$  দুটি কোণ আঁকি। মনে করি কোণের বাহু দুইটি বৃত্তকে A ও B বিন্দুতে ছেদ করে। A বিন্দুতে একটি লম্ব আঁকি। লম্বটি OP এর বর্ধিতাংশকে C বিন্দুতে ছেদ করে।

(৩) C, B যোগ করি। তাহলে AC ও BC-ই উদ্দিষ্ট স্পর্শক।

প্রমাণ : অঙ্কনানুসারে,  $\angle AOC = 60^\circ$

$$\angle OAC = 90^\circ$$

সুতরাং,  $\triangle AOC$  এ,  $\angle ACO = 30^\circ$

একই কারণে  $\triangle OBC$  সমকোণী ত্রিভুজে,  $\angle BCO = 30^\circ$


অতএব,  $\angle ACB = \angle ACO + \angle BCO$

$$= 30^\circ + 30^\circ = 60^\circ$$

সুতরাং, AC ও BC স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ  $60^\circ$ । [প্রমাণিত]

প্রশ্ন ১৮ ১ ৩ সে.মি., ৪ সে.মি., ৫ সে.মি. বাহুবিশিষ্ট একটি ত্রিভুজের পরিবৃত্ত আঁক এবং এই বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় কর।

সমাধান :



মনে করি, ABC ত্রিভুজের  $BC = 4.5$  সে.মি.,  $AC = 3$  সে.মি. এবং  $AB = 4$  সে.মি.। ABC ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন করতে হবে।

অঙ্কন :

(১) AB ও AC বাহুর লম্বদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে। A, O ; B, O এবং C, O যোগ করি।

(২) O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে বৃত্ত আঁকি। তাহলে, এই বৃত্তই নির্ণেয় বৃত্ত।

প্রমাণ : O বিন্দুটি AB এর লম্বদ্বিখণ্ডকের ওপর অবস্থিত।

$$\therefore OA = OB$$

একইভাবে,  $OA = OC$

$$\therefore OA = OB = OC$$

সুতরাং O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্তটি A, B ও C বিন্দু দিয়ে যাবে। অতএব, এই বৃত্তটিই  $\triangle ABC$  এর পরিবৃত্ত।

ব্যাসার্ধ নির্ণয় : A হতে BC এর ওপর AD লম্ব আঁকি। AD, BC কে D বিন্দুতে ছেদ করে।

$\Delta ABC$  এর পরিসীমা,

$$2S = AB + BC + CA = 4 + 4.5 + 3 = 11.5 \text{ সে.মি.}$$

$$\therefore S = \frac{11.5}{2} \text{ সে.মি.} = 5.75 \text{ সে.মি.}$$

$\therefore \Delta ABC$  এর ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \sqrt{S(S-a)(S-b)(S-c)} \\ &= \sqrt{5.75(5.75-4.5)(5.75-3)(5.75-4)} \\ &= \sqrt{5.75 \times 1.25 \times 2.75 \times 1.75} \\ &= 5.88 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

আবার,  $\Delta ABC$  এর ক্ষেত্রফল  $= \frac{1}{2} \times BC \times AD$

$$\therefore \frac{1}{2} \times 4.5 \times AD = 5.88$$

$$\therefore AD = 2.61 \text{ সে.মি.}$$

কিন্তু, কোনো ত্রিভুজের যেকোনো দুই বাহুর অন্তর্গত আয়তক্ষেত্র, তার পরিবৃত্তের ব্যাস ঐ বাহুদ্বয়ের সাধারণ শীর্ষ হতে ভূমির ওপর অঙ্কিত লম্বের অন্তর্গত আয়তক্ষেত্রের সমান (ব্রহ্মগুপ্তের উপপাদ্য)।

$$\therefore AB \times AC = 2R \times AD \text{ [ধরি, ব্যাসার্ধ } OA = R \text{ সে.মি.]}$$


$$[\because \text{ ব্যাস} = 2R \text{ সে.মি.}]$$

$$\text{বা, } 4 \times 3 = 2R \times 2.61 \therefore R = 2.3$$

অতএব, বৃত্তের ব্যাসার্ধ 2.3 সে.মি.।

**প্রশ্ন ৯ ১ ৫ সে.মি.** বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ ABC এর AC বাহুকে স্পর্শ করিয়ে একটি বহিবৃত্ত আঁক।

**সমাধান :** সাধারণ নির্বচন : 5 সে.মি. বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ ABC-এর AC বাহুকে স্পর্শ করিয়ে একটি বহিবৃত্ত আঁকতে হবে।



মনে করি ABC একটি সমবাহু ত্রিভুজ এবং প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 সে.মি.। এর AC বাহুকে স্পর্শ করে একটি বহিবৃত্ত আঁকতে হবে।

**অঙ্কন :**

- (১) BC ও BA বাহুকে যথাক্রমে D ও F পর্যন্ত বর্ধিত করি।
- (২)  $\angle DCA$  এবং  $\angle FAC$  এর সমদ্বিখন্ডক যথাক্রমে CM ও AN রেখা আঁকি। তারা E বিন্দুতে ছেদ করে।
- (৩) E থেকে AC এর ওপর EH লম্ব আঁকি। EH, AC কে H বিন্দুতে ছেদ করে।
- (৪) E-কে কেন্দ্র করে EH ব্যাসার্ধ নিয়ে বৃত্ত আঁকি।

তাহলে, এই বৃত্তই নির্ণেয় বৃত্ত হবে।

**প্রমাণ :** E হতে BD ও BF এর ওপর যথাক্রমে EG ও EL লম্ব টানি। মনে করি, লম্বদ্বয় রেখাংশদ্বয়কে যথাক্রমে G ও L বিন্দুতে ছেদ করে।

E বিন্দুটি  $\angle DAC$ -এর সমদ্বিখন্ডকের ওপর অবস্থিত।

$$\therefore EH = EG$$

একইভাবে,  $EH = EL$

সুতরাং E কে কেন্দ্র করে EH-এর সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্ত H, G এবং L বিন্দু দিয়ে যাবে।


আবার, EH, EG ও EL এর প্রান্তবিন্দুতে যথাক্রমে CA, CD এবং AF রেখাংশ তিনটি লম্ব।

সুতরাং বৃত্তটি রেখাংশ তিনটিকে যথাক্রমে H, G ও L বিন্দু তিনটিতে স্পর্শ করে।

অতএব, HGL বৃত্তটিই নির্ণেয় বহিবৃত্ত।

**প্রশ্ন ১০ ১** একটি বর্গের অন্তর্বৃত্ত ও পরিবৃত্ত আঁক।

সমাধান : সাধারণ নির্বচন : একটি বর্গের অন্তর্বৃত্ত ও পরিবৃত্ত আঁকতে হবে।



মনে করি, ABCD একটি বর্গ। ABCD বর্গের অন্তর্বৃত্ত ও পরিবৃত্ত আঁকতে হবে।

অঙ্কন :

- (১) A, C এবং B, D যোগ করি। AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
- (২) O হতে AB এর ওপর OE লম্ব টানি।
- (৩) O কে কেন্দ্র করে OE এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি AB, BC, CD ও DA বাহুকে যথাক্রমে E, F, G ও H বিন্দুতে স্পর্শ করে। তাহলে EFGH-ই নির্ণেয় অন্তর্বৃত্ত।

আবার O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

এই বৃত্ত ABCD বর্গের নির্ণেয় পরিবৃত্ত।

প্রমাণ : বর্গের কর্ণ কোণগুলোকে সমদ্বিখণ্ডিত করে।

সুতরাং O বিন্দু হতে AB, BC, CD, DA বাহুর দূরত্ব সমান। সুতরাং O কে কেন্দ্র করে OE ব্যাসার্ধ নিয়ে বৃত্ত আঁকলে বৃত্তটি AB, BC, CD, DA বাহু স্পর্শ করবে।

অতএব, EFGH-ই নির্ণেয় অন্তর্বৃত্ত।

আবার, বর্গের কর্ণদ্বয় সমান এবং তারা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।


সুতরাং, OA = OB = OC = OD

সুতরাং, O কে কেন্দ্র করে OA ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্ত A, B, C, D বিন্দু দিয়ে যায়।

অতএব, ABCD-ই নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ১১ ॥ প্রমাণ কর যে, সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়কে ব্যাস ধরে দুইটি বৃত্ত অঙ্কন করলে, তারা ভূমির মধ্যবিন্দুকে পরস্পর ছেদ করে।

সমাধান :



মনে করি, ABC সমদ্বিবাহু ত্রিভুজের AB = AC এবং BC ভূমি। AB ও AC কে ব্যাস ধরে দুটি বৃত্ত অঙ্কন করলে বৃত্ত দুইটি BC কে D বিন্দুতে ছেদ করে।

প্রমাণ করতে হবে যে, D, BC এর মধ্যবিন্দু।

অঙ্কন : A, D যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

- (১) AB ও AC বৃত্তের ব্যাস হওয়ায়,  
 $\angle ADB = \angle ADC =$  এক সমকোণ [কারণ অর্ধবৃত্তস্থ কোণ সমকোণ]

- (২) ADC ও ADB সমকোণী ত্রিভুজ দুটির মধ্যে

অতিভূজ AC = অতিভূজ AB ;

AD = AD

[সাধারণ বাহু]

$\therefore \triangle ADC \cong \triangle ABD$


[অতিভূজ-বাহু সর্বসমতা উপপাদ্য]

$$\therefore CD = BD$$

অর্থাৎ D, BC এর মধ্যবিন্দু। [প্রমাণিত]

প্রশ্ন ১২ ৥ প্রমাণ কর যে, সমকোণী ত্রিভুজের অতিভুজের মধ্যবিন্দু ও বিপরীত শীর্ষের সংযোজক রেখাংশ অতিভুজের অর্ধেক।

সমাধান :



মনে করি,  $\triangle ABC$  সমকোণী ত্রিভুজ। এর  $\angle B =$  এক সমকোণ এবং AC অতিভুজ।

এখানে O, AC অতিভুজের মধ্যবিন্দু ও BO বিপরীত শীর্ষের সংযোজক রেখাংশ।

প্রমাণ করতে হবে যে,  $BO = \frac{1}{2} AC$

অঙ্কন : O কে কেন্দ্র করে OA অথবা OC এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) যেহেতু AC বৃত্তের ব্যাস এবং  $\angle ABC =$  এক সমকোণ।

সুতরাং, A, B, C শীর্ষবিন্দু তিনটি বৃত্তস্থ হবে।

অর্থাৎ A, B, C বৃত্তের পরিধির ওপর তিনটি বিন্দু।

(২) O বৃত্তের কেন্দ্র হওয়ায়  $OB = OC = OA$  [একই বৃত্তের

এখন,  $AO + OC = AC$

ব্যাসার্ধ বলে]


বা,  $OB + OB = AC$

বা,  $2OB = AC$

$\therefore OB = \frac{1}{2} AC$ . [প্রমাণিত]

প্রশ্ন ১৩ ৥ ABC একটি ত্রিভুজ। AB কে ব্যাস নিয়ে অঙ্কিত বৃত্ত যদি BC বাহুকে D বিন্দুতে ছেদ করে, তবে প্রমাণ কর যে, AC বাহুকে ব্যাস নিয়ে অঙ্কিত বৃত্তও D বিন্দু দিয়ে যাবে।

সমাধান :



মনে করি, ABC একটি ত্রিভুজ। AB কে ব্যাস নিয়ে বৃত্ত অঙ্কন করলে উহা BC কে D বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে, AC বাহুকে ব্যাস নিয়ে অঙ্কিত বৃত্ত D বিন্দু দিয়ে যাবে।

অঙ্কন : A, D যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB ব্যাস হওয়ায়,  $\angle ADB = 1$  সমকোণ

[অর্ধবৃত্তস্থ কোণ

এক সমকোণ]

(২) B, D, C সমরেখ হওয়ায়,

$\angle ADB + \angle ADC =$  এক সরলকোণ

বা, 1 সমকোণ +  $\angle ADC = 2$  সমকোণ

বা,  $\angle ADC = 2$  সমকোণ - 1 সমকোণ

$= 1$  সমকোণ

(৩) এখন, A, D, C বিন্দু তিনটি বৃত্তস্থ। O বৃত্তের কেন্দ্র হওয়ায়,

$$\angle AOC = 2 \angle ADC$$

বা,  $\angle AOC = 2 \times 1$  সমকোণ

বা,  $\angle AOC = 2$  সমকোণ


বা,  $\angle AOC = 1$  সরলকোণ

অতএব, A, O, C সমরেখ এবং AC বৃত্তের ব্যাস।

$\therefore$  AC বাহুকে ব্যাস নিয়ে অঙ্কিত বৃত্ত D বিন্দু দিয়ে যাবে। [প্রমাণিত]

প্রশ্ন ১৪ ॥ AB ও CD একই বৃত্তে দুইটি সমান্তরাল জ্যা। প্রমাণ কর যে, চাপ AC = চাপ BD.

সমাধান :



মনে করি, ABDC বৃত্তের O কেন্দ্র এবং AB ও CD দুইটি সমান্তরাল জ্যা।

প্রমাণ করতে হবে যে, চাপ AC = চাপ BD.

অঙ্কন : B, C যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB ॥ CD এবং BC ছেদক,

$$\angle ABC = \angle BCD$$

[একান্তর কোণ বলে]

(২) এখন, AC চাপের ওপর অবস্থিত বৃত্তস্থ  $\angle ABC$  এবং BD চাপের ওপর অবস্থিত বৃত্তস্থ  $\angle BCD$  বৃত্তস্থ কোণ


দুইটি সমান হওয়ায় চাপ দুইটিও সমান।

অতএব, চাপ AC = চাপ BD. [প্রমাণিত]

প্রশ্ন ১৫ ॥ O কেন্দ্রবিশিষ্ট কোনো বৃত্তের AB ও CD জ্যা দুইটি বৃত্তের অভ্যন্তরস্থ E বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,  $\angle AEC =$

$$\frac{1}{2} (\angle BOD + \angle AOC)$$

সমাধান :



মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ACBD বৃত্তের AB ও CD জ্যা দুইটি বৃত্তের অভ্যন্তরস্থ E বিন্দুতে ছেদ করেছে। O, A; O, C; O, B এবং O, D যোগ করা হলো।

প্রমাণ করতে হবে যে,  $\angle AEC = \frac{1}{2} (\angle BOD + \angle AOC)$ .

অঙ্কন : A, D যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AC চাপের ওপর কেন্দ্রস্থ  $\angle AOC$

এবং বৃত্তস্থ  $\angle ADC$

$$\text{সুতরাং } \angle AOC = 2 \angle ADC \dots\dots (i)$$

[বৃত্তের একই চাপের

(২) আবার, BD চাপের ওপর অবস্থিত ওপর দন্ডায়মান কেন্দ্রস্থ  
কেন্দ্রস্থ  $\angle BOD$  এবং বৃত্তস্থ কোণ বৃত্তস্থ কোণের  
 $\angle BAD$  [দ্বিগুণ]

[একই]

$$\therefore \angle BOD = 2\angle BAD \dots\dots (ii)$$

(৩) সমীকরণ (i) এবং (ii) যোগ করে পাই,  
অতএব,  $2\angle ADC + 2\angle BAD =$   
 $\angle AOC + \angle BOD$

$$\text{বা, } 2(\angle ADC + \angle BAD) =$$

$$(\angle BOD + \angle AOC)$$

$$\text{বা, } \angle ADC + \angle BAD =$$


$$\frac{1}{2}(\angle BOD + \angle AOC)$$

(৪) কিন্তু  $\triangle AED$  এ বহিঃস্থ  $\angle AEC =$   
 $\angle ADE + \angle DAE = \angle ADC +$  [ত্রিভুজের কোনো বহিঃস্থ  
 $\angle BAD$  কোণ এর অন্তঃস্থ  
বিপরীত কোণদ্বয়ের  
সমষ্টির সমান]

$$\text{অতএব, } \angle AEC = \frac{1}{2}(\angle BOD + \angle AOC). \quad \text{[প্রমাণিত]}$$

প্রশ্ন ১৬ ॥ দুইটি সমান ব্যাসবিশিষ্ট বৃত্তের সাধারণ জ্যা AB। B কেন্দ্র দিয়ে অঙ্কিত কোনো সরলরেখা যদি বৃত্ত দুইটির সাথে P ও Q কেন্দ্র দুতে  
মিলিত হয়, তবে প্রমাণ কর যে,  $\triangle PAQ$  সমদ্বিবাহু।

সমাধান :



মনে করি, দুইটি সমান ব্যাসবিশিষ্ট বৃত্তের সাধারণ জ্যা AB। বৃত্ত দুইটির কেন্দ্র M ও N।

B কেন্দ্র দিয়ে অঙ্কিত সরলরেখা বৃত্ত দুইটিকে P ও Q কেন্দ্র দুতে ছেদ করেছে। A, P এবং A, Q যোগ করা হলো। প্রমাণ করতে হবে যে,  $\triangle PAQ$   
সমদ্বিবাহু।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) AB উভয় বৃত্তের সাধারণ  
জ্যা। সুতরাং AB চাপের  
উপর M কেন্দ্রবিশিষ্ট বৃত্তের  
বৃত্তস্থ  $\angle APB$ .

(২) আবার, N কেন্দ্রবিশিষ্ট  
বৃত্তের বৃত্তস্থ  $\angle AQB$

$\therefore \angle APB = \angle AQB$  [সমান বা একই চাপ একই বৃত্তে  
বা সমান সমান ব্যাসবিশিষ্ট বৃত্তে  
সমান সমান বৃত্তস্থ কোণ উৎপন্ন  
করে]

$$\text{বা, } \angle APQ = \angle AQP$$

$$\therefore AP = AQ \quad \text{[ত্রিভুজের সমান সমান কোণের]}$$

বিপরীত বাহুদয় সমান।

এখন  $\triangle APQ$  এ,

$AP = AQ$  হওয়ায়,  $\triangle APQ$  সমদ্বিবাহু। [প্রমাণিত]


প্রশ্ন ১৭ ৯ O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে জ্যা  $AB = x$  সে.মি.,  $OD \perp AB$

পাশের চিত্র অনুযায়ী নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

ক. বৃত্তটির বেষত্রফল নির্ণয় কর।

খ. দেখাও যে, D, AB এর মধ্যবিন্দু।

গ.  $OD = \left(\frac{x}{2} - 2\right)$  সে.মি. হলে x এর মান নির্ণয় কর।



সমাধান : দেওয়া আছে, O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে

জ্যা  $AB = x$  সে.মি. এবং  $OD \perp AB$


(ক) বৃত্তের ব্যাসার্ধ,  $r = OB = 10$ cm

$$\begin{aligned}\therefore \text{বৃত্তের বেষত্রফল} &= \pi r^2 = 3.1416 \times (10)^2 \\ &= 3.1416 \times 100 = 314.16\end{aligned}$$

নির্ণেয় বেষত্রফল 314.16 বর্গ সে.মি.

(খ) বিশেষ নির্বচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে AB এমন একটি জ্যা  $OD \perp AB$  দেখাতে হবে যে, D, AB এর মধ্যবিন্দু।

অঙ্কন : O, A যোগ করি।



প্রমাণ :

ধাপসমূহ :

(১)  $\angle ODA = \angle ODB =$  একসমকোণ  $[\because OD \perp AB]$

অতএব,  $\triangle ODA$  ও  $\triangle ODB$  উভয়ই সমকোণী ত্রিভুজ।

(২)  $\triangle ODA$  ও  $\triangle ODB$  সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে

অতিভুজ  $OA =$  অতিভুজ  $OB$  [একই বৃত্তের ব্যাসার্ধ]

এবং  $OD = OD$  [সাধারণ বাহু]

$\therefore \triangle ODA \cong \triangle ODB$  [সমকোণী ত্রিভুজের অতিভুজ-বাহু সর্বসমতা উপপাদ্য]

অতএব,  $AD = BD$

অর্থাৎ D, AB এর মধ্যবিন্দু। [দেখানো হলো]

(গ)  $\triangle ODB$  এ,  $OB = 10$ cm,  $DB = \frac{x}{2}$  এবং  $OD = \frac{x}{2} - 2$

এখন, সমকোণী  $\triangle ODB$ -এ

$$DB^2 + OD^2 = OB^2$$

$$\text{বা, } \left(\frac{x}{2}\right)^2 + \left(\frac{x}{2} - 2\right)^2 = (10)^2$$

$$\text{বা, } \frac{x^2}{4} + \left(\frac{x}{2}\right)^2 - 2 \times \frac{x}{2} \times 2 + (2)^2 = 100$$

$$\text{বা, } \frac{x^2}{4} + \frac{x^2}{4} - 2x + 4 = 100$$

$$\text{বা, } \frac{2x^2}{4} - 2x + 4 = 100$$

$$\text{বা, } \frac{x^2}{2} - 2x + 4 = 100$$

$$\text{বা, } x^2 - 4x + 8 = 200 \text{ [উভয় পর্বকে 2 দ্বারা গুণ করে]}$$

$$\text{বা, } x^2 - 4x + 8 - 200 = 0$$

$$\text{বা, } x^2 - 4x - 192 = 0$$

$$\text{বা, } x^2 - 16x + 12x - 192 = 0$$

$$\text{বা, } x(x - 16) + 12(x - 16) = 0$$

$$\text{বা, } (x - 16)(x + 12) = 0$$

$$\text{হয় } x - 16 = 0 \text{ অথবা, } x + 12 = 0$$

$$\text{বা, } x = 16 \text{ বা, } x = -12 \text{ [ইহা গ্রহণযোগ্য নয়]}$$

নির্ণেয় বৃত্তের জ্যা এর দৈর্ঘ্য  $x = 16$  সে.মি.

প্রশ্ন ১৮ ৥ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সে.মি., ৫ সে.মি. ও ৬ সে.মি.।

ওপরের তথ্য অনুযায়ী নিম্নের প্রশ্নগুলোর উত্তর দাও :

ক. ত্রিভুজটি অঙ্কন কর।


খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর।

গ. ত্রিভুজের পরিবৃত্তের বাহিরে যেকোনো একটি নির্দিষ্ট বিন্দু থেকে বৃত্তের দুইটি স্পর্শক অঙ্কন করে দেখাও যে স্পর্শকদ্বয়ের দূরত্ব সমান হয়।

সমাধান :

(ক)

a 6 সে.মি.  
b 5 সে.মি.  
c 4 সে.মি.



ত্রিভুজের তিনটি বাহু  $a = 6$  সে.মি.,  $b = 5$  সে.মি. এবং  $c = 4$  সে.মি. দেওয়া আছে, ত্রিভুজটি আঁকতে হবে।

অঙ্কন :


(১) যেকোনো রেখাংশ BD নেই।

(২) BD রেখাংশ থেকে  $a$  এর সমান করে BC অংশ কেটে নেই।

(৩) এখন B কে কেন্দ্র করে  $c$  এর সমান ব্যাসার্ধ নিয়ে BC রেখার একপাশে একটি বৃত্তচাপ আঁকি। আবার, C কে কেন্দ্র করে  $b$  এর সমান ব্যাসার্ধ নিয়ে BC রেখার যে পাশে আগের বৃত্তচাপটি আঁকা হয়েছে সে পাশে বৃত্তচাপটি আঁকি। বৃত্তচাপ দুইটি পরস্পর A বিন্দুতে ছেদ করে।

(৪) A, B ও A, C যোগ করি। তাহলে ABC-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

(খ)



ABC ত্রিভুজের পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C বিন্দু দিয়ে যায়।

অঙ্কন :


(১) AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EM ও FN রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

(২) A, O যোগ করি।

(৩) O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই  $\triangle ABC$  এর নির্ণেয় পরিবৃত্ত।

(গ) মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABC একটি পরিবৃত্ত। বৃত্তের বহিঃস্থ P একটি বিন্দু এবং PA ও PD রশ্মিদ্বয় বৃত্তের A ও D বিন্দুতে দুইটি স্পর্শক। দেখাতে হবে যে,  $PA = PD$ ।



অঙ্কন : O, D ও O, P যোগ করি।

প্রমাণ :

ধাপসমূহ

যথার্থতা

(১) যেহেতু PA স্পর্শক এবং OA স্পর্শবিন্দুগামী

ব্যাসার্ধ সেহেতু  $PA \perp OA$ ।

$\therefore \angle PAO =$  এক সমকোণ

অনুরূপে,  $\angle PDO =$  এক সমকোণ

$\therefore \triangle PAO$  এবং  $\triangle PDO$  উভয়ই

সমকোণী ত্রিভুজ।

[বৃত্তের কোনো বিন্দুতে

অঙ্কিত স্পর্শক,

স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের

সাথে লম্ব।]

(২)  $\triangle PAO$  ও  $\triangle PDO$  সমকোণী

ত্রিভুজদ্বয়ে

অতিভুজ  $PO =$  অতিভুজ  $PO$

এবং  $OA = OD$

$\therefore \triangle PAO \cong \triangle PDO$

$\therefore PA = PD$

[একই বৃত্তের ব্যাসার্ধ]

[অতিভুজ-বাহু-উপপাদ্য]

অর্থাৎ বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে স্পর্শকদ্বয়ের দূরত্ব সমান। (দেখানো হলো)

**প্রশ্ন ১**  $s = 11$  সে.মি.,  $r = 4$  সে.মি.,  $\angle X = 75^\circ$ ,  $\angle Y = 60^\circ$  এবং

$\angle Z = 20^\circ$

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮




[ঢাকা বোর্ড-২০১৯ ৷ প্রশ্ন নং ৪]

ক. 4 সে.মি. বাহু এবং  $\angle Y$  কোণবিশিষ্ট একটি রম্বস অঙ্কন কর। ২

খ. বিবরণসহ একটি ত্রিভুজ অঙ্কন কর যার পরিসীমা  $s$  এবং ভূমি সংলগ্ন কোণদ্বয়  $\angle X$  ও  $\angle Y$ । ৪

গ. বিবরণসহ  $r$  এর দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের মধ্যবর্তী কোণ  $3\angle Z$  এর সমান হয়। ৪

**১ নং প্রশ্নের সমাধান**



দেওয়া আছে, একটি ত্রিভুজের ভূমি সংলগ্ন দুইটি কোণ যথাক্রমে  $\angle X = 75^\circ$ ,  $\angle Y = 60^\circ$  এবং পরিসীমা  $s = 11$  সে.মি.। ত্রিভুজটি আঁকতে হবে।


অঙ্কনের বিবরণ: (১) যেকোনো রশ্মি DF থেকে  $DE = s = 11$  সে. মি. কেটে নিই। DE রেখাংশের D ও E বিন্দুতে  $\frac{1}{2}\angle X$  ও  $\frac{1}{2}\angle Y$  এর সমান করে যথাক্রমে  $\angle EDH$  ও  $\angle DEG$  আঁকি।

(২) মনে করি, DH ও EG পরস্পর A বিন্দুতে ছেদ করে।

(৩) এখন, A বিন্দুতে  $\angle ADE$  এর সমান করে  $\angle DAB$  এবং  $\angle AED$  এর সমান করে  $\angle EAC$  আঁকি।

(৪) মনে করি, AB ও AC, DE কে যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করে।

তাহলে,  $\triangle ABC$ -ই উদ্দিষ্ট ত্রিভুজ।



বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্রবিশিষ্ট  $r = 4$  সে.মি. ব্যাসার্ধের ABD একটি বৃত্ত। ABD বৃত্তে এরূপ দুটি স্পর্শক আঁকতে হবে যাদের অন্তর্ভুক্ত কোণ  $3\angle Z = 60^\circ$  হয়।


অঙ্কনের বিবরণ:

(১) OA যেকোনো ব্যাসার্ধ নিই এবং  $\angle AOB = 120^\circ$  আঁকি। OB রশ্মি বৃত্তটিকে B বিন্দুতে ছেদ করে।

(২) OB রেখার ওপর B বিন্দুতে এবং OA রেখার ওপর A বিন্দুতে দুটি লম্ব টানি। মনে করি, এই লম্বদ্বয় C বিন্দুতে মিলিত হয়।

তাহলে, AC ও BC-ই নির্ণেয় স্পর্শকদ্বয়, যাদের অন্তর্ভুক্ত  $\angle ACB = 60^\circ$  হবে।

**প্রশ্ন ২** [ঢাকা বোর্ড-২০১৯ ৷ প্রশ্ন নং ৫]



চিত্রে, PQRS বৃত্তের কেন্দ্র O এবং  $OM < ON$ .

ক.  $\angle QOS$  এর মান নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে,  $\angle PQR$  এবং এর বিপরীত কোণ  $\angle PSR$  এর সমষ্টি দুই সমকোণ। ৪

গ. প্রমাণ কর যে,  $PQ > PS$ . ৪

**২ নং প্রশ্নের সমাধান**

ক দেওয়া আছে,  $\angle QPS = 50^\circ$



OP = OQ [একই বৃত্তের ব্যাসার্ধ]

$$\therefore \angle OQP = \angle OPQ = 30^\circ$$


যেহেতু  $\angle POQ + \angle OPQ + \angle OQP = 180^\circ$

$$\text{বা, } \angle POQ + 30^\circ + 30^\circ = 180^\circ$$

$$\therefore \angle POQ = 120^\circ \text{ (Ans.)}$$

খ সৃজনশীল ২(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ



বিশেষ নির্বচন: O কেন্দ্রবিশিষ্ট PQRS বৃত্তে PR ব্যাস  $\angle QRS$  কে সমদ্বিখণ্ডিত করেছে। প্রমাণ করতে হবে যে,  $QR = SR$ ।

প্রমাণ: যেহেতু PR,  $\angle QRS$  এর সমদ্বিখণ্ডক।

$$\therefore \angle PRS = \angle PRQ$$

আবার, PR ব্যাস বলে  $\angle PSR$  ও  $\angle PQR$  প্রত্যেকে অর্ধবৃত্তস্থ কোণ।

$$\therefore \angle PSR = \angle PQR \text{ [}\square \text{ অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ]}$$

এখন  $\triangle PSR$  ও  $\triangle PQR$  এ

$$\angle PRS = \angle PRQ$$

$$\angle PSR = \angle PQR,$$

এবং PR সাধারণ বাহু

$$\therefore \triangle PSR \cong \triangle PQR$$

$$\therefore QR = SR \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ৮ a = 4 সে.মি., b = 5.2 সে.মি. এবং  $\angle x = 65^\circ$ .

সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[রাজশাহী বোর্ড-২০১৯ ৭/ প্রশ্ন নং ৬]

ক. কোনো ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য a ও b এর দৈর্ঘ্যের সমান এবং এদের অন্তর্গত কোণ  $\angle x$  হলে, ত্রিভুজটি অঙ্কন কর। ২



খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a এর দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ৪

গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ a ও b এর দৈর্ঘ্যকে কোনো রম্বসের দুটি কর্ণ ধরে রম্বসটি অঙ্কন কর। ৪


৪ নং প্রশ্নের সমাধান

ক

ন \_\_\_\_\_  
৫.২ সে.মি.  
ধ \_\_\_\_\_  
৪ সে.মি.



খ




$\triangle ABC$  এ  $AB = BC = AC = a = 4$  সে.মি.।  $\triangle ABC$  এর পরিবৃত্ত আঁকতে হবে। অর্থাৎ এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দু A, B ও C বিন্দু দিয়ে যায়।

অঙ্কন: AB ও AC রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক যথাক্রমে EF ও GH রেখাংশ আঁকি। মনে করি, তারা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

A, O যোগ করি। O কে কেন্দ্র OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। তাহলে, বৃত্তটি A, B ও C বিন্দুগামী হবে এবং এই বৃত্তটিই  $\triangle ABC$  এর নির্ণেয় পরিবৃত্ত।

গ



বিশেষ নির্বচন: মনে করি, ABCD রম্বসের কর্ণ দুইটি  $a = 4$  সে.মি. ও  $b = 5.2$  সে.মি. দেওয়া আছে। রম্বসটি আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ: (১) যেকোনো রশ্মি AE থেকে b এর সমান করে AC কেটে নিই।

(২) AC এর লম্বসম্বন্ধিতক GH রশ্মি আঁকি যা AC কে O বিন্দুতে ছেদ করে।

(৩) OG ও OH রশ্মিদ্বয় থেকে O কে কেন্দ্র করে  $\frac{1}{2}a$  এর সমান ব্যাসার্ধ নিয়ে OB ও OD কেটে নিই।

(৪) A, B; A, D; C, B ও C, D যোগ করি। তাহলে, ABCD ই উদ্দিষ্ট রম্বস।

**প্রশ্ন ৫** EFGH চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত। EF ও HG দুটি জ্যা। অপর দুটি জ্যা EG ও FH পরস্পরকে কেন্দ্র ব্যতীত D বিন্দুতে ছেদ করে।

[দিনাজপুর বোর্ড-২০১৯ // প্রশ্ন নং ৪]

ক. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর কোণদ্বয় যথাক্রমে  $4x^\circ$  ও  $2x^\circ$  হলে ক্ষুদ্রতর কোণের পরিমাণ নির্ণয় কর।

খ. উদ্দীপকের প্রথম জ্যা দ্বয় সমান হলে প্রমাণ কর যে, কেন্দ্র হতে জ্যা দুটি সমদূরবর্তী।

গ. উদ্দীপকে উলি-খিত দ্বিতীয় জ্যা দুটির ক্ষেত্রে প্রমাণ কর যে,  $\angle EOF + \angle GOH = 2\angle EDF$ .

#### ৫ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর কোণদ্বয় যথাক্রমে  $4x^\circ$  ও  $2x^\circ$ ।

$$\therefore 4x^\circ + 2x^\circ = 90^\circ$$

$$\text{বা, } 6x^\circ = 90^\circ$$

$$\text{বা, } x^\circ = \frac{90^\circ}{6}$$

$$\therefore x^\circ = 15^\circ$$

$$\therefore \text{ক্ষুদ্রতর কোণের পরিমাণ} = 2 \times 15^\circ = 30^\circ$$

**খ**



O কেন্দ্রবিশিষ্ট EFGH বৃত্তে EF ও HG দুইটি সমান জ্যা দেওয়া আছে।  $OM \perp EF$  এবং  $ON \perp GH$ । প্রমাণ করতে হবে যে, EF ও HG কেন্দ্র O থেকে সমদূরবর্তী অর্থাৎ  $OM = ON$ ।

অঙ্কন: O, E ও O, H যোগ করি।

প্রমাণ:

ধাপ-১.  $OM \perp EF$  এবং  $ON \perp HG$

সুতরাং,  $EM = FM$  এবং

$HN = GN$

$$\therefore EM = \frac{1}{2}EF \text{ এবং } HN = \frac{1}{2}HG$$

কেন্দ্র থেকে ব্যাস

ধাপ-২. কিন্তু,  $EF = HG$

$$\therefore \frac{1}{2}EF = \frac{1}{2}HG$$

$$\therefore EM = HN$$

ধাপ-৩. এখন OEM ও OHN

সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে,

অতিভুজ  $OE =$  অতিভুজ

OH

এবং  $EM = HN$

$$\therefore \triangle OEM \cong \triangle OHN$$

$$\therefore OM = ON$$

ধাপ-৪. কিন্তু OM ও ON কেন্দ্র O


থেকে যথাক্রমে EF জ্যা ও HG

জ্যা এর দূরত্ব।

সুতরাং EF ও HG জ্যা দ্বয় কেন্দ্র

O থেকে সমদূরবর্তী। (প্রমাণিত)

**গ**



বিশেষ নির্বচন: দেওয়া আছে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে EFGH চতুর্ভুজটি অন্তর্লিখিত হয়েছে। EG ও FH জ্যা দ্বয় পরস্পরকে কেন্দ্র ব্যতীত D বিন্দুতে ছেদ করে। O, E; O, F; O, G এবং O, H যোগ করি। প্রমাণ করতে হবে যে,  $\angle EOF + \angle GOH = 2\angle EDF$ ।

প্রমাণ:

[কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে]

[কল্পনা]

[উভয়ে একই বৃত্তের ব্যাসার্ধ]

[ধাপ (২) হতে]

[সমকোণী ত্রিভুজের

অতিভুজ বাহু সর্বসম

উপপাদ্য]

ধাপ-১:  $\Delta EDH$ -এ বহিঃস্থ  $\angle EDF =$  অন্ডস্থ  $(\angle HED + \angle EHD)$

[ত্রিভুজের বহিঃস্থ কোণ অন্ডস্থ বিপরীত দুই কোণের সমষ্টির সমান।]

অর্থাৎ,  $\angle EDF = \angle HEG + \angle EHF$

ধাপ-২: চাপ EF এর উপর দশায়মান  $\angle EOF$  কেন্দ্রস্থ এবং  $\angle EHF$  বৃত্তস্থ।

$\therefore \angle EOF = 2\angle EHF$

[একই চাপের উপর দশায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

ধাপ-৩: অনুরূপভাবে,  $\angle GOH = 2\angle HEG$

ধাপ-৪:  $\therefore \angle EOF + \angle GOH = 2(\angle EHF + \angle HEG)$

$= 2\angle EDF$ ; [ধাপ-১]

$\therefore \angle EOF + \angle GOH = 2\angle EDF$  (প্রমাণিত)

**প্রশ্ন ৬** একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 3.5 সে.মি. এবং 2.8 সে.মি.। সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[দিনাজপুর বোর্ড-২০১৯ // প্রশ্ন নং ৫]

ক. কোনো বৃত্তে একই চাপের উপর দশায়মান কেন্দ্রস্থ কোণের মান  $(x + 60)^\circ$  এবং বৃত্তস্থ কোণের মান  $(x + 5)^\circ$  হলে  $x$  এর মান নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজ অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

গ. উদ্দীপকের তথ্যের আলোকে ত্রিভুজ অঙ্কন করে উহার পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

### ৬ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, কেন্দ্রস্থ কোণ  $(x + 60)^\circ$

এবং বৃত্তস্থ কোণ  $(x + 5)^\circ$

আমরা জানি, একই চাপের উপর দশায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।

$\therefore x + 60^\circ = 2(x + 5^\circ)$

বা,  $x + 60^\circ = 2x + 10^\circ$


বা,  $x - 2x = 10^\circ - 60^\circ$

বা,  $-x = -50^\circ$


$\therefore x = 50^\circ$  (Ans.)

**খ** দেওয়া আছে, একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 3.5 সে.মি. এবং 2.8 সে.মি।

$\therefore$  ত্রিভুজটির পরিসীমা  $= (3 + 3.5 + 2.8)$  সে.মি.  
 $= 9.3$  সে.মি.



সমবাহু ত্রিভুজের পরিসীমা  $p = 9.3$  সে.মি. দেওয়া আছে। সমবাহু ত্রিভুজটি আঁকতে হবে।



অঙ্কনের বিবরণ:

(১) যেকোনো রশ্মি DF থেকে  $DE = p = 9.3$  সে.মি. কেটে নিই।

DE কে P ও Q বিন্দুতে সমান তিনভাগে ভাগ করি।


$\therefore DP = PQ = QE$ .

(২) যেকোনো রশ্মি BH থেকে  $BC = DP$  কেটে নিই।

(৩) B ও C কে কেন্দ্র করে DP এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পাশে দুইটি বৃত্তচাপ আঁকি। মনে করি, বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে।

(৪) A, B ও A, C যোগ করি। তাহলে,  $\Delta ABC$ -ই উদ্দিষ্ট সমবাহু ত্রিভুজ।

**গ** ধ  $৩.৫$  সে. মি  
ন  $৩$  সে. মি  
প  $২.৮$  সে. মি



ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য  $a = 3.5$  সে. মি.,  $b = 3$  সে. মি. ও  $c = 2.8$  সে. মি. দেওয়া আছে। ত্রিভুজটি অঙ্কন করে তার পরিবৃত্ত আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:

(১) যে কোন রশ্মি BE থেকে  $BC = a$  নিই।


(২) B ও C কে কেন্দ্র করে যথাক্রমে  $b$  ও  $c$  এর সমান ব্যাসার্ধ নিয়ে BC এর একই পাশে দুটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে।

(৩) A, B ও A, C যোগ করি। তাহলে ABC উদ্দিষ্ট ত্রিভুজ।

(৪)  $\Delta ABC$  এর  $AB$  ও  $BC$  বাহুর লম্বদ্বিখলক আঁকি, তারা পরস্পর  $O$  বিন্দুতে ছেদ করে।  $O, B$  যোগ করি।

(৫)  $O$  কে কেন্দ্র করে  $OB$  এর সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্ত  $A, B$  ও  $C$  বিন্দু দিয়ে গমন করে। তাহলে  $ABC$ -ই নির্ণয় পরিবৃত্ত।

প্রশ্ন ৭



[দিনাজপুর বোর্ড-২০১৯ ৮ প্রশ্ন নং ৬]

চিত্রে বৃত্তের ব্যাস ৬ সে.মি.।

ক. উদ্দীপকের বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে,  $\angle QPS = \frac{1}{2} \angle QOS$ . ৪

গ. প্রমাণ কর যে,  $\angle QRS + \angle QPS = 180^\circ$  ৪

৭ নং প্রশ্নের সমাধান


ক দেওয়া আছে,

বৃত্তের ব্যাস = ৬ সে.মি.

$$\therefore \text{বৃত্তের ব্যাসার্ধ, } r = \frac{6}{2} \text{ সে.মি.} = 3 \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore \text{বৃত্তের ক্ষেত্রফল} &= \pi r^2 \text{ বর্গএকক} \\ &= 3.1416 \times 3^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 28.2744 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

খ



বিশেষ নির্বচন: মনে করি,  $O$  কেন্দ্রবিশিষ্ট  $PQRS$  বৃত্তের একই চাপ  $QRS$  এর উপর দাঁয়মান  $\angle QPS$  বৃত্তস্থ এবং  $\angle QOS$  কেন্দ্রস্থ। প্রমাণ করতে হবে যে,  $\angle QPS = \frac{1}{2} \angle QOS$ ।

অঙ্কন: কেন্দ্রগামী রেখাংশ  $PD$  অঙ্কন করি।

প্রমাণ:

ধাপ-১:  $\Delta POQ$ -এর বহিঃস্থ কোণ  $\angle QOD = \angle QPO + \angle PQO$

[বহিঃস্থ কোণ অন্ডুল্ল বিপরীত দুই কোণের সমষ্টির সমান]

ধাপ-২:  $\Delta POQ$ -এ

$OP = OQ$  [একই বৃত্তের ব্যাসার্ধ]

$$\therefore \angle QPO = \angle PQO$$

ধাপ-৩: ধাপ-(১) ও (২) থেকে পাই,

$$\angle QOD = 2\angle QPO$$

ধাপ-৪: একইভাবে  $\Delta POS$  থেকে পাই,

$$\angle SOD = 2\angle SPO$$

ধাপ-৫: ধাপ-(৩) ও (৪) থেকে

$$\angle QOD + \angle SOD = 2\angle QPO + 2\angle SPO$$


বা,  $\angle QOS = 2(\angle QPO + \angle SPO)$

বা,  $\angle QOS = 2\angle QPS$

$$\text{বা, } \angle QPS = \frac{1}{2} \angle QOS$$

$$\therefore \angle QPS = \frac{1}{2} \angle QOS \text{ (প্রমাণিত)}$$

গ



বিশেষ নির্বচন: মনে করি,  $O$  কেন্দ্রবিশিষ্ট বৃত্তে  $PQRS$  চতুর্ভুজটি অন্ডুল্লিখিত হয়েছে। প্রমাণ করতে হবে যে,  $\angle QRS + \angle QPS = 180^\circ$

অঙ্কন:  $O, S$  এবং  $O, Q$  যোগ করি।

প্রমাণ:

ধাপ-১. একই চাপ  $QPS$  এর উপর [একই চাপের উপর

দাঁয়মান কেন্দ্রস্থ প্রবন্ধ কোণ দাঁয়মান কেন্দ্রস্থ কোণ

$$\angle QOS = 2 \text{ (বৃত্তস্থ } \angle QRS) \text{ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।}]$$

অর্থাৎ, প্রবন্ধ কোণ  $\angle QOS =$

$$2\angle QRS$$

ধাপ-২. আবার, একই চাপ  $QRS$  [একই চাপের উপর

এর উপর দাঁয়মান কেন্দ্রস্থ দাঁয়মান কেন্দ্রস্থ কোণ

$$\angle QOS = 2 \text{ (বৃত্তস্থ } \angle QPS) \text{ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।}]$$

অর্থাৎ  $\angle QOS = 2\angle QPS$

$$\therefore \angle QOS + \text{ প্রবন্ধ কোণ}$$

$$\angle QOS$$

$$= 2(\angle QRS + \angle QPS)$$

কিন্তু  $\angle QOS + \text{ প্রবন্ধ}$

কোণ  $\angle QOS$

$$= \text{চার সমকোণ}$$

$$\therefore 2(\angle QRS + \angle QPS)$$

$$= \text{চার সমকোণ} = 360^\circ$$

$$\therefore \angle QRS + \angle QPS = 180^\circ$$

(প্রমাণিত)


**প্রশ্ন ৮** PQR সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য  $a = 4$  সে.মি. এবং ABCD ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির বৃহত্তর বাহু সংলগ্ন দুটি কোণ যথাক্রমে  $\angle A = 60^\circ$  ও  $\angle B = 75^\circ$ .

[কুমিল-৭ বোর্ড-২০১৯ ৮ প্রশ্ন নং ৪]


- ক. স্কেল ও কম্পাস দিয়ে  $\angle B$  আঁক। ২
- খ.  $\Delta PQR$  এর অস্ফুট অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
- গ. উদ্দীপক তথ্যের সাহায্যে ABCD ট্রাপিজিয়ামটি অঙ্কন কর যার সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে  $a$  ও  $7$  সে.মি.। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

ক



খ






দেওয়া আছে, PQR একটি সমবাহু ত্রিভুজের  $PQ = QR = PR = 4$  সে.মি. যার অস্ফুট আঁকতে হবে।  
অঙ্কনের বিবরণ:

- (১)  $\angle PQR$  ও  $\angle PRQ$  এর সমদ্বিখণ্ডক যথাক্রমে QM ও RN আঁকি যা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
- (২) O হতে QR এর উপর OA লম্ব আঁকি যা QR কে A বিন্দুতে ছেদ করে।
- (৩) এখন, O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি যা PQ, QR ও PR বাহুত্রয়কে যথাক্রমে B, A ও C বিন্দুতে স্পর্শ করে।

তাহলে ABC-ই উদ্দিষ্ট অস্ফুট।

গ

ধ  $\frac{\text{---}}{8 \text{ সে. মি.}}$   
ন  $\frac{\text{---}}{9 \text{ সে. মি.}}$



মনে করি, ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়  $a = 4$  সে.মি. এবং  $b = 7$  সে.মি. এবং বৃহত্তর বাহু  $b$  সংলগ্ন কোণ  $\angle A = 60^\circ$  এবং  $\angle B = 75^\circ$ । ট্রাপিজিয়ামটি আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:

- (১) যেকোনো রশ্মি AX থেকে  $CD = b = 7$  সে. মি. নেই।
  - (২) CD রেখাংশের C বিন্দুতে  $\angle A = 60^\circ$  এর সমান  $\angle DCY$  এবং D বিন্দুতে  $\angle B = 75^\circ$  এর সমান  $\angle CDZ$  আঁকি।
  - (৩) আবার CD রেখাংশ থেকে  $CE = a = 4$  সে. মি. কেটে নেই।
  - (৪) E বিন্দুতে  $EF \parallel CY$  আঁকি যা DZ রশ্মিকে F বিন্দুতে ছেদ করে।
  - (৫) আবার DC  $\parallel FG$  আঁকি যা CY রশ্মিকে G বিন্দুতে ছেদ করে।
- তাহলে, GCDF ই উদ্দিষ্ট ট্রাপিজিয়াম।

**প্রশ্ন ৯** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB ও CD দুইটি সমান জ্যা।  
 $OX \perp AB$  এবং  
 $OY \perp CD$ । XY এর একই পার্শ্বে A ও C এর অবস্থান।

[কুমিল-৭ বোর্ড-২০১৯ ৮ প্রশ্ন নং ৫]


ক.  $AB = 24$  সে.মি. এবং  $OX = 5$  সে.মি. হলে  $OA$  এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে,  $OX = OY$ . ৪

গ.  $AB \parallel CD$  এবং  $\angle XAO = 30^\circ$  হলে প্রমাণ কর যে,  $\Delta AOC$  একটি সমবাহু ত্রিভুজ। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

ক



দেওয়া আছে,  $AB = 24$  সে.মি.

$$\therefore AX = \frac{24}{2} \text{ সে.মি.} = 12 \text{ সে.মি.}$$

[ $\square$  কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন অন্য কোন জ্যা-এর উপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।]


এবং  $OX = 5$  সে.মি.

$$\begin{aligned} \therefore OA &= \sqrt{(AX)^2 + (OX)^2} \\ &= \sqrt{12^2 + 5^2} \\ &= \sqrt{144 + 25} \\ &= \sqrt{169} = 13 \text{ সে.মি.} \end{aligned}$$

$\therefore OA$  এর দৈর্ঘ্য 13 সে.মি. (Ans.)

খ বিশেষ নির্বচন: মনে করি,  $O$  বৃত্তের কেন্দ্র এবং  $AB$  ও  $CD$  বৃত্তের দুইটি সমান জ্যা।  $OX \perp AB$  ও  $CD \perp OY$ । প্রমাণ করতে হবে যে,  $OX = OY$

অঙ্কন :  $O, A$  এবং  $O, C$  যোগ করি।



প্রমাণ : ধাপ

যথার্থতা

(১) আমরা জানি, কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা এর ওপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।

এখন, বৃত্তের কেন্দ্র  $O$  এবং  $OX \perp$  জ্যা  $AB$ .

$$\therefore AX = BX$$

$$\text{অদ্রুপ } CY = DY$$

(২) দেওয়া আছে,  $AB = CD$

$$\text{বা, } AX + BX = CY +$$

DY

$$\text{বা, } AX + AX = CY + [\because AX = BX \text{ এবং } CY = DY]$$

$$\text{বা, } 2AX = 2CY$$

$$\therefore AX = CY.$$

(৩) সমকোণী  $\Delta OAX$  এবং

সমকোণী  $\Delta OCY$ -এ

অতিভুজ  $OA =$  অতিভুজ [উভয়ে একই বৃত্তের ব্যাসার্ধ]


এবং  $AX = CY$

$$\therefore \Delta OAX \cong \Delta OCY$$

সুতরাং  $OX = OY.$  [সমকোণী ত্রিভুজের অতিভুজ বাহু সর্বসমতা উপপাদ্য]

(প্রমাণিত)

গ



অঙ্কন:  $A, C$  যোগ করি।  $OE \parallel AB$  আঁকি যেখানে  $OE, AC$  কে  $E$  বিন্দুতে ছেদ করে।

প্রমাণ : ধাপ

যথার্থতা

(১) 'খ' হতে পাই,  $\Delta OAX \cong \Delta OCY$

$$\therefore \angle XAO = \angle OCY = 30^\circ$$

(২)  $AX \parallel OE$  এবং  $AO$  ছেদক।

$$\therefore \angle XAO = \text{একান্তজ } \angle AOE = 30^\circ$$

$$\text{অনুরূপে } \angle OCY = \angle EOC = 30^\circ$$

(৩)  $\Delta AOC$  এর  $OA = OC$

[একই বৃত্তের ব্যাসার্ধ]

$$\angle AOC = \angle AOE + \angle EOC = 30^\circ + 30^\circ = 60^\circ$$

[সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় পরস্পর সমান]

$$\text{এবং } \angle ACO = \angle OAC$$

(৪)  $\angle AOC + \angle ACO + \angle OAC$

[ত্রিভুজের তিন কোণের সমষ্টি

$$= 180^\circ$$

$$180^\circ]$$

$$\text{বা, } 60^\circ + \angle ACO + \angle ACO = [\square \angle ACO = 180^\circ \angle OAC]$$

$$\text{বা, } 2\angle ACO = 120^\circ$$

বা,  $\angle ACO = \frac{120^\circ}{2} = 60^\circ$

(৫)  $\angle AOC = \angle ACO = \angle OAC$  [ত্রিভুজের তিনটি কোণ সমান হলে  
 $= 60^\circ$   
 $\therefore \Delta AOC$  সমবাহু ত্রিভুজ। [ত্রিভুজটি সমবাহু] (প্রমাণিত)

**প্রশ্ন ১০** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQRS চতুর্ভুজটি অন্ডলিখিত এবং PR ও QS কর্ণদ্বয় পরস্পর T বিন্দুতে ছেদ করেছে। [চট্টগ্রাম বোর্ড-২০১৯ // প্রশ্ন নং ৫]

ক. যদি কোনো বৃত্তের ব্যাস CD এবং একটি জ্যা AB হয়, তবে দেখাও যে,  $CD > AB$ . ২


খ. প্রমাণ কর যে, PQRS চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি  $180^\circ$  এর সমান। ৪

গ. দেখাও যে,  $\angle POQ + \angle ROS = 2\angle PTQ$ . ৪

**১০ নং প্রশ্নের সমাধান**

**ক** বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্রবিশিষ্ট CDBA একটি বৃত্ত। CD তার ব্যাস এবং AB ব্যাস ভিন্ন যেকোনো একটি জ্যা।

প্রমাণ করতে হবে যে,  $CD > AB$ .



অঙ্কন: O, A এবং O, B যোগ করি।

প্রমাণ:

ধাপ-১.  $OC = OD = OA = OB$  [একই বৃত্তের ব্যাসার্ধ]

ধাপ-১. এখন,  $\Delta OAB$ -এ


$OA + OB > AB$  [যেহেতু ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]

বা,  $OC + OD > AB$  [ধাপ-১ হতে]

অর্থাৎ,  $CD > AB$ . (প্রমাণিত) [ $\because OC + OD = CD$ ]

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ এর অনুরূপ। পৃষ্ঠা-১৬১

**গ**



বিশেষ নির্বচন: দেওয়া আছে, PQRS চতুর্ভুজটি O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে অন্ডলিখিত এবং PR ও QS কর্ণদ্বয় পরস্পরকে T বিন্দুতে ছেদ করেছে। P, O; Q, O; S, O এবং R, O যোগ করি। [চট্টগ্রাম বোর্ড-২০১৯ // প্রশ্ন নং ৫]

প্রমাণ করতে হবে যে,  $\angle POQ + \angle ROS = 2\angle PTQ$

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) PQ চাপের উপর কেন্দ্রস্থ  $\angle POQ$  ও বৃত্তস্থ  $\angle PSQ$  [কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

$\therefore \angle POQ = 2\angle PSQ$

(২) আবার, SR চাপের উপর কেন্দ্রস্থ  $\angle ROS$  ও বৃত্তস্থ  $\angle RPS$  [একই কারণে]

$\therefore \angle ROS = 2\angle RPS$

(৩) ধাপ-১ ও ধাপ-২ হতে পাই,

$$\begin{aligned} \angle POQ + \angle ROS &= 2\angle PSQ + 2\angle RPS \\ &= 2(\angle PSQ + \angle RPS) \end{aligned}$$

(৪) এখন,  $\Delta PST$  এ বহিঃস্থ  $\angle PTQ$  [ত্রিভুজের বহিঃস্থ কোণ বিপরীত অন্ড কোণদ্বয়ের সমষ্টির সমান]

$$\text{অর্থাৎ } \angle PTQ = \angle PST + \angle TPS$$

$$\therefore \angle PTQ = \angle PSQ + \angle RPS$$

(৫) ধাপ-৩ ও ধাপ-৪ থেকে পাই,

$$\angle POQ + \angle ROS = 2\angle PTQ \text{ (দেখানো হলো)}$$

**প্রশ্ন ১১** একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 3.5 সে.মি., 4.5 সে.মি. এবং 5.5 সে.মি.। [সমন্বিত অধ্যায় ৭ ও ৮ [চট্টগ্রাম বোর্ড-২০১৯ // প্রশ্ন নং ৬]


ক. 4 সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গক্ষেত্র অংকন কর। ২

খ. ত্রিভুজটির বহিঃবৃত্ত অংকন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

গ. ত্রিভুজটির পরিসীমা যদি রম্বসের পরিসীমা হয় এবং একটি কোণ  $\angle X = 75^\circ$  হয়, তবে রম্বসটি অংকন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**১১ নং প্রশ্নের সমাধান**

ক



মনে করি, কোনো বর্গের একটি বাহুর দৈর্ঘ্য  $BC = x = 4$  সে.মি. দেওয়া আছে। বর্গটি আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:

- (১) যেকোনো রশ্মি AX হতে  $AB = x$  নিই। AB এর উপর A বিন্দুতে AE লম্ব আঁকি।
- (২) AE হতে  $AD = x$  নিই। এখন B ও D কে কেন্দ্র করে x এর সমান ব্যাসার্ধ নিয়ে  $\angle BAD$  এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি।
- (৩) মনেকরি, বৃত্তচাপদ্বয় পরস্পরকে C বিন্দুতে ছেদ করে।
- (৪) B, C ও D, C যোগ করি। তাহলে ABCD-ই উদ্দিষ্ট বর্গ।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-১১ নং দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৭০

গ দেওয়া আছে,  
রম্বসটির পরিসীমা = ত্রিভুজটির পরিসীমা


$$\begin{aligned} \therefore \text{রম্বসটির 1 বাহুর দৈর্ঘ্য} &= \frac{1}{4} \times \text{ত্রিভুজের পরিসীমা} \\ &= \frac{1}{4} (3.5 + 4.5 + 5.5) = \end{aligned}$$

3.375

সুতরাং 3.375 বাহুবিশিষ্ট রম্বস আঁকতে হবে যার একটি কোণ  $\angle x = 75^\circ$ ।

অতপর পাঠ্যবইয়ের অনুশীলনী-৭.২ এর উদাহরণ-৪ এর (গ) নং এর অনুরূপ। পৃষ্ঠা- ১৪৮

প্রশ্ন ১২



চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের PQ ও PR দুইটি স্পর্শক এবং  $OR = RS$ .

[সিলেট বোর্ড-২০১৯ // প্রশ্ন নং ৬]


- ক. প্রমাণ কর যে,  $\angle QRS = 1$  সমকোণ। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle RTS = \frac{1}{2} \angle ROS$ . ৪
- গ. প্রমাণ কর যে,  $\Delta PQR$  একটি সমবাহু ত্রিভুজ। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২২ এর অনুরূপ। পৃষ্ঠা-১৫৯

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ এর অনুরূপ। পৃষ্ঠা-১৫৮

গ



প্রমাণ: ধাপ

যথার্থতা

(১)  $\Delta ROS$  এ

$$OR = RS = OS$$

[একই বৃত্তের

$$\therefore \Delta ROS \text{ সমবাহু এবং } \angle ROS = 60^\circ$$

ব্যাসার্ধ]

$$\therefore \angle ROQ = 180^\circ - 60^\circ = 120^\circ$$

(২)  $\angle RQS = \frac{1}{2} \angle ROS$

[বৃত্তস্থ কোণ

$$= \frac{1}{2} \times 60^\circ$$

কেন্দ্রস্থ কোণের

$$= 30^\circ$$

অর্ধেক]

(৩)  $\angle OQP = \angle ORP = 90^\circ$

[স্পর্শক

স্পর্শবিন্দুগামী

ব্যাসার্ধের উপর

লম্ব]

(৪) এখন,  $\angle PQR = \angle OQP - \angle OQR$

$$= 90^\circ - \angle RQS$$



O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তে PQRS চতুর্ভুজটি অন্ড্রলিখিত।

[বরিশাল বোর্ড-২০১৯ ৷ প্রশ্ন নং ৬]


ক. বর্ধিত QO রেখাংশটি বৃত্তের পরিধিকে T বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,  $\angle QPT = 1$  সমকোণ। ২

খ. প্রমাণ কর যে,  $\angle QPS + \angle QRS = 180^\circ$  ৪

গ. PR এবং QS কর্ণদ্বয় পরস্পর E বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,  $\angle POQ + \angle ROS = 2\angle PEQ$  ৪

১৫ নং প্রশ্নের সমাধান

ক



বিশেষ নির্বচন: O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের PQRS চতুর্ভুজটি অন্ড্রলিখিত হয়েছে। বর্ধিত QO রেখাংশটি বৃত্তের পরিধিকে T বিন্দুতে ছেদ করে। T, P যোগ করি। প্রমাণ করতে হবে যে,  $\angle QPT = 1$  সমকোণ।

প্রমাণ:

ধাপ-১: QRT চাপের উপর দন্ডায়মান

$$\text{বৃত্তস্থ } \angle QPT = \frac{1}{2} (\text{কেন্দ্রস্থ}$$

$$\angle QOT)$$

ধাপ-২: কিন্তু সরল কোণ  $\angle QOT =$  দুই সমকোণ

$$\therefore \angle QPT = \frac{1}{2} \times (\text{দুই সমকোণ})$$

$$= \text{এক সমকোণ (প্রমাণিত)}$$

[একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক]

খ


বিশেষ নির্বচন: O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQRS চতুর্ভুজটি অন্ড্রলিখিত হয়েছে। প্রমাণ করতে হবে যে,  $\angle QPS + \angle QRS = 180^\circ$

অঙ্কন ও প্রমাণ : পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬১

গ

সৃজনশীল ১০(গ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ১৬



চিত্রে  $\angle ROP = 90^\circ$ . [সকল বোর্ড-২০১৮ ৷ প্রশ্ন নং ৬]

ক. কেন্দ্রস্থ কোণ ও বৃত্তস্থ কোণের সংজ্ঞা দাও। ২

খ. প্রমাণ কর যে,  $\angle RCS = 2\angle RPS$ . ৪

গ. প্রমাণ কর যে,  $\angle PCR + \angle QCS = 180^\circ$ . ৪


১৬ নং প্রশ্নের সমাধান

ক

বৃত্তস্থ কোণ: বৃত্তের দুটি জ্যা পরস্পরকে বৃত্তের উপর কোন বিন্দুতে ছেদ করলে এদের মধ্যবর্তী কোণকে বৃত্তস্থ কোণ বলে।

কেন্দ্রস্থ কোণ: একটি কোণের শীর্ষবিন্দু কোনো বৃত্তের কেন্দ্রে অবস্থিত হলে, কোণটিকে ঐ বৃত্তের একটি কেন্দ্রস্থ কোণ বলা হয়।

খ



মনে করি, C কেন্দ্রবিশিষ্ট PRS একটি বৃত্ত এবং তার একই উপচাপ RS এর ওপর দন্ডায়মান বৃত্তস্থ  $\angle RPS$  এবং কেন্দ্রস্থ  $\angle RCS$ । প্রমাণ করতে হবে যে,  $\angle RCS = 2\angle RPS$

অঙ্কন: মনে করি, PS রেখাংশ কেন্দ্রগামী নয়। এক্ষেত্রে P বিন্দু দিয়ে কেন্দ্রগামী রেখাংশ PD আঁকি।


প্রমাণ:	ধাপ	যথার্থতা
(১)	$\Delta PCR$ এর বহিঃস্থ কোণ $\angle RCD = \angle RPC + \angle PRC$	[ত্রিভুজের বহিঃস্থ কোণ অন্ড্রস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।]
(২)	$\Delta PCR$ এ $CP = CR$ অতএব, $\angle PRC = \angle RPC$	[একই বৃত্তের ব্যাসার্ধ] [সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি সংলগ্ন কোণ দুইটি সমান]
(৩)	ধাপ (১) ও (২) থেকে $\angle RCD = 2\angle RPC$	
(৪)	একইভাবে $\Delta PCS$ থেকে $\angle DCS = 2\angle CPS$	
(৫)	ধাপ (৩) ও (৪) থেকে $\angle RCD + \angle DCS =$	[যোগ করে]

$$2(\angle RPC + \angle CPS)$$

$$\text{অর্থাৎ } \angle RCS = 2\angle RPS$$

(প্রমাণিত)

গ



মনে করি, C কেন্দ্র বিশিষ্ট বৃত্তের RS ও PQ জ্যা দুটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত O বিন্দুতে সমকোণে মিলিত হয়েছে। R, C এবং C, P যোগ করায়  $\angle PCR$  উৎপন্ন হয়। আবার, Q, C এবং C, S যোগ করায়  $\angle QCS$  উৎপন্ন হয়।

প্রমাণ করতে হবে যে,  $\angle PCR + \angle QCS = 180^\circ$

অঙ্কন: Q, R যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) একই চাপ QS-এর ওপর দৃশ্যমান কেন্দ্রস্থ  $\angle QCS$  এবং বৃত্তস্থ  $\angle QRS$ .

$$\therefore \frac{1}{2}\angle QCS = \angle QRS \text{ [বৃত্তের একই চাপের ওপর দৃশ্যমান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক]}$$

$$\text{অর্থাৎ, } \angle QCS = 2\angle QRS \dots \dots (i)$$

অনুরূপভাবে দেখানো যায় যে,

$$\therefore \angle PCR = 2\angle PQR \dots \dots (ii)$$

(২) (i) নং ও (ii) নং যোগ করে পাই,

$$\angle QCS + \angle PCR = 2\angle QRS + 2\angle PQR$$

$$\text{বা, } \angle QCS + \angle PCR = 2(\angle QRS + \angle PQR)$$

$$\text{বা, } \angle QCS + \angle PCR = 2(\angle QRO + \angle OQR)$$

$$\dots \dots (iii)$$

$$\text{এখন, } \triangle OQR\text{-এর } \angle OQR + \angle QRO = 90^\circ \dots$$

$$\dots \dots (iv)$$


$$[\text{কারণ } RS \perp PQ \text{ বলে } \angle ROQ = 90^\circ]$$

(৩) (iv) নং এর মান (iii) নং-এ বসিয়ে পাই,

$$\angle QCS + \angle PCR = 2 \times 90^\circ$$

$$\therefore \angle PCR + \angle QCS = 180^\circ \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ১৭



[ঢাকা বোর্ড-২০১৭ // প্রশ্ন নং ৫]

চিত্রে O বৃত্তের কেন্দ্র এবং জ্যা AB = জ্যা AC = জ্যা BC.

ক. 3 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন কর। ২


খ. প্রমাণ কর যে,  $\angle BOC = 2\angle BAC$  ৪

গ. যদি D, E এবং F যথাক্রমে AB, AC এবং BC এর মধ্যবিন্দু হয়,

তবে প্রমাণ কর যে, D, E, F বিন্দুগুলো সমবৃত্ত। ৪

১৭ নং প্রশ্নের সমাধান


ক



চিত্রে, ABC একটি বৃত্ত অঙ্কন করা হলো যার কেন্দ্র O এবং ব্যাসার্ধ, OA = 3 সে.মি.।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৮

গ



মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB, BC ও AC তিনটি সমান জ্যা এবং D, E এবং F যথাক্রমে AB, AC এবং BC এর মধ্যবিন্দু। প্রমাণ করতে হবে যে, D, E, F বিন্দুগুলো সমবৃত্ত।

অঙ্কন: O, D; O, E এবং O, F যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) D, AB জ্যা এর মধ্যবিন্দু [বৃত্তের কেন্দ্র ও ব্যাস

$$\therefore OD \perp AB$$

তদ্রূপ  $OE \perp AC$  এবং মধ্যবিন্দুর সংযোজক

$$OF \perp BC$$

রেখাংশ ঐ জ্যা এর

উপর লম্ব]

(২) কেন্দ্র O থেকে AB, AC ও

BC জ্যাত্রয়ের লম্ব দূরত্ব

যথাক্রমে OD, OE ও OF

এবং  $AB = AC = BC$

$\therefore OD = OE = OF$  [বৃত্তের সমান সমান জ্যা  
কেন্দ্র থেকে সমদূরবর্তী]

সুতরাং O কে কেন্দ্র করে OD বা OE বা OF এর সমান  
ব্যাসার্ধ নিয়ে বৃত্ত অঙ্কন করলে বৃত্তটি D, E ও F বিন্দু দিয়ে  
যাবে।

অতএব, D, E ও F বিন্দুগুলো সমবৃত্ত। (প্রমাণিত)


**প্রশ্ন ১৮** কোনো ত্রিভুজের পরিসীমা 9.5 সে.মি. এবং ভূমি  
সংলগ্ন কোণদ্বয়  $50^\circ$  ও  $60^\circ$ ।

সমন্বিত অধ্যায় ৭ ও ৮


[রাজশাহী বোর্ড-২০১৭ ৭/প্রশ্ন নং ৫]

- ক. উলে-খিত তথ্যগুলো চিত্রের সাহায্যে দেখাও। ২  
খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ ত্রিভুজটি এঁকে দেখাও। ৪  
গ. উলে-খিত ত্রিভুজটির একটি পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের  
চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

### ১৮ নং প্রশ্নের সমাধান



চিত্রে, কোনো ত্রিভুজের পরিসীমা  $p = 9.5$  সে. মি. এবং  
ভূমি সংলগ্ন কোণদ্বয়  $\angle x = 50^\circ$  এবং  $\angle y = 60^\circ$ ।



দেওয়া আছে, কোন ত্রিভুজের পরিসীমা  $p = 9.5$  সে. মি. এবং  
ভূমি সংলগ্ন দুটি কোণ  $\angle x = 50^\circ$  ও  $\angle y = 60^\circ$  ত্রিভুজটি  
আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:

- (১) যেকোনো রশ্মি DF থেকে  $DE = p = 9.5$  সে. মি. নিই।  
(২) DE এর D ও E বিন্দুতে যথাক্রমে  $\angle EDH = \frac{1}{2} \angle x$  ও  
 $\angle DEG = \frac{1}{2} \angle y$  আঁকি। মনে করি, DH ও EG  
পরস্পর A বিন্দুতে ছেদ করেছে।

(৩) এখন, A বিন্দুতে  $\angle BAD = \angle ADE$  এবং  $\angle CAE$   
 $= \angle AED$  আঁকি। মনে করি, AB ও AC, DE কে  
যথাক্রমে B ও C বিন্দুতে ছেদ করে। তাহলে  $\triangle ABC$ -ই  
উদ্দিষ্ট ত্রিভুজ।


**গ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-৯ দৃষ্টব্য। পৃষ্ঠা-  
১৬৮

**প্রশ্ন ১৯** LMN বৃত্তের কেন্দ্র O এবং ব্যাসার্ধ 3 সে.মি.।


[রাজশাহী বোর্ড-২০১৭ ৭/প্রশ্ন নং ৬]

- ক. বৃত্তটি আঁক। ২  
খ. প্রমাণ কর যে, বৃত্তের M বিন্দুতে অঙ্কিত স্পর্শক OM এর  
উপর লম্ব। ৪  
গ. জ্যামিতিক চিত্র ও যুক্তির সাহায্যে প্রমাণ কর যে, বৃত্তটির  
কেন্দ্র O জ্যা 6 সে.মি. এর বড় হতে পারে না। ৪

### ১৯ নং প্রশ্নের সমাধান



চিত্রে LMN একটি বৃত্ত অঙ্কন করা হলো যার কেন্দ্র O  
এবং ব্যাসার্ধ,  
 $OL = 3$  সে. মি.।



মনে করি, O কেন্দ্র বিশিষ্ট LMN বৃত্তের উপরস্থ M বিন্দুতে  
MT একটি স্পর্শক এবং OM স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ। প্রমাণ  
করতে হবে যে, বৃত্তের M বিন্দুতে অঙ্কিত স্পর্শক OM এর  
উপর লম্ব অর্থাৎ,  $MT \perp OM$ ।

অঙ্কন: MT স্পর্শকের উপর যে কোন একটি বিন্দু Q নিই এবং  
O, Q যোগ করি।


প্রমাণ: যেহেতু বৃত্তের M বিন্দুতে MT একটি স্পর্শক সুতরাং এ  
M বিন্দু ব্যতীত MT এর উপরস্থ অন্য সকল বিন্দু বৃত্তের  
বাহিরে থাকবে।

$\therefore$  Q বিন্দুটি বৃত্তের বাহিরে অবস্থিত।

∴ OQ, বৃত্তের ব্যাসার্ধ OM এর চেয়ে বড় অর্থাৎ OQ > OM এবং তা স্পর্শ বিন্দু M ব্যতীত MT এর উপরস্থ সকল Q বিন্দুর অবস্থানের জন্য সত্য।

∴ কেন্দ্র O থেকে MT স্পর্শকের উপর OM হলো ক্ষুদ্রতম দূরত্ব।

সুতরাং  $MT \perp OM$ . (প্রমাণিত)



দেওয়া আছে, O কেন্দ্র বিশিষ্ট LMN বৃত্তের ব্যাসার্ধ 3 সে. মি., অর্থাৎ ব্যাস 6 সে. মি.। প্রমাণ করতে হবে যে, বৃত্তের যে কোন জ্যা 6 সে. মি. থেকে বড় হতে পারে না অর্থাৎ বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা।

অঙ্কন: PM ব্যাস ভিন্ন যে কোন একটি জ্যা নিই। O, M এবং O, P যোগ করি।

প্রমাণ: 

	ধাপ	যথার্থতা
(১) $OL = OP = OM = ON$		[একই বৃত্তের ব্যাসার্ধ]
(২) $\Delta OPM$ এ $OP + OM > PM$		[ত্রিভুজের যেকোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]
বা, $OL + ON > PM$		
বা, $LN > PM$		


অনুরূপে দেখানো যায় যে, LN অন্য সকল জ্যা অপেক্ষা বৃহত্তর।

অর্থাৎ LN ই বৃহত্তম জ্যা।

যেহেতু LN বৃত্তের ব্যাস যার দৈর্ঘ্য 6 সে. মি.। সুতরাং, বৃত্তের যে কোনো জ্যা 6 সে.মি. অপেক্ষা বড় হতে পারে না।

(প্রমাণিত)

প্রশ্ন ২০ [কুমিল-১ বোর্ড-২০১৭ // প্রশ্ন নং ৪]




ক. চিত্রসহ প্রবন্ধ কোণের সংজ্ঞা দাও। ২

খ. প্রমাণ কর যে,  $\angle BDC + \angle BAC = 1$  সরল কোণ। ৪


গ. উদ্দীপকের চিত্রে যদি  $\angle BAD + \angle DAC = 1$  সমকোণ হয়, তবে প্রমাণ কর যে, B, O এবং C এক সরলরেখায় অবস্থিত। ৪

২০ নং প্রশ্নের সমাধান

ক প্রবন্ধ কোণ:



দুই সমকোণ থেকে বড় কিন্তু চার সমকোণ থেকে ছোট কোণকে প্রবন্ধকোণ বলা হয়। চিত্রে চিহ্নিত  $\angle AOC$  প্রবন্ধ কোণ।



মনে করি, O কেন্দ্র বিশিষ্ট একটি বৃত্তে ABDC চতুর্ভুজটি অন্তর্লিখিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে,  $\angle BDC + \angle BAC = 1$  সরলকোণ।

অঙ্কন : O, B এবং O, C যোগ করি।

প্রমাণ : 

	ধাপ	যথার্থতা
--	-----	----------

(১) একই চাপ BAC এর উপর দন্ডায়মান কেন্দ্রস্থ প্রবন্ধ  $\angle BOC = 2$  (বৃত্তস্থ  $\angle BDC$ ) [একই চাপের উপর অর্থাৎ, প্রবন্ধ  $\angle BOC = 2\angle BDC$  দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

(২) আবার, একই চাপ BDC এর উপর দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ  $\angle BOC = 2$  (বৃত্তস্থ  $\angle BAC$ )

∴  $\angle BOC +$  প্রবন্ধ কোণ  $\angle BOC = 2 (\angle BDC + \angle BAC)$

কিন্তু  $\angle BOC +$  প্রবন্ধ কোণ  $\angle BOC =$  চার সমকোণ

∴  $2(\angle BDC + \angle BAC) =$  চার সমকোণ

∴  $\angle BDC + \angle BAC =$  দুই সমকোণ


∴  $\angle BDC + \angle BAC = 1$  সরলকোণ। (প্রমাণিত)

গ বিশেষ নির্বচন : দেওয়া আছে, O

কেন্দ্র বিশিষ্ট ABCD বৃত্তে

$\angle BAD + \angle DAC =$  এক

সমকোণ। প্রমাণ করতে হবে যে,



B, O এবং C একই সরলরেখায় অবস্থিত। উদ্দীপকের চিত্র হতে BD ও CD রেখাংশ বর্জন করা হয়েছে।

অঙ্কন : B, O; D, O এবং C, O যোগ করি।

প্রমাণ : ধাপ যথার্থতা

(১) একই চাপ BD এর ওপর দন্ডায়মান বৃত্তস্থ  $\angle BAD$  এবং কেন্দ্রস্থ  $\angle BOD$

$$\therefore \angle BAD = \frac{1}{2} \angle BOD \dots \dots$$

... (i)

(২) আবার, একই চাপ DC -এর ওপর দন্ডায়মান বৃত্তস্থ  $\angle DAC$  এবং কেন্দ্রস্থ  $\angle DOC$ .

$$\therefore \angle DAC = \frac{1}{2} \angle DOC \dots \dots$$

(ii)

(৩) (i) নং ও (ii) নং যোগ করে পাই,

$$\begin{aligned} \angle BAD + \angle DAC &= \frac{1}{2} \angle BOD \\ &+ \frac{1}{2} \angle DOC \end{aligned}$$

$$\text{বা, } 1 \text{ সমকোণ} = \frac{1}{2} (\angle BOD + \angle DOC)$$

$$\text{বা, } \angle BOD + \angle DOC = 2 \times 1 \text{ সমকোণ}$$

$$\text{বা, } \angle BOD + \angle DOC = \text{দুই সমকোণ}$$

$$\therefore \angle BOC = 2 \text{ সমকোণ}$$

$$\therefore \angle BOC = 1 \text{ সরলকোণ}$$

অতএব, B, O এবং C একই সরলরেখায় অবস্থিত। (প্রমাণিত)

প্রশ্ন ২১ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অন্ড্রলিখিত হয়েছে। PT ঐ বৃত্তে একটি স্পর্শক। [চট্টগ্রাম বোর্ড-২০১৭ ৷ প্রশ্ন নং ৫]

ক. তথ্যগুলো চিত্রের মাধ্যমে দেখাও। ২


খ. প্রমাণ করো যে,  $\angle ABC + \angle ADC = 2$  সমকোণ এবং

$$\angle BAD + \angle BCD = 2 \text{ সমকোণ।} \quad 8$$

গ. প্রমাণ করো যে,  $PT \perp OP$ . 8

২১ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অন্ড্রলিখিত এবং PT ঐ বৃত্তে একটি স্পর্শক।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬১

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৪ এর উপপাদ্য-২৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬৪

প্রশ্ন ২২ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সে.মি., ৫ সে.মি. এবং ৬ সে.মি.। [চট্টগ্রাম বোর্ড-২০১৭ ৷ প্রশ্ন নং ৬]


ক. প্রদত্ত তথ্যানুযায়ী চিত্রটি অঙ্কন করো। ২

খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন করো। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ. বৃত্তটিতে এমন একটি স্পর্শক আঁক যেন তা তৃতীয় বাহুর সমান্দ্রাল হয়। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪


২২ নং প্রশ্নের সমাধান

ক



খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬৮

গ



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তটি ABC ত্রিভুজের পরিবৃত্ত। এ বৃত্তে এমন একটি স্পর্শক আঁকতে হবে যেন তা BC বাহুর সমান্জাল হয়।

অঙ্কনের বিবরণ:

- (১) কেন্দ্র O থেকে BC বাহুর উপর OM লম্ব আঁকি এবং তা বর্ধিত করি যা বৃত্তটিকে P বিন্দুতে ছেদ করে।
- (২) এখন, OP রেখার উপর PT লম্ব আঁকি। সুতরাং PT স্পর্শকই উদ্দিষ্ট স্পর্শক যা BC বাহুর অর্থাৎ তৃতীয় বাহুর সমান্জাল হয়।


**প্রশ্ন ২৩** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQ ব্যাস।  $\angle PRQ$  অর্ধবৃত্তস্থ কোণ।

[সিলেট বোর্ড-২০১৭ // প্রশ্ন নং ৪]

- ক. উপরোক্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২
- খ. প্রমাণ করো যে,  $\angle PRQ = 1$  সমকোণ। ৪
- গ.  $\angle PRS + \angle SRQ = 1$  সমকোণ হলে প্রমাণ করো যে, P, O এবং Q একই সরলরেখায় অবস্থিত। ৪


২৩ নং প্রশ্নের সমাধান

**ক**



চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQ ব্যাস।  $\angle PRQ$  অর্ধবৃত্তস্থ কোণ।

**খ**



প্রমাণ করতে হবে যে,  $\angle PRQ = 1$  সমকোণ।

অঙ্কন: PQ এর যে পাশে R বিন্দু অবস্থিত, তার বিপরীত পাশে বৃত্তের উপর একটি বিন্দু A নিই।

প্রমাণ: ধাপ যথার্থতা

- (১) PAQ চাপের উপর দৃশ্যমান [একই চাপের ওপর বৃত্তস্থ দৃশ্যমান বৃত্তস্থ কোণ

$$\angle PRQ = \frac{1}{2} (\text{কেন্দ্রস্থ সরলকোণ} \text{ কেন্দ্রস্থ কোণের অর্ধেক})$$


$$\angle POQ$$

- (২) কিন্তু সরল কোণ  $\angle POQ =$  দুই সমকোণ

$$\therefore \angle PRQ = \frac{1}{2} (\text{দুই সমকোণ}) = 1 \text{ সমকোণ}$$

(প্রমাণিত)

**গ**



দেওয়া আছে, O কেন্দ্র বিশিষ্ট PSQR বৃত্তে,  $\angle PRS + \angle SRQ =$  এক সমকোণ। প্রমাণ করতে হবে যে, P, O এবং Q একই সরলরেখায় অবস্থিত।

অঙ্কন: P, O; S, O এবং Q, O যোগ করি।

প্রমাণ: ধাপ

যথার্থতা

- (১) একই চাপ PS-এর ওপর দৃশ্যমান বৃত্তস্থ  $\angle PRS$  এবং কেন্দ্রস্থ  $\angle POS$ .

$$\therefore \angle PRS = \frac{1}{2} \angle POS \dots \dots \dots$$

(i)

[বৃত্তের একই চাপের ওপর দৃশ্যমান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।]

- (২) আবার, একই চাপ SQ-এর ওপর দৃশ্যমান বৃত্তস্থ  $\angle SRQ$  এবং কেন্দ্রস্থ  $\angle SOQ$ .

$$\therefore \angle SRQ = \frac{1}{2} \angle SOQ \dots \dots \dots$$

(ii)

- (৩) (i) নং ও (ii) নং যোগ করে পাই,

$$\angle PRS + \angle SRQ = \frac{1}{2} \angle POS + \frac{1}{2} \angle SOQ$$

$$\angle SOQ$$

$$\text{বা, } 1 \text{ সমকোণ} = \frac{1}{2} (\angle POS + \angle SOQ) \quad [\because \text{দেওয়া আছে, } \angle PRS + \angle SRQ =$$

$$\text{বা, } \angle POS + \angle SOQ = 2 \times 1 \text{ এক সমকোণ}]$$

$$\text{সমকোণ}$$

$$\text{বা, } \angle POS + \angle SOQ = \text{দুই সমকোণ}$$

$$\text{বা, } \angle POQ = \text{দুই সমকোণ} \quad [\text{অঙ্কনানুসারে}]$$

$$\therefore \angle POQ = \text{এক সরলকোণ} \quad [\square \text{ এক সরলকোণ} = \text{দুই সমকোণ}]$$

অতএব, P, O এবং Q একই সরলরেখায় অবস্থিত। (প্রমাণিত)

প্রশ্ন ২৪ একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি., ৫

সে.মি. এবং অন্তর্ভুক্ত কোণ  $60^\circ$ । [সিলেট বোর্ড-২০১৭ ৮/প্রশ্ন

ক. প্রদত্ত উপাত্ত থেকে ত্রিভুজটি অঙ্কন করো। ২



খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন করো। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

গ. উক্ত বৃত্তে এমন একটি স্পর্শক আঁক যেন তা প্রদত্ত ত্রিভুজের দ্বিতীয় বাহুর সমান্তরাল হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

### ২৪ নং প্রশ্নের সমাধান

ক

ধ  $\frac{5 \text{ সে.মি.}}{8 \text{ সে.মি.}}$




দেওয়া আছে, একটি ত্রিভুজের দুইটি বাহু যথাক্রমে  $a = 5$  সে. মি.,

$b = 4$  সে. মি. এবং তাদের অন্তর্ভুক্ত কোণ  $\angle x = 60^\circ$ ।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬৮

গ



মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তটি 'ক' তে অঙ্কিত ABC ত্রিভুজের পরিবৃত্ত। উক্ত বৃত্তে এমন একটি স্পর্শক আঁকতে হবে যা প্রদত্ত ABC ত্রিভুজের দ্বিতীয় বাহু AB এর সমান্তরাল হয়।

অঙ্কন:

(১) কেন্দ্র O থেকে AB জ্যা-এর উপর  $OG \perp AB$  আঁকি যেন তা AB জ্যাকে G বিন্দুতে ছেদ করে।

(২) OG কে উভয় দিকে বর্ধিত করি। মনে করি, তা O কেন্দ্র বিশিষ্ট ABC বৃত্তকে T ও H বিন্দুতে ছেদ করে।

(৩) HT রেখার H ও T বিন্দুতে যথাক্রমে PQ ও XY লম্ব টানি।

তাহলে PQ বা XY-ই নির্ণেয় স্পর্শক হবে।

প্রশ্ন ২৫ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অন্ড্রলিখিত


ক. উপরের তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ করো যে, ABCD চতুর্ভুজটির বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ। ৪

গ. দেখাও  $\angle AOB + \angle COD = 2\angle AEB$ . ৪

### ২৫ নং প্রশ্নের সমাধান


ক



চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট ABCD চতুর্ভুজটি অন্ড্রলিখিত এবং AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে E বিন্দুতে ছেদ করেছে।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬১

গ



বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্রবিশিষ্ট কোনো বৃত্তে ABCD একটি অন্ড্রলিখিত চতুর্ভুজ। ইহার AC, BD কর্ণদ্বয় E বিন্দুতে ছেদ করেছে। A, O; B, O; C, O এবং D, O যোগ করা হলো। প্রমাণ করতে হবে যে,

$$\angle AOB + \angle COD = 2\angle AEB.$$

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১)  $\triangle AED$ -এ বহিঃস্থ  $\angle AEB =$  [ত্রিভুজের বহিঃস্থ  
বিপরীত অন্তঃস্থ  $(\angle ADE +$  কোণ বিপরীত অন্তঃ  
 $\angle EAD)$  স্থ কোণদ্বয়ের সমষ্টির  
অর্থাৎ,  $\angle AEB = \angle ADB +$  সমান]

(২) আবার, AB চাপের ওপর অবস্থিত  $\angle ADB$  বৃত্তস্থ কোণ এবং  $\angle AOB$  কেন্দ্রস্থ কোণ।

$$\therefore \angle AOB = 2\angle ADB$$

(৩) আবার, CD চাপের ওপর অবস্থিত  $\angle CAD$  বৃত্তস্থ কোণ এবং  $\angle COD$  কেন্দ্রস্থ কোণ।

$$\therefore \angle COD = 2\angle CAD$$

$$\begin{aligned} (8) \therefore \angle AOB + \angle COD &= 2\angle ADB + 2\angle CAD \\ &= 2(\angle ADB + \text{[ধাপ-১ থেকে] } \angle CAD) \\ &= 2\angle AEB \end{aligned}$$


$$\therefore \angle AOB + \angle COD = 2\angle AEB \text{ (প্রমাণিত)}$$

**প্রশ্ন ২৬**  $\Delta PQR$  এর ভূমি  $QR = 6$  cm. অপর দুই বাহুর অর্ধ 2cm এবং ভূমি সংলগ্ন কোণ  $45^\circ$ । **সমন্বিত অধ্যায় ৭**



[যশোর বোর্ড-২০১৭ // প্রশ্ন নং ৬]

- ক. পেন্সিল কম্পাসের সাহায্যে  $45^\circ$  কোণ আঁক। ২  
খ. বিবরণসহ  $\Delta PQR$  অঙ্কন করো। ৪  
গ.  $\frac{PQ}{2}$  ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁক যেন তাদের অর্ধবৃত্ত কোণ  $60^\circ$  হয়। ৪

**২৬ নং প্রশ্নের সমাধান**



চিত্রে,  $\angle AOC = 45^\circ$  অঙ্কন করা হলো।




দেওয়া আছে,  $\Delta PQR$  এর ভূমি,  $QR = a = 6$  cm, অপর দুই বাহুর অর্ধ,

$d = 2$ cm এবং ভূমি সংলগ্ন একটি কোণ  $\angle x = 45^\circ$ , ত্রিভুজটি আঁকতে হবে।

**অঙ্কনের বিবরণ:**

- (১) যে কোন রশ্মি QM থেকে  $QR = a = 6$ cm নিই।  
(২) QR রেখাংশের Q বিন্দুতে  $\angle RQS = \angle x = 45^\circ$  আঁকি।  
(৩) QS থেকে  $QN = d = 2$ cm নিই।  
(৪) R, N যোগ করি।  
(৫) RN রেখাংশের যে পাশে S বিন্দু আছে সেই পাশে R বিন্দুতে  $\angle RNS$  এর সমান করে  $\angle NRP$  আঁকি।  
(৬) RP রশ্মি QS কে P বিন্দুতে ছেদ করে।  
তাহলে  $\Delta PQR$ -ই উদ্দিষ্ট ত্রিভুজ।



মনে করি,  $\frac{PQ}{2}$  ব্যাসার্ধ বিশিষ্ট ABC একটি বৃত্ত যার কেন্দ্র O, উক্ত বৃত্তে এমন দুটি স্পর্শক আঁকতে হবে যাদের অর্ধবৃত্ত কোণ  $60^\circ$ ।

**অঙ্কনের বিবরণ:**


- (১) OA যেকোনো ব্যাসার্ধ নিই এবং  $\angle AOB = 120^\circ$  আঁকি। OB রশ্মি বৃত্তটিকে B বিন্দুতে ছেদ করেছে।  
(২) এখন, OA এর A বিন্দুতে AP এবং OB এর B বিন্দুতে BP লম্ব আঁকি।  
মনে করি, AP ও BP লম্বদ্বয় পরস্পরকে P বিন্দুতে ছেদ করেছে।  
তাহলে, AP ও BP ই উদ্দিষ্ট স্পর্শকদ্বয় যাদের অর্ধবৃত্ত কোণ  $60^\circ$ ।

**প্রশ্ন ২৭** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে কেন্দ্র থেকে AB ও CD জ্যা দুইটির দূরত্ব যথাক্রমে OE এবং OF. [বরিশাল বোর্ড-২০১৭ // প্রশ্ন নং ৬]


- ক. তথ্যানুযায়ী চিত্রটি আঁক। ২  
খ. যদি  $AB > CD$  হয় তাহলে প্রমাণ কর যে,  $OE < OF$ . ৪  
গ. যদি AB ও CD বৃত্তটির ভেতরে কোন বিন্দুতে পরস্পরকে সমকোণে ছেদ করে তবে প্রমাণ কর যে,  $\angle AOD + \angle BOC = 180^\circ$  ৪

২৭ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি নিরূপণ:



খ



ABDC বৃত্তের কেন্দ্র O। AB > CD, O থেকে AB ও CD এর উপরে যথাক্রমে OE ও OF লম্ব। তাহলে OE ও OF কেন্দ্র থেকে যথাক্রমে AB ও CD জ্যায়ের দূরত্ব নির্দেশ করে। প্রমাণ করতে হবে যে, AB, CD অপেক্ষা কেন্দ্রের নিকটতর অর্থাৎ OE < OF.

অঙ্কন : O, B এবং O, D যোগ করি।

প্রমাণ : ধাপ যথার্থতা

(১) যেহেতু OE ⊥ AB এবং OF ⊥ [সমকোণ] CD

সুতরাং ΔOFD ও ΔOEB  
সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে  
পিথাগোরাসের উপপাদ্য হতে পাই,  
OD<sup>2</sup> = OF<sup>2</sup> + FD<sup>2</sup> এবং OB<sup>2</sup>  
= OE<sup>2</sup> + BE<sup>2</sup>

(২) যেহেতু OD = OB [একই বৃত্তের ব্যাসার্ধ]

∴ OD<sup>2</sup> = OB<sup>2</sup>  
∴ OF<sup>2</sup> + FD<sup>2</sup> = OE<sup>2</sup> + BE<sup>2</sup>  
বা, OF<sup>2</sup> - OE<sup>2</sup> = BE<sup>2</sup> - FD<sup>2</sup>  
.... (i)

(৩) এখন, BE =  $\frac{1}{2}$  AB এবং FD =  $\frac{1}{2}$  CD [কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যেকোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখন্ডিত করে]

(৪) যেহেতু AB > CD, সেহেতু  $\frac{1}{2}$

$$AB > \frac{1}{2} CD$$

[ধাপ-৩ হতে]

বা, BE > FD

বা, BE<sup>2</sup> > FD<sup>2</sup>

∴ BE<sup>2</sup> - FD<sup>2</sup> > 0


∴ OF<sup>2</sup> - OE<sup>2</sup> > 0 [(i) নং হতে]

বা, OF<sup>2</sup> > OE<sup>2</sup>

বা, OF > OE

∴ OE < OF (প্রমাণিত)

গ



মনে করি, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB ও CD জ্যা দুটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত E বিন্দুতে সমকোণে মিলিত হয়েছে। A, O এবং D, O যোগ করায় ∠AOD উৎপন্ন হয়। আবার, O, C এবং O, B যোগ করায় ∠BOC উৎপন্ন হয়। প্রমাণ করতে হবে যে, ∠AOD + ∠BOC = দুই সমকোণ।

অঙ্কন: B, D যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) একই চাপ AD-এর ওপর দাঁড়ায়মান

কেন্দ্রস্থ ∠AOD এবং বৃত্তস্থ ∠ABD.

∴  $\frac{1}{2}$  ∠AOD = ∠ABD [বৃত্তের একই চাপের ওপর দাঁড়ায়মান

বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের

অর্ধেক]

অর্থাৎ, ∠AOD = 2∠ABD ... .. (i)

অনুরূপভাবে দেখানো যায় যে,

∴ ∠BOC = 2∠BDC ... .. (ii)

(২) (i) নং ও (ii) নং যোগ করে পাই,

∠AOD + ∠BOC = 2∠ABD + 2∠BDC

বা, ∠AOD + ∠BOC = 2(∠ABD + ∠BDC)

বা, ∠AOD + ∠BOC = 2(∠EBD + ∠EDB)  
... .. (iii)

এখন, Δ EBD-এর

∠EBD + ∠EDB = 1 সমকোণ ... .. (iv)

[কারণ AB ⊥ CD বলে ∠BED = এক সমকোণ]

(৩) (iv) নং এর মান (iii) নং-এ বসিয়ে পাই,

$$\angle AOD + \angle BOC = 2 \times 1 \text{ সমকোণ}$$

বা,  $\angle AOD + \angle BOC =$  দুই সমকোণ।

$$\therefore \angle AOD + \angle BOC = 180^\circ \text{ (প্রমাণিত)}$$

**প্রশ্ন ২৮** O কেন্দ্রবিশিষ্ট PQR বৃত্তে QR চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ  $\angle QPR$  এবং কেন্দ্রস্থ  $\angle QOR$ । [ঢাকা বোর্ড-২০১৬]  $\parallel$  প্রশ্ন নং ৫।


ক. OP = 6 cm হলে, বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে,  $\angle QPR = \frac{1}{2} \angle QOR$ । ৪

গ. যদি  $\angle QPS + \angle SPR = 90^\circ$  হয়, তবে প্রমাণ কর যে, Q, O এবং R একই সরলরেখায় অবস্থিত। ৪

**২৮ নং প্রশ্নের সমাধান**

**ক**



দেওয়া আছে, OP = 6 cm

অর্থাৎ, বৃত্তের ব্যাসার্ধ r = 6 cm


$$\therefore \text{বৃত্তটির ক্ষেত্রফল} = \pi r^2 \text{ বর্গএকক}$$

$$= 3.1416 \times 6^2 \text{ cm}^2$$

$$= 3.1416 \times 36 \text{ cm}^2$$

$$= 113.0976 \text{ cm}^2 \text{ (প্রায়) (Ans)}$$

**খ**



**বিশেষ নির্বচন:** মনে করি, O কেন্দ্রবিশিষ্ট PQR বৃত্তে QR চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ  $\angle QPR$  এবং কেন্দ্রস্থ  $\angle QOR$ ।

প্রমাণ করতে হবে যে,  $\angle QPR = \frac{1}{2} \angle QOR$

**অঙ্কন:** মনে করি, PR রেখাংশ কেন্দ্রগামী নয়। এক্ষেত্রে P বিন্দু দিয়ে কেন্দ্রগামী রেখাংশ PD আঁকি।

**প্রমাণ:** ধাপ যথার্থতা

(১)  $\Delta POQ$  এর বহিঃস্থ কোণ  
 $\angle QOD = \angle QPO + \angle PQO$  [বহিঃস্থ কোণ অঙ্কিত বৃত্তস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান]

(২)  $\Delta POQ$ -এ OP = OQ [একই বৃত্তের ব্যাসার্ধ]  
 অতএব,  $\angle QPO = \angle PQO$  [সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি

সংলগ্ন কোণ দুইটি সমান]

(৩) ধাপ (১) ও (২) থেকে

$$\angle QOD = \angle QPO + \angle PQO = 2\angle QPO$$

(৪) একইভাবে  $\Delta POR$  থেকে  $\angle ROD = 2\angle RPO$

(৫) ধাপ (৩) ও (৪) থেকে


$$\angle QOD + \angle ROD = 2\angle QPO + 2\angle RPO \text{ [যোগ করে]}$$

$$\text{বা, } \angle QOR = 2\angle QPR$$

$$\text{বা, } 2\angle QPR = \angle QOR$$

$$\therefore \angle QPR = \frac{1}{2} \angle QOR \text{ (প্রমাণিত)}$$

**গ**



**বিশেষ নির্বচন:** দেওয়া আছে, O কেন্দ্রবিশিষ্ট PQSR বৃত্তে  $\angle QPS + \angle SPR = 90^\circ$ । প্রমাণ করতে হবে যে, Q, O এবং R একই সরলরেখায় অবস্থিত।

**অঙ্কন:** Q, O ; S, O এবং R, O যোগ করি।

**প্রমাণ:** ধাপ যথার্থতা

(১) একই চাপ QS এর উপর দন্ডায়মান

বৃত্তস্থ  $\angle QPS$  এবং কেন্দ্রস্থ  $\angle QOS$

$$\therefore \angle QPS = \frac{1}{2} \angle QOS \text{ [বৃত্তের একই চাপের উপর}$$

দন্ডায়মান বৃত্তস্থ কোণ  
 কেন্দ্রস্থ কোণের অর্ধেক]

(২) আবার, একই চাপ SR এর ওপর দন্ডায়মান

বৃত্তস্থ  $\angle SPR$  এবং কেন্দ্রস্থ  $\angle SOR$

$$\therefore \angle SPR = \frac{1}{2} \angle SOR \text{ [একই কারণে]}$$

(৩) ধাপ (১) ও (২) হতে পাই,

$$\angle QPS + \angle SPR = \frac{1}{2} \angle QOS + \frac{1}{2} \angle SOR$$

$$\text{বা, } 90^\circ = \frac{1}{2} (\angle QOS + \angle SOR) \text{ [দেওয়া আছে, } \angle QPS + \angle SPR = 90^\circ \text{]}$$

$$\text{বা, } \angle QOS + \angle SOR = 2 \times 90^\circ$$

$$\therefore \angle QOR = 180^\circ$$

অর্থাৎ  $\angle QOR$  একটি সরলকোণ

$\therefore$  Q, O এবং R একই সরলরেখায় অবস্থিত। (প্রমাণিত)


**প্রশ্ন ২৯** O কেন্দ্রবিশিষ্ট PQR বৃত্তে A একটি বহিঃস্থ বিন্দু। AP এবং AQ বৃত্তের P ও Q বিন্দুতে দুইটি স্পর্শক।

[রাজশাহী বোর্ড-২০১৬ ৷ প্রশ্ন নং ৫]

- ক. উপরের তথ্যের আলোকে বৃত্তটির চিহ্নিত চিত্র আঁক। ২  
খ. প্রমাণ কর যে, AP = AQ। ৪  
গ. প্রমাণ কর যে, AO, PQ এর লম্বদ্বিখন্ডক। ৪

**২৯ নং প্রশ্নের সমাধান**

**ক**




চিত্রে O কেন্দ্রবিশিষ্ট PQR বৃত্তের A একটি বহিঃস্থ বিন্দু এবং AP ও AQ বৃত্তের P ও Q বিন্দুতে দুটি স্পর্শক।

- খ** প্রমাণ করতে হবে যে, AP = AQ.  
অঙ্কন: O, P; O, Q এবং O, A যোগ করি।  
প্রমাণ: ধাপ যথার্থতা

(১) যেহেতু AP স্পর্শক এবং OP স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ,  
∴ AP ⊥ OP [স্পর্শক সূত্র]  $\angle APO = 90^\circ$   
সুতরাং  $\angle APO = 90^\circ$  এক সমকোণ স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।  
অনুরূপভাবে,  $\angle AQO = 90^\circ$  এক সমকোণ।

(২) এখন, APO ও AQO সমকোণী ত্রিভুজদ্বয়ে অতিভুজ AO = অতিভুজ AO [একই বৃত্তের ব্যাসার্ধ] এবং OP = OQ [সমকোণী ত্রিভুজের অতিভুজ বাহু সর্বসমতা]  
∴  $\triangle APO \cong \triangle AQO$   
∴ AP = AQ. (প্রমাণিত)

**গ**



অঙ্কন: P, Q যোগ করি যা AO কে M বিন্দুতে ছেদ করে।

প্রমাণ: ধাপ যথার্থতা

- (১)  $\triangle AOP$  ও  $\triangle AOQ$  এর মধ্যে  
OP = OQ [একই বৃত্তের ব্যাসার্ধ]  
AP = AQ [বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তে দুইটি স্পর্শক টানলে, ঐ বিন্দু থেকে স্পর্শ বিন্দুদ্বয়ের দূরত্ব সমান।]

AO = AO [সাধারণ বাহু]

∴  $\triangle AOP \cong \triangle AOQ$

∴  $\angle AOP = \angle AOQ$

অর্থাৎ  $\angle POM = \angle QOM$

(২) এখন,  $\triangle OPM$  ও  $\triangle OQM$  এ

OP = OQ [একই বৃত্তের ব্যাসার্ধ]

OM = OM [সাধারণ বাহু]

এবং অন্তর্ভুক্ত  $\angle POM = \text{অন্তর্ভুক্ত } \angle QOM$

∴  $\triangle OPM \cong \triangle OQM$

∴  $\angle OMP = \angle OMQ$  এবং PM = QM

কিন্তু এরা রৈখিক যুগলকোণ এবং এদের পরিমাপ সমান।

∴  $\angle OMP = \angle OMQ = 90^\circ$

∴ OM ⊥ PQ

অর্থাৎ AO ⊥ PQ এবং M, PQ এর মধ্যবিন্দু

∴ AO, PQ এর লম্বদ্বিখন্ডক। (প্রমাণিত)


**প্রশ্ন ৩০** সমকোণী ত্রিভুজের অতিভুজ এবং সমকোণ সংলগ্ন এক বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সে.মি. এবং 4 সে.মি.। [সমন্বিত অধ্যায় ৭ ও ৮]

[রাজশাহী বোর্ড-২০১৬ ৷ প্রশ্ন নং ৬]

- ক. ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ২  
খ. একটি বর্গ আঁক, যার পরিসীমা ত্রিভুজের পরিসীমার সমান। (অংকনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪  
গ. ত্রিভুজটির পরিবৃত্ত অংকন কর। (অংকনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

**৩০ নং প্রশ্নের সমাধান**

**ক**



মনে করি,  $\triangle ABC$  এর  $\angle B = 90^\circ$  এবং অতিভুজ, AC = 7 সে.মি. এবং সমকোণ সংলগ্ন বাহু, BC = 4 সে.মি.

পিথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই,

$$AB^2 + BC^2 = AC^2$$

$$\text{বা, } AB^2 = AC^2 - BC^2 = 7^2 - 4^2 = 49 - 16 = 33$$

$$\therefore AB = 5.74$$

∴ অপর বাহুর দৈর্ঘ্য 5.74 সে.মি. (প্রায়) (Ans.)

**খ**


'ক' থেকে পাই,

ত্রিভুজের পরিসীমা = (7 + 4 + 5.74) সে.মি. = 16.74 সে.মি.

এখন এমন একটি বর্গ আঁকতে হবে যার পরিসীমা ত্রিভুজের পরিসীমার সমান।

∴ বর্গের পরিসীমা = 16.74 সে.মি.

∴ বর্গের বাহুর দৈর্ঘ্য =  $(16.74 \div 4)$  সে.মি. = 4.19  
সে.মি. (প্রাক্ক)




মনে করি, বর্গটির বাহুর দৈর্ঘ্য,  $a = 4.19$  সে.মি. বর্গটি  
আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:

- (১) যেকোনো রশ্মি AX থেকে  $AB = a$  নিই। AB এর উপর  
AE লম্ব আঁকি।
- (২) AE থেকে  $AD = a$  নিই।
- (৩) এখন, B ও D কে কেন্দ্র করে  $a = 4.19$  এর সমান  
ব্যাসার্ধ নিয়ে  $\angle BAD$  এর অভ্যন্তরে দুটি বৃত্তচাপ আঁকি  
যা পরস্পরকে C বিন্দুতে ছেদ করেছে।
- (৪) B, C ও D, C যোগ করি।  
তাহলে ABCD-ই উদ্দিষ্ট বর্গ।

গ ধ \_\_\_\_\_  
৭ সে.মি.  
ন \_\_\_\_\_  
৪ সে.মি.



মনে করি, সমকোণী ত্রিভুজের অতিভুজ  $a = 7$  সে.মি., একটি  
বাহু  $b = 4$  সে.মি.। ত্রিভুজটি অঙ্কন করে এর পরিবৃত্ত আঁকতে  
হবে। যেহেতু সমকোণী ত্রিভুজের পরিবৃত্তের কেন্দ্র অতিভুজের  
উপর অবস্থিত, তাই অতিভুজের মধ্যবিন্দু হবে পরিকেন্দ্র।

অঙ্কনের বিবরণ:

- (১)  $BC = b$  নিই।
- (২) B বিন্দুতে  $BF \perp BC$  আঁকি।
- (৩) C কে কেন্দ্র করে  $a$  এর সমান করে BF এর উপর একটি  
বৃত্তচাপ আঁকি।

(৪) বৃত্তচাপটি BF কে A বিন্দুতে ছেদ করে। A, C যোগ  
করি। তাহলে ABC একটি সমকোণী ত্রিভুজ অঙ্কিত  
হলো।

(৫) অতিভুজ AC এর মধ্যবিন্দু O নির্ণয় করি।

(৬) O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত  
আঁকি যা A, B ও C বিন্দু দিয়ে অতিক্রম করে। তাহলে  
ABC-ই নির্ণেয় পরিবৃত্ত।


প্রশ্ন ৩১ একটি বৃত্তে AB ও CD দুইটি জ্যা। AB জ্যা এর  
উপর লম্ব CD। AB ও CD জ্যা দ্বয় বৃত্তের অভ্যন্তরে E  
বিন্দুতে ছেদ করে। AC ও BD চাপদ্বয় কেন্দ্রে যথাক্রমে  
 $\angle AOC$  ও  $\angle BOD$  কোণ উৎপন্ন করেছে।

[দিনাজপুর বোর্ড-২০১৬ ৮/প্রশ্ন নং ৬]

- ক. তথ্যানুযায়ী চিত্রটি অঙ্কন কর। ২
- খ. দেখাও যে,  $\angle AOC + \angle BOD = 2\angle AEC$ . ৪
- গ. প্রমাণ কর যে,  $\angle AOC + \angle BOD =$  দুই সমকোণ। ৪

৩১ নং প্রশ্নের সমাধান

ক



খ বিশেষ নির্বচন: মনে করি, AB ও CD জ্যা দুইটি O  
কেন্দ্রবিশিষ্ট বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে লম্বভাবে ছেদ  
করেছে। O, A; O, B; O, C এবং O, D যোগ করি।  
AC ও BD চাপদ্বয় কেন্দ্রে যথাক্রমে  $\angle AOC$  এবং  
 $\angle BOD$  উৎপন্ন করেছে।

প্রমাণ করতে হবে যে,  $\angle AOC + \angle BOD = 2$   
 $\angle AEC$ .

অঙ্কন: A, D যোগ করি।

প্রমাণঃ ধাপ

যথার্থতা

(১)  $\triangle ADE$ -এ,

বহিঃস্থ  $\angle AEC =$  অন্তঃস্থ

$(\angle ADE + \angle EAD)$

অর্থাৎ  $\angle AEC = \angle ADC +$   
 $\angle BAD$

(২) এখন, AC চাপের ওপর

অবস্থিত  $\angle ADC$  বৃত্তস্থ কোণ

এবং  $\angle AOC$  কেন্দ্রস্থ কোণ।


[ত্রিভুজের বহিঃস্থ কোণ  
অন্তঃস্থ বিপরীত  
কোণদ্বয়ের সমষ্টি  
সমান]

$\therefore \angle AOC = 2\angle ADC$  [বৃত্তের একই চাপের উপর দাঁয়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

(৩) আবার, BD চাপের ওপর অবস্থিত  $\angle BAD$  বৃত্তস্থ কোণ এবং  $\angle BOD$  কেন্দ্রস্থ কোণ।

$\therefore \angle BOD = 2\angle BAD$  [এ একই কারণে]

(৪)  $\therefore \angle AOC + \angle BOD = 2\angle ADC + 2\angle BAD$   
 $= 2(\angle ADC + \text{[ধাপ-১ হতে] } \angle BAD)$   
 $= 2\angle AEC$   
 $\therefore \angle AOC + \angle BOD = 2\angle AEC$  (দেখানো হলো)



**বিশেষ নির্বচন :** মনে করি, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB ও DC জ্যা দুটি বৃত্তের অভ্যন্তর অবস্থিত E বিন্দুতে সমকোণে মিলিত হয়েছে। A, O এবং C, O যোগ করায়  $\angle AOC$  উৎপন্ন হয়। আবার, O, D এবং O, B যোগ করায়  $\angle BOD$  উৎপন্ন হয়। প্রমাণ করতে হবে যে,  $\angle AOC + \angle BOD =$  দুই সমকোণ।

**অঙ্কন:** B, C যোগ করি।

**প্রমাণ:** ধাপ

**যথার্থতা**

(১) একই চাপ AC-এর ওপর দাঁয়মান কেন্দ্রস্থ  $\angle AOC$  এবং বৃত্তস্থ  $\angle ABC$ .

$\therefore \frac{1}{2}\angle AOC = \angle ABC$  [বৃত্তের একই চাপের ওপর

দাঁয়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের

অর্ধেক]

অর্থাৎ,  $\angle AOC = 2\angle ABC \dots \dots \dots$  (i)

অনুরূপভাবে দেখানো যায় যে,

$\angle BOD = 2\angle BCD \dots \dots \dots$  (ii)

(২) (i) নং ও (ii) নং যোগ করে পাই,

$\angle AOC + \angle BOD = 2\angle ABC + 2\angle BCD$   
 বা,  $\angle AOC + \angle BOD = 2(\angle ABC + \angle BCD)$   
 বা,  $\angle AOC + \angle BOD = 2(\angle EBC + \angle ECB)$   
 $\dots \dots \dots$  (iii)

এখন,  $\triangle EBC$ -এর

$\angle EBC + \angle ECB = 1$  সমকোণ  $\dots \dots \dots$  (iv)

[কারণ  $AB \perp DC$

বলে

$\angle BEC =$  এক

সমকোণ]

(৩) (iv) নং এর মান (iii) নং-এ বসিয়ে পাই,

$\angle AOC + \angle BOD = 2 \times 1$  সমকোণ

$\therefore \angle AOC + \angle BOD =$  দুই সমকোণ। (প্রমাণিত)

**প্রশ্ন ৩২** PQR একটি সমবাহু ত্রিভুজ যার প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 5 সে.মি.।  $\angle Q$  ও  $\angle R$ -এর বহির্দিকস্থ কোণদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়।


◀সমন্বিত অধ্যায় ৬ ও ৮

[কুমিল-৭ বোর্ড-২০১৬ // প্রশ্ন নং ৪]

- ক. প্রদত্ত তথ্য অনুযায়ী চিত্রটি আঁক। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle QOR = 90^\circ - \frac{1}{2}\angle P$ . ৪
- গ. উদ্দীপকে উল্লিখিত ত্রিভুজটির অসম্বর্ত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**৩২ নং প্রশ্নের সমাধান**

**ক**



চিত্রে PQR একটি সমবাহু ত্রিভুজ যার  $PQ = QR = PR = 5$  সে.মি.।  $\angle Q$  ও  $\angle R$  এর বহির্দিকস্থ কোণদ্বয় যথাক্রমে QO ও RO পরস্পর O বিন্দুতে মিলিত হয়।

**খ**

**বিশেষ নির্বচন:** মনে করি, PQR সমবাহু ত্রিভুজের PQ ও PR বাহুদ্বয়কে যথাক্রমে M ও N বিন্দু পর্যন্ত বর্ধিত করায় দুটি বহিঃকোণ  $\angle RQM$  ও  $\angle QRN$  উৎপন্ন হয়েছে। এখন,  $\angle RQM$  এর সমদ্বিখন্ডক QO,  $\angle QRN$  এর সমদ্বিখন্ডক RO পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে,  $\angle QOR = 90^\circ - \frac{1}{2} \angle P$ .

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১)  $\Delta PQR$ -এ

$\angle P + \angle Q + \angle R = 180^\circ$  [ $\because$  ত্রিভুজের তিনকোণের

সমষ্টি  $180^\circ$ ]

বা,  $\frac{1}{2} \angle P + \frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle R = 90^\circ$  [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

বা,  $\frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle R = 90^\circ - \frac{1}{2} \angle P$

(২) আবার,  $\Delta QOR$ -এ

$\angle QOR + \angle OQR + \angle ORQ = 180^\circ$  [একই কারণ]

বা,  $\angle QOR + \frac{1}{2} \angle MQR + \frac{1}{2} \angle QRN = 180^\circ$  [OQ, OM, OR এর সমদিক্ষিক]

এবং OR,  $\angle QRN$  এর সমদিক্ষিক]

বা,  $\angle QOR + \frac{1}{2} (180^\circ - \angle Q) + \frac{1}{2} (180^\circ - \angle R) = 180^\circ$

[ $\because$   $\angle MQR,$

$\angle Q$  এর

এবং  $\angle QRN,$

$\angle R$  এর

সম্পূরক কোণ]

বা,  $\angle QOR + 90^\circ - \frac{1}{2} \angle Q + 90^\circ - \frac{1}{2} \angle R = 180^\circ$

বা,  $\angle QOR + 180^\circ - \left( \frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle R \right) = 180^\circ$


বা,  $\angle QOR + 180^\circ - \left( 90^\circ - \frac{1}{2} \angle P \right) = 180^\circ$  [ধাপ-১ থেকে]

বা,  $\angle QOR + 180^\circ - 90^\circ + \frac{1}{2} \angle P = 180^\circ$

বা,  $\angle QOR = 180^\circ - 90^\circ - \frac{1}{2} \angle P$

$\therefore \angle QOR = 90^\circ - \frac{1}{2} \angle P$  (প্রমাণিত)

গ



বিশেষ নির্বাচন: দেওয়া আছে, PQR একটি সমবাহু ত্রিভুজের  $PQ = QR = PR = 5$  সে.মি. যার অন্তর্ভুক্ত আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:

(১)  $\angle PQR$  ও  $\angle PRQ$  এর সমদিক্ষিক যথাক্রমে QM ও RN আঁকি যা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।

(২) O হতে QR এর উপর OA লম্ব আঁকি যা QR কে A বিন্দুতে ছেদ করে।

(৩) এখন, O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি যা PQ, QR ও PR বাহুত্রয়কে যথাক্রমে B, A ও C বিন্দুতে স্পর্শ করে।

তাহলে ABC-ই উদ্দিষ্ট অন্তর্ভুক্ত।

প্রশ্ন-৩৩ PQRS চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত।

PR এবং QS কর্ণদ্বয় পরস্পরকে M বিন্দুতে ছেদ করে। [কুমিল-৭ বোর্ড-২০১৬]

ক. উদ্দীপকের আলোকে চিত্রটি আঁক।

২

খ.  $PQ = SR$  হলে প্রমাণ কর যে, কেন্দ্র O হতে PQ ও SR সমদূরবর্তী।


৪

গ. প্রমাণ কর যে,  $\angle POQ + \angle ROS = 2 \angle PMQ$

৪


৩৩ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে PQRS চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত। PR ও QS কর্ণদ্বয় পরস্পরকে M বিন্দুতে ছেদ করেছে।

খ



বিশেষ নির্বাচন : মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQ ও SR দুটি জ্যা যেখানে  $PQ = SR$ , প্রমাণ করতে হবে যে, কেন্দ্র O হতে PQ ও SR সমদূরবর্তী।

অংকন: O থেকে  $OE \perp PQ$  এবং  $OF \perp RS$  আঁকি। O, P এবং O, S যোগ করি।

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১) যেহেতু  $OE \perp PQ$  ও  $OF \perp RS$

$$\therefore PE = \frac{1}{2} PQ \text{ এবং } SF = \frac{1}{2} SR \quad [\text{কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন}]$$

জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যা কে সমদ্বিখন্ডিত করে।

(২) কিন্তু,  $PQ = SR$

$$\text{বা, } \frac{1}{2} PQ = \frac{1}{2} SR$$

$$\text{বা, } PE = SF \quad [\text{ধাপ-১ হতে}]$$

(৩) এখন, PEO ও SFO সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে

$$OP = OS \quad [\text{একই বৃত্তের ব্যাসার্ধ}]$$

$$PE = SF \quad [\text{ধাপ-২ হতে পাই}]$$

$\therefore \triangle PEO \cong \triangle SFO$  [সমকোণী ত্রিভুজের অতিভুজ বাহু সর্বসমতা]

$$\therefore OE = OF$$

(৪) কিন্তু OE ও OF যথাক্রমে কেন্দ্র O থেকে PQ ও SR এর দূরত্ব প্রকাশ করে।

অতএব, কেন্দ্র O থেকে PQ ও SR সমদূরবর্তী। (প্রমাণিত)

গ সৃজনশীল ১০(গ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ▶ ৩৪ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB, CD দুটি জ্যা।

[চট্টগ্রাম বোর্ড-২০১৬ // প্রশ্ন নং ৪]


ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে চিত্রটি অঙ্কন কর। ২

খ. AB, CD জ্যা দ্বয় যদি কেন্দ্র থেকে সমদূরবর্তী হয়, তাহলে প্রমাণ কর,  $AB = CD$ । ৪

গ. AB, CD জ্যা দ্বয় বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে ছেদ করলে AC ও BD চাপদ্বয় কেন্দ্রে যে দুইটি কোণ উৎপন্ন করে, তাদের সমষ্টি  $\angle AEC$  এর দ্বিগুণ - প্রমাণ কর। ৪

৩৪ নং প্রশ্নের সমাধান

ক



খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.১ এর উপপাদ্য-১৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৫

গ সৃজনশীল ৩১(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ৩৫ একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৩ সে.মি. এবং ৪ সে.মি.। ◀সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[সিলেট বোর্ড-২০১৬ // প্রশ্ন নং ৫]

ক. উদ্দীপকের ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট একটি বর্গক্ষেত্র অংকন কর। (অংকনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ. উক্ত বর্গের পরিবৃত্ত অংকন কর। (অংকনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

৩৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় ৩ সে.মি. ও ৪ সে.মি.

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী পাই,

$$(\text{অতিভুজ})^2 = 3^2 + 4^2 = 9 + 16 = 25$$

$$\text{বা, অতিভুজ} = \sqrt{25}$$

$$\therefore \text{অতিভুজ} = 5 \text{ সে.মি. (Ans.)}$$


খ ত্রিভুজটির পরিসীমা =  $(3 + 4 + 5)$  সে.মি. = 12 সে.মি. (Ans.)

এখন এমন একটি বর্গ আঁকতে হবে যার পরিসীমা ত্রিভুজটির পরিসীমার সমান।

$$\therefore \text{বর্গের পরিসীমা} = 12 \text{ সে.মি.}$$

$$\therefore \text{বর্গের এক বাহুর দৈর্ঘ্য } d = \frac{12}{4} \text{ সে.মি.} = 3 \text{ সে.মি.}$$

ফ — ৩ সে.মি. —



মনে করি, বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য,  $d = 3$  সে.মি. দেওয়া আছে। বর্গক্ষেত্রটি আঁকতে হবে।

অঙ্কনের বিবরণ:


(১) যেকোনো রশ্মি BE হতে  $BC = d = 3$  সে.মি. কেটে নেই।

(২) BC রেখাংশের B বিন্দুতে BF লম্ব অঙ্কন করি এবং BF হতে

$$BA = d = 3 \text{ সে.মি. কেটে নেই।}$$

(৩) এখন A ও C বিন্দুকে কেন্দ্র করে  $d = 3$  সে.মি. ব্যাসার্ধ নিয়ে  $\angle ABC$ -এর অভ্যন্তরে দুইটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পরকে D বিন্দুতে ছেদ করে।

(৪) A, D ও C, D যোগ করি। তাহলে ABCD-ই উদ্দিষ্ট বর্গক্ষেত্র।



মনে করি, ABCD একটি বর্গ যার বাহুর দৈর্ঘ্য  $a = 3$  সে.মি. এই বর্গের পরিবৃত্ত অংকন করতে হবে।

অঙ্কনের বিবরণ :

- (১) A, C ও B, D যোগ করি। এরা পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
- (২) O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি বর্গের শীর্ষবিন্দু A, B, C ও D দিয়ে যায়। এই বৃত্তই ABCD বর্গের নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ৩৬ O কেন্দ্রবিশিষ্ট PQRS বৃত্তে PQ ও RS দুইটি সমান জ্যা।

[সিলেট বোর্ড-২০১৬ // প্রশ্ন নং ৬]

- ক. বৃত্তটির ব্যাস 10 সে.মি. হলে বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে, PQ ও RS জ্যা দুইটি কেন্দ্র থেকে সমদূরবর্তী। ৪
- গ. যদি  $PQ > RS$  হয়, তবে প্রমাণ কর যে, PQ জ্যা RS জ্যা অপেক্ষা কেন্দ্রের নিকটতর। ৪

৩৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বৃত্তটির ব্যাস 10 সে.মি.


$$\therefore \text{বৃত্তটির ব্যাসার্ধ, } r = \frac{10}{2} \text{ সে.মি.} = 5 \text{ সে.মি.}$$

$$\therefore \text{বৃত্তটির ক্ষেত্রফল} = \pi r^2 \text{ বর্গ একক}$$

$$= 3.1416 \times 5^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 78.54 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.১ এর উপপাদ্য ১৮ এর অনুরূপ। পৃষ্ঠা-১৫৪



বিশেষ নির্বচন: দেওয়া আছে, O কেন্দ্রবিশিষ্ট PQRS বৃত্তে  $PQ > RS$ । O থেকে PQ ও RS জ্যাদ্বয়ের উপর যথাক্রমে OM ও ON লম্ব। তাহলে OM ও ON কেন্দ্র O থেকে যথাক্রমে PQ ও RS জ্যাদ্বয়ের দূরত্ব নির্দেশ করে। প্রমাণ করতে হবে যে, PQ জ্যা RS জ্যা অপেক্ষা কেন্দ্রের নিকটতর। অর্থাৎ  $OM < ON$ .

অঙ্কন: O, P ; O, R; O, Q ও O, S যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১)  $\triangle OMQ$  ও  $\triangle ONS$  সমকোণী ত্রিভুজদ্বয়ে

$$OQ^2 = OM^2 + QM^2$$

$$\text{এবং } OS^2 = ON^2 + SN^2 \quad [\text{পিথাগোরাসের উপপাদ্য}]$$

(২) যেহেতু,  $OQ = OS$  [একই বৃত্তের ব্যাসার্ধ]

$$\therefore OQ^2 = OS^2$$

$$\therefore OM^2 + QM^2 = ON^2 + SN^2 \quad [\text{ধাপ-১}]$$

$$\text{বা, } QM^2 - SN^2 = ON^2 - OM^2 \dots\dots\dots (i)$$

(৩) এখন  $QM = \frac{1}{2}PQ$  এবং  $SN = \frac{1}{2}RS$  [কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন যে কোন জ্যা এর উপর অঙ্কিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে]

(৪) যেহেতু  $PQ > RS$ , সুতরাং  $\frac{1}{2}PQ > \frac{1}{2}RS$

$$\therefore QM > SN$$

$$\text{বা, } QM^2 > SN^2 \quad [\text{ধাপ-৩ হতে}]$$

$$\therefore QM^2 - SN^2 > 0$$

$$\therefore ON^2 - OM^2 > 0 \quad [(i) \text{ থেকে}]$$


$$\text{বা, } ON^2 > OM^2$$

$$\text{বা, } ON > OM$$

$$\therefore OM < ON \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ৩৭

[যশোর বোর্ড-২০১৬ // প্রশ্ন নং ৫]



ক. উদ্দীপকের BC চাপের ওপর অবস্থিত বৃত্তস্থ কোণ ও কেন্দ্রস্থ কোণের নাম লিখ। ২


খ.  $\angle OAB = \angle OAC$  হলে দেখাও যে,  $AB = AC$ . ৪

গ. প্রমাণ কর যে,  $\angle BAC = \frac{1}{2} \angle BOC$ . ৪

৩৭ নং প্রশ্নের সমাধান

ক উদ্দীপকের চিত্রে, BC चापের উপর অবস্থিত বৃত্তস্থ  $\angle BAC$  এবং কেন্দ্রস্থ  $\angle BOC$ ।

খ



ক কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে  $\angle OAB = \angle OAC$ । দেখাতে হবে যে,  $AB = AC$ ।

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১)  $\triangle AOB$ -এ

$OA = OB$  [একই বৃত্তের ব্যাসার্ধ বলে]

$\therefore \angle OBA = \angle OAB$  [সমান সমান বাহুর বিপরীত কোণদ্বয় সমান]

(২) আবার,  $\triangle AOC$ -এ

$OA = OC$  [একই বৃত্তের ব্যাসার্ধ বলে]

$\therefore \angle OCA = \angle OAC$

এখন,  $\angle OAB = \angle OAC$  [দেওয়া আছে]

$\therefore \angle OBA = \angle OCA$

(৩) এখন  $\triangle AOB$  ও  $\triangle AOC$  এ

$\angle OAB = \angle OAC$ ,  $\angle OBA = \angle OCA$ ,  $OA$  সাধারণ বাহু

$\therefore \triangle AOB \cong \triangle AOC$  [কোণ-বাহু-কোণ উপপাদ্য]

সুতরাং,  $AB = AC$ . (প্রমাণিত)

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৮

অতঃপর,  $\angle BAC = \frac{1}{2} \angle BOC$ . (প্রমাণিত)

প্রশ্ন ৩৮ একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে ৩.৫ সে.মি., ৪.৫ সে.মি. এবং ৫.৫ সে.মি.। [যশোর বোর্ড-২০১৬]


ক. তথ্যানুসারে ত্রিভুজটি আঁক। ২

খ. ত্রিভুজটির বহির্বৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

গ. ত্রিভুজটির বৃহত্তম বাহুর সমান বাহুবিশিষ্ট একটি বর্গের অন্তর্ভুক্ত বৃত্ত ও পরিবৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪


৩৮ নং প্রশ্নের সমাধান

ক



$\triangle ABC$  এর  $BC = 3.5$  সে.মি.,  $AC = 4.5$  সে.মি. এবং  $AB = 5.5$  সে.মি.।

খ



মনে করি, ABC একটি ত্রিভুজ। এর  $AB = 5.5$  সে.মি.,  $AC = 4.5$  সে.মি. এবং  $BC = 3.5$  সে.মি.। এর বহির্বৃত্ত আঁকতে হবে। অর্থাৎ, এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের একটি বাহুকে এবং অপর দুই বাহুর বর্ধিতাংশকে স্পর্শ করে।

অঙ্কন:

(১) AB ও AC বাহুদ্বয়কে যথাক্রমে D ও F পর্যন্ত বর্ধিত করি।


(২)  $\angle DBC$  ও  $\angle FCB$  এর সমদ্বিখণ্ডক BM এবং CN আঁকি। মনে করি, E তাদের ছেদ বিন্দু।

(৩) E থেকে BC এর ওপর EH লম্ব আঁকি এবং মনে করি তা BC কে H বিন্দুতে ছেদ করে।

(৪) E কে কেন্দ্র করে EH এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।

তাহলে, এই বৃত্তটিই নির্ণেয় বহির্বৃত্ত।

প্রশ্ন ৩৯



বিশেষ নির্বচন: মনে করি, ABCD একটি বর্গ। এর বাহুর দৈর্ঘ্য = ত্রিভুজের বৃহত্তম বাহুর দৈর্ঘ্য  $a = 5.5$  সে.মি.। এই বর্গের অঙ্গুষ্ঠ ও পরিবৃত্ত আঁকতে হবে।

অঙ্কন:

- (১) A, C এবং B, D যোগ করি। AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
- (২) O হতে AB এর ওপর OE লম্ব টানি। OE, AB কে E বিন্দুতে ছেদ করে।
- (৩) O কে কেন্দ্র করে OE এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।
- (৪) বৃত্তটি AB, BC, CD ও DA বাহুগুলোকে যথাক্রমে E, F, G ও H বিন্দুতে স্পর্শ করে।
- (৫) তাহলে, EFGH-ই নির্ণেয় অঙ্গুষ্ঠ।
- (৬) আবার, O-কে কেন্দ্র করে OA-এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি বর্গের শীর্ষবিন্দু A, B, C ও D দিয়ে যায়।  
এই বৃত্তই, ABCD বর্গের নির্ণেয় পরিবৃত্ত।


প্রশ্ন ৩৯  $\Delta PQR$  এ  $\angle Q$  ও  $\angle R$  এর সমদ্বিখন্ডকদ্বয় S বিন্দুতে এবং বহির্দ্বিখন্ডকদ্বয় T বিন্দুতে মিলিত হয়েছে।

[দিনাজপুর বোর্ড-২০১৫; বরিশাল বোর্ড-২০১৬ ৮ প্রশ্ন নং ৫]


- ক. উপরোক্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle QSR = 90^\circ + \frac{1}{2} \angle P$ । ৪
- গ. প্রমাণ কর যে, Q, S, R, T বিন্দু চারটি সমবৃত্ত। ৪

৩৯ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি নিরূপ:



খ



বিশেষ নির্বচন: দেওয়া আছে,  $\Delta PQR$  এর  $\angle Q$  এবং  $\angle R$  এর সমদ্বিখন্ডকদ্বয় S বিন্দুতে মিলিত হয়েছে। অর্থাৎ, QS এবং RS যথাক্রমে  $\angle PQR$  এবং  $\angle PRQ$  এর সমদ্বিখন্ডক। প্রমাণ করতে হবে যে,  $\angle QSR = 90^\circ + \frac{1}{2} \angle P$ ।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১)  $\Delta PQR$ -এ

$$\angle P + \angle Q + \angle R = 180^\circ [\because \text{ত্রিভুজের তিন কোণের সমষ্টি } 180^\circ]$$

$$\text{বা, } \frac{1}{2} \angle P + \frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle R = 90^\circ [\text{উভয় পক্ষকে 2 দ্বারা ভাগ করে পাই}]$$

$$\therefore \frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle R = 90^\circ - \frac{1}{2} \angle P$$

(২)  $\Delta QSR$ -এ

$$\angle QSR + \angle SQR + \angle SRQ = 180^\circ$$

$$\text{বা, } \angle QSR + \frac{1}{2} \angle Q + \frac{1}{2} \angle R = 180^\circ [\because \text{QS এবং RS রেখা}$$

যথাক্রমে  $\angle Q$  ও  $\angle R$ -এর সমদ্বিখন্ডক]


$$\text{বা, } \angle QSR + 90^\circ - \frac{1}{2} \angle P = 180^\circ [\text{ধাপ-১}$$

হতে]

$$\text{অধ্যাক্ষাণ্ডে } \angle QSR = 180^\circ - 90^\circ + \frac{1}{2} \angle P$$

$$\therefore \angle QSR = 90^\circ + \frac{1}{2} \angle P \text{ (প্রমাণিত)}$$

গ



বিশেষ নির্বচন:  $\Delta PQR$ -এ  $\angle Q$  ও  $\angle R$ -এর সমদ্বিখন্ডকদ্বয় যথাক্রমে QS ও RS, S বিন্দুতে মিলিত হয়েছে। PQ বাহুকে E পর্যন্ত এবং PR বাহুকে F পর্যন্ত বর্ধিত করায় যথাক্রমে  $\angle EQR$  এবং  $\angle FRQ$  বহিঃস্থ কোণদ্বয় উৎপন্ন হয়েছে।  $\angle EQR$  এবং  $\angle FRQ$  এর সমদ্বিখন্ডকদ্বয় অর্থাৎ  $\angle Q$  এবং  $\angle R$  এর বহিঃদ্বিখন্ডকদ্বয় যথাক্রমে QT এবং RT, T বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, Q, S, R, T বিন্দু চারটি সমবৃত্ত।

প্রমাণ: ধাপ

যথার্থতা

(১)  $\angle PQR + \angle EQR = 2$  সমকোণ [রৈখিক যুগল কোণ]

বা,  $\frac{1}{2} \angle PQR + \frac{1}{2} \angle EQR = 1$  সমকোণ [উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

বা,  $\angle SQR + \angle TQR = 1$  সমকোণ

[ $\because$  QS,  $\angle PQR$ -এর সমদ্বিখন্ডক  $\therefore \frac{1}{2} \angle PQR =$

$\angle SQR$  এবং QT,  $\angle EQR$  এর সমদ্বিখন্ডক  $\therefore \frac{1}{2}$

$\angle EQR = \angle TQR$  ]

বা,  $\angle SQT = 1$  সমকোণ ... .. (i)

তদ্রূপ,  $\angle SRT = 1$  সমকোণ ... .. (ii)

(২) (i) নং এবং (ii) নং যোগ করে পাই,

$\angle SQT + \angle SRT = 2$  সমকোণ

$\therefore$  চতুর্ভুজ QSRT-এ  $\angle SQT + \angle SRT = 2$  সমকোণ

অর্থাৎ, চতুর্ভুজ QSRT এর দুটি বিপরীত কোণ  $\angle SQT$  এবং  $\angle SRT$  পরস্পর সম্পূরক।


সুতরাং, Q, S, R, T বিন্দু চারটি সমবৃত্ত। (প্রমাণিত)

**প্রশ্ন 80** একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ও একটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি. এবং 4 সে.মি.। [বিশাল বোর্ড-২০১৬]


- ক. ত্রিভুজটি আঁক। ২  
খ. ত্রিভুজটির পরিবৃত্ত অংকন কর। [অংকনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪  
গ. উক্ত বৃত্তে এমন একটি স্পর্শক অংকন কর, যেন তা নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব হয়। [অংকনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

### ৪০ নং প্রশ্নের সমাধান

ক



গ




মনে করি, ABC একটি সমকোণী ত্রিভুজ। যার অতিভুজ AC = 6 সে.মি. এবং একটি বাহুর দৈর্ঘ্য 4 সে.মি.। এর পরিবৃত্ত আঁকতে হবে। পরিকেন্দ্র অতিভুজ AC এর উপর অবস্থিত।

অঙ্কন:

(১) অতিভুজ AC এর মধ্যবিন্দু O নির্ণয় করি। O নির্ণয়ে পরিবৃত্তের কেন্দ্র।

(২) O কে কেন্দ্র করে OA এর সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্ত A, B ও C বিন্দুগামী হবে এবং ABC ই নির্ণয়ে পরিবৃত্ত।

গ



**বিশেষ নির্বচন:** O কেন্দ্রবিশিষ্ট ABC একটি নির্দিষ্ট বৃত্ত। EF এককোণী নির্দিষ্ট সরলরেখা। ABC বৃত্তে এরূপ একটি স্পর্শক আঁকতে হবে যা নির্দিষ্ট সরলরেখা EF এর ওপর লম্ব।

অঙ্কন:

(১) EF রেখার ওপর যেকোনো বিন্দু D নিই। O, D যোগ করি।

(২) OD রেখার O বিন্দুতে  $\angle EDO = \angle DOC$  আঁকি। OC রশ্মি বৃত্তটিকে C বিন্দুতে ছেদ করে। CO কে বর্ধিত করলে তা বৃত্তটিকে A বিন্দুতে ছেদ করে।

(৩) AC রেখার A ও C বিন্দুতে যথাক্রমে KL ও MN দুইটি লম্ব আঁকি।

তাহলে, KL বা MN-ই নির্ণয়ে স্পর্শক।

**প্রশ্ন 81** O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তের AB একটি জ্যা।

[মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল // প্রশ্ন নং ৪]


ক. যদি  $OD \perp AB$ ,  $OD = 5$  সে.মি.,  $AB = 12$  সে.মি. হয়, তবে  $\triangle AOD$  এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. AB জ্যায়ের সমদ্বিখন্ডক OD হলে প্রমাণ কর যে,  $OD \perp AB$ . ৪

গ. বৃত্তের একটি চাপ BC হলে প্রমাণ কর যে,  $\angle BAC = \frac{1}{2} \angle BOC$ . ৪

### ৪১ নং প্রশ্নের সমাধান

ক



যেহেতু  $OD \perp AB$  সুতরাং D, AB এর মধ্যবিন্দু।

$$\therefore AD = BD = \frac{1}{2} AB = \frac{1}{2} \times 12 = 6 \text{ সে.মি.}$$

$$\therefore \Delta AOD \text{ এর ক্ষেত্রফল} = \frac{1}{2} \times OD \times AD$$


$$= \frac{1}{2} \times 5 \times 6$$

$$= 15 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.১ এর উপপাদ্য-১৭ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৫৩

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৫৮

প্রশ্ন ৪২



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অন্ড্র্লিখিত এবং AC ও BD কর্ণদ্বয় পরস্পর E বিন্দুতে ছেদ করেছে।  $OC = 5$  সে.মি.

[পাবনা ক্যাডেট কলেজ, পাবনা // প্রশ্ন নং ৪]

ক. বৃত্তের ক্ষেত্রফল ও পরিধি নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে,  $\angle AOC = 2\angle ABC$  ৪

গ. প্রমাণ কর যে,  $\angle AOB + \angle COD = 2\angle AEB$  ৪

৪২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ,  $r = OC = 5$  সে.মি.

$$\therefore \text{বৃত্তের ক্ষেত্রফল} = \pi r^2$$

$$= 3.1416 \times 5^2$$

$$= 78.54 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

$$\text{এবং বৃত্তের পরিধি} = 2\pi r$$

$$= 2 \times 3.1416 \times 5$$

$$= 31.416 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৫৮

গ সৃজনশীল ২৫(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৪৩  $\Delta ABC$ -এ  $\angle B$  ও  $\angle C$  এর অন্ড্র্লিখিতক ও বহির্দিককদ্বয় যথাক্রমে P ও Q বিন্দুতে মিলিত হয়েছে। সমস্ত

[কুমিল-১ ক্যাডেট কলেজ, কুমিল-১ // প্রশ্ন নং ৪]


ক. কখন দুই বা ততোধিক বিন্দুকে সমরেখ এবং সমবৃত্ত বলা হয়? ২

খ. প্রমাণ কর যে,  $\angle P = \frac{1}{2} \angle A + 90^\circ$  ৪

গ. দেখাও যে, B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত। ৪

৪৩ নং প্রশ্নের সমাধান


ক একই সরলরেখার উপর যে সকল বিন্দু অবস্থান করে তাদের সমরেখ বিন্দু বলে। দুই বা ততোধিক বিন্দু সমরেখ হওয়ার শর্ত :



$$(i) AB + BC = AC$$

$$(ii) AB \text{ রেখার ঢাল} = BC \text{ রেখার ঢাল।}$$


আবার দুই বা ততোধিক বিন্দুকে সমবৃত্ত বলা হবে যদি বিন্দুগুলি বৃত্তের উপরে অবস্থান করে। সমবৃত্ত হওয়ার শর্ত :



(i) কোন নির্দিষ্ট বিন্দু হতে বিন্দুগুলোর দূরত্ব সর্বদা সমান হতে হবে।

খ অধ্যায়-৬ এর সৃজনশীল ৫(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১০৯

গ



বিশেষ নির্বচন:  $\Delta ABC$ -এ  $\angle B$  ও  $\angle C$ -এর সমদ্বিখন্ডকদ্বয় যথাক্রমে BP ও CP, P বিন্দুতে মিলিত হয়েছে। AB বাহুকে E পর্যন্ত এবং AC বাহুকে F পর্যন্ত বর্ধিত করায় যথাক্রমে  $\angle EBC$  এবং  $\angle FCB$  বহিঃস্থ কোণদ্বয় উৎপন্ন হয়েছে।  $\angle EBC$  এবং  $\angle FCB$  এর সমদ্বিখন্ডকদ্বয় অর্থাৎ  $\angle B$  এবং  $\angle C$  এর বহির্দ্বিখন্ডকদ্বয় যথাক্রমে BQ এবং CQ, Q বিন্দুতে মিলিত হয়েছে। প্রমাণ করতে হবে যে, B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত।

অধ্যায় ৬ ও ৮

প্রমাণ:

যথার্থতা

ধাপ-১.  $\angle ABC + \angle EBC = 2$  সমকোণ [রৈখিক যুগল কোণ]

বা,  $\frac{1}{2} \angle ABC + \frac{1}{2} \angle EBC = 1$  সমকোণ

[উভয়পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

বা,  $\angle PBC + \angle QBC = 1$  সমকোণ

[ $\because$  BP,  $\angle ABC$ -এর সমদ্বিখণ্ডক  $\therefore \frac{1}{2} \angle ABC = \angle PBC$  এবং BQ,  $\angle EBC$  এর সমদ্বিখণ্ডক  $\therefore \frac{1}{2} \angle EBC = \angle QBC$  ]

$\therefore \angle PBQ = 1$  সমকোণ ... .. (i)

তদ্রূপ,  $\angle PCQ = 1$  সমকোণ ... .. (ii)

ধাপ-২. (i) নং এবং (ii) নং যোগ করে পাই,

$\angle PBQ + \angle PCQ = 2$  সমকোণ

$\therefore$  চতুর্ভুজ BPCQ-এ  $\angle PBQ + \angle PCQ = 2$  সমকোণ

অর্থাৎ, চতুর্ভুজ BPCQ এর দুটি বিপরীত কোণ  $\angle PBQ$  এবং  $\angle PCQ$  পরস্পর সম্পূরক।

সুতরাং, B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত। (দেখানো হলো)

**প্রশ্ন 88** O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তের একই চাপ BC এর উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণ  $\angle BAC$  এবং কেন্দ্রস্থ কোণ  $\angle BOC$ .

[কুমিল-৭ ক্যাডেট কলেজ, কুমিল-৭ // প্রশ্ন নং ৫]

ক. উদ্দীপকের আলোকে সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে,  $\angle BOC = 2\angle BAC$  ৪


গ. যদি AB ও CD বৃত্তটির অভ্যন্তরে কোনো বিন্দুতে পরস্পরকে সমকোণে ছেদ করে তবে প্রমাণ কর যে,  $\angle AOD + \angle BOC = 2$  সমকোণ। ৪

**88 নং প্রশ্নের সমাধান**

**ক** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৮

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৮

**গ**



মনে করি, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB ও CD জ্যা দুটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত E বিন্দুতে সমকোণে মিলিত হয়েছে। A, O এবং D, O যোগ করায়  $\angle AOD$  উৎপন্ন হয়। আবার, O, C এবং O, B যোগ করায়  $\angle BOC$  উৎপন্ন হয়। প্রমাণ করতে হবে যে,  $\angle AOD + \angle BOC = 2$  সমকোণ।

অঙ্কন: B, D যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১) একই চাপ AD-এর ওপর দন্ডায়মান

কেন্দ্রস্থ  $\angle AOD$  এবং বৃত্তস্থ  $\angle ABD$ .

$\therefore \frac{1}{2} \angle AOD = \angle ABD$  [বৃত্তের একই চাপের

ওপর দন্ডায়মান

বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের

অর্ধেক]

অর্থাৎ,  $\angle AOD = 2\angle ABD$  ... .. (i)

অনুরূপভাবে দেখানো যায় যে,

$\therefore \angle BOC = 2\angle BDC$  ... .. (ii)

(২) (i) গাণিতিক (ii) নং যোগ করে পাই,

$\angle AOD + \angle BOC = 2\angle ABD + 2\angle BDC$

বা,  $\angle AOD + \angle BOC = 2(\angle ABD + \angle BDC)$

বা,  $\angle AOD + \angle BOC = 2(\angle EBD + \angle EDB)$

... .. (iii)

এখন,  $\triangle EBD$ -এর

$\angle EBD + \angle EDB = 1$  সমকোণ ... .. (iv)

[কারণ  $AB \perp CD$  বলে  $\angle BED = 1$  সমকোণ]

(৩) (iv) নং এর মান (iii) নং-এ বসিয়ে পাই,

$\angle AOD + \angle BOC = 2 \times 1$  সমকোণ

বা,  $\angle AOD + \angle BOC = 2$  সমকোণ।

$\therefore \angle AOD + \angle BOC = 2$  সমকোণ (প্রমাণিত)

**প্রশ্ন 85**  $\triangle ABC$ -এ  $\angle B$  ও  $\angle C$  এর সমদ্বিখণ্ডকদ্বয় M বিন্দুতে এবং বহির্দ্বিখণ্ডকদ্বয় N বিন্দুতে মিলিত হয়েছে। সমন্বিত অধ্যায় ৬ ও ৮

[ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম // প্রশ্ন নং ৪]


ক. উপরোক্ত তথ্যের আলোকে চিত্র আঁক। ২

খ. প্রমাণ কর যে,  $\angle BMC = 90^\circ + \frac{1}{2} \angle A$ . ৪


গ. দেখাও যে, B, M, C, N বিন্দু চারটি সমবৃত্ত। ৪

**85 নং প্রশ্নের সমাধান**

ক প্রদত্ত তথ্যের আলোকে চিত্রটি নিরূপণ:



খ



দেওয়া আছে, ত্রিভুজ ABC এর  $\angle B$  এবং  $\angle C$  এর সমদ্বিখণ্ডকদ্বয় M বিন্দুতে মিলিত হয়েছে। অর্থাৎ, BM এবং CM যথাক্রমে  $\angle ABC$  এবং  $\angle ACB$  এর সমদ্বিখণ্ডক। প্রমাণ

করতে হবে যে,  $\angle BMC = 90^\circ + \frac{1}{2} \angle A$ .

প্রমাণ: ধাপ যথার্থতা

(১)  $\triangle ABC$ -এ

$\angle A + \angle B + \angle C = 180^\circ$  [ $\because$  ত্রিভুজের তিন কোণের সমষ্টি  $180^\circ$ ]

বা,  $\frac{1}{2} \angle A + \frac{1}{2} \angle B + \frac{1}{2} \angle C = 90^\circ$  [উভয় পক্ষকে 2 দ্বারা ভাগ করে পাই]

$\therefore \frac{1}{2} \angle B + \frac{1}{2} \angle C = 90^\circ - \frac{1}{2} \angle A \dots \dots \dots$  (i)

(২)  $\triangle BMC$ -এ

$\angle BMC + \angle MBC + \angle MCB = 180^\circ$

বা,  $\angle BMC + \frac{1}{2} \angle B + \frac{1}{2} \angle C = 180^\circ$  [ $\because$  BM এবং CM রেখা যথাক্রমে

$\angle B$  ও  $\angle C$ -এর সমদ্বিখণ্ডক]

বা,  $\angle BMC + 90^\circ - \frac{1}{2} \angle A = 180^\circ$

[(i) নং হতে]

বা,  $\angle BMC = 180^\circ - 90^\circ + \frac{1}{2} \angle A$

$\therefore \angle BMC = 90^\circ + \frac{1}{2} \angle A$  (প্রমাণিত)


গ সৃজনশীল ৪৩(গ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ৪৬ একটি ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে 3 সে.মি., 4 সে.মি. ও 5 সে.মি.। [ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম ৭/ প্রশ্ন নং ৫]

- ক. তথ্যানুসারে ত্রিভুজটি আঁক। ২  
খ. ত্রিভুজটির বহির্বৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪  
গ. ত্রিভুজটির বৃহত্তম বাহুর সমান বাহু বিশিষ্ট একটি বর্গের অন্তর্ভুক্ত ও পরিবৃত্ত আঁক। ৪


৪৬ নং প্রশ্নের সমাধান

ক



$\triangle ABC$  এর  $BC = 3$  সে.মি.,  $AC = 4$  সে.মি. এবং  $AB = 5$  সে.মি.।

খ




মনে করি, ABC একটি ত্রিভুজ। এর  $AB = 5$  সে.মি.,  $AC = 4$  সে.মি. এবং  $BC = 3$  সে.মি.। এর বহির্বৃত্ত আঁকতে হবে। অর্থাৎ, এমন একটি বৃত্ত আঁকতে হবে, যা ত্রিভুজের একটি বাহুকে এবং অপর দুই বাহুর বর্ধিতাংশকে স্পর্শ করে।

অঙ্কন:

- (১) AB ও AC বাহুদ্বয়কে যথাক্রমে D ও F পর্যন্ত বর্ধিত করি।  
(২)  $\angle DBC$  ও  $\angle FCB$  এর সমদ্বিখণ্ডক BM এবং CN আঁকি। মনে করি, E তাদের ছেদ বিন্দু।  
(৩) E থেকে BC এর ওপর EH লম্ব আঁকি এবং মনে করি তা BC কে H বিন্দুতে ছেদ করে।  
(৪) E কে কেন্দ্র করে EH এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।  
তাহলে, এই বৃত্তটিই নির্ণেয় বহির্বৃত্ত।

গ




বিশেষ নির্বচন: মনে করি, ABCD একটি বর্গ। এর বাহুর দৈর্ঘ্য = ত্রিভুজের বৃহত্তম বাহুর দৈর্ঘ্য AB = a = 5 সে.মি। এই বর্গের অন্তর্ভুক্ত ও পরিবৃত্ত আঁকতে হবে।

অঙ্কন:

- (১) A, C এবং B, D যোগ করি। AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে ছেদ করে।
- (২) O হতে AB এর ওপর OE লম্ব টানি।
- (৩) O কে কেন্দ্র করে OE এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি।
- (৪) বৃত্তটি AB, BC, CD ও DA বাহুগুলোকে যথাক্রমে E, F, G ও H বিন্দুতে স্পর্শ করে।
- (৫) তাহলে, EFGH-ই নির্ণেয় অন্তর্ভুক্ত।
- (৬) আবার, O-কে কেন্দ্র করে OA-এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত আঁকি। বৃত্তটি বর্গের শীর্ষবিন্দু A, B, C ও D দিয়ে যায়।  
এই বৃত্তই, ABCD বর্গের নির্ণেয় পরিবৃত্ত।

প্রশ্ন ▶ ৪৭ চিত্রে, বৃত্তের কেন্দ্র O এবং OB = 3.5 সে.মি।



[ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ৬]

- ক. ABCD বৃত্তের পরিধি নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle BAD = \frac{1}{2} \angle BOD$ . ৪
- গ. যদি AC ও BD পরস্পর E বিন্দুতে ছেদ করে, তবে প্রমাণ কর যে,  $\angle AOB + \angle COD = 2\angle AEB$ . ৪

৪৭ নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ r হলে, পরিধি  $2\pi r$

এখানে, ব্যাসার্ধ,  $r = OB = 3.5$  সে.মি.

$\therefore$  পরিধি =  $2\pi r$


=  $2 \times 3.1416 \times 3.5$  সে.মি.

= 21.99 সে.মি. (প্রায়) (Ans.)

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দৃষ্টব্য।  
পৃষ্ঠা-১৫৮

গ সৃজনশীল ২৫(গ) নং সমাধান দৃষ্টব্য।

প্রশ্ন ▶ ৪৮




[সিলেট ক্যাডেট কলেজ, সিলেট ৷ প্রশ্ন নং ৫]

- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle ABC$  এবং  $\angle ADC$  পরস্পর সম্পূরক। ৪
- গ. AC এবং BD কর্ণদ্বয় পরস্পর Q বিন্দুতে মিলিত হলে প্রমাণ কর যে,  $\angle AOB + \angle COD = 2\angle AQB$ . ৪

৪৮ নং প্রশ্নের সমাধান

ক বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্রবিশিষ্ট ABDC একটি বৃত্ত। AB তার ব্যাস এবং CD ব্যাস ভিন্ন যেকোনো একটি জ্যা।  
প্রমাণ করতে হবে যে,  $AB > CD$ .



অঙ্কন: O, C এবং O, D যোগ করি।

প্রমাণ:

ধাপ-১.  $OA = OB = OC = OD$  [একই বৃত্তের ব্যাসার্ধ] <sup>বকসি</sup> গণিত মেইড ইজি

ধাপ-২. এখন,  $\triangle OCD$ -এ

$OC + OD > CD$

[যেহেতু ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর]


বা,  $OA + OB > CD$

অর্থাৎ,  $AB > CD$ . (প্রমাণিত) [ $\because OA + OB = AB$ ]

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দৃষ্টব্য।  
পৃষ্ঠা-১৬১

গ সৃজনশীল ২৫(গ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ▶ ৪৯



বৃত্তটির কেন্দ্র O. চাপ AP = চাপ BP এবং চাপ AQ = চাপ CQ.

[বিনাইদহ ক্যাডেট কলেজ, বিনাইদহ 1/ প্রশ্ন নং ৫]


- ক.  $\angle AOP$  এবং  $\angle BOP$  এর মধ্যে বিদ্যমান সম্পর্কটি নির্ণয় কর। ২
- খ. দেখাও যে,  $AD = AE$ . ৪
- গ. প্রমাণ কর যে,  $\angle BOP + \angle AOQ = 2\angle BDP$ . ৪

**৪৯ নং প্রশ্নের সমাধান**

- ক AP চাপের উপর দাঁয়মান কেন্দ্রস্থ কোণ  $\angle AOP$  এবং BP চাপের উপর দাঁয়মান কেন্দ্রস্থ কোণ  $\angle BOP$  যেহেতু, চাপ AP = চাপ BP  
 $\therefore \angle AOP = \angle BOP$ . (Ans.)

- খ বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB ও AC দুটি জ্যা দেওয়া আছে। চাপ AP = চাপ BP এবং চাপ AQ = চাপ CQ এবং Q, AC উপচাপের মধ্যবিন্দু। PQ জ্যা AB ও AC জ্যা-দ্বয়কে যথাক্রমে D ও E বিন্দুতে ছেদ করেছে।

প্রমাণ করতে হবে যে,  $AD = AE$ .



অঙ্কন: A, P এবং A, Q যোগ করি।

প্রমাণ: চাপ AP = চাপ BP

$\therefore$  বৃত্তস্থ  $\angle AQP =$  বৃত্তস্থ  $\angle BAP$

[সমান সমান চাপের ওপর দাঁয়মান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান]

বা,  $\angle AQE = \angle PAD \dots \dots (i)$

অত্রস্থ  $\angle EAQ = \angle APD \dots \dots (ii)$

(i) নং ও (ii) নং যোগ করে পাই,

$\angle AQE + \angle EAQ = \angle PAD + \angle APD \dots$

বকস গণিত মেইউ ইজি

আবার,  $\triangle APD$ -এর, বহিঃস্থ  $\angle ADE$ , ইহার অন্তঃস্থ দুই বিপরীত  $\angle APD$  ও  $\angle PAD$  এর সমষ্টির সমান।

অর্থাৎ,  $\angle ADE = \angle APD + \angle PAD \dots \dots (iv)$

অনুরূপে,  $\triangle AQE$ -এ, বহিঃস্থ  $\angle AED = \angle AQE + \angle EAQ$

$= \angle PAD + \angle APD$  [ (iii) নং থেকে ]

$= \angle ADE$  [ (iv) নং থেকে ]


$\therefore \angle AED = \angle ADE$ .

অর্থাৎ  $\triangle ADE$ -এর  $\angle AED = \angle ADE$

$\therefore AD = AE$  [সমান সমান কোণের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান]

(দেখানো হলো)

গ



বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AQB একটি অন্তর্লিখিত চতুর্ভুজ। AB ও PQ কর্ণদ্বয় D বিন্দুতে ছেদ করেছে। A, O; O, Q; B, O; O, P যোগ করি। প্রমাণ করতে হবে যে,  $\angle BOP + \angle AOQ = 2\angle BDP$ .

প্রমাণ: ধাপ যথার্থতা

(১)  $\triangle APD$ -এর বহিঃস্থ

$\angle BDP = \angle DPA + \angle PAD$  [ত্রিভুজের বহিঃস্থ কোণ বিপরীত

অর্থাৎ,  $\angle BDP = \angle APQ + \angle PAB$  অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান।]

(২) AQ চাপের উপর দাঁয়মান কেন্দ্রস্থ কোণ  $\angle AOQ$  এবং বৃত্তস্থ কোণ  $\angle APQ$ .

$\therefore \angle AOQ = 2\angle APQ \dots \dots (i)$

(৩) আবার, BP চাপের উপর দাঁয়মান কেন্দ্রস্থ

কোণ  $\angle BOP$  এবং বৃত্তস্থ কোণ  $\angle PAB$ .

$$\therefore \angle BOP = 2\angle PAB \dots \dots (ii)$$

(8) (i) ও (ii) যোগ করে পাই,

$$\begin{aligned} \angle AOQ + \angle BOP &= 2(\angle APQ + \angle PAB) \\ &= 2(\angle DPA + \angle PAD) \\ &= 2(\angle DPA + \angle PAD) = \\ &2\angle BDP \text{ (প্রমাণিত)} \end{aligned}$$


**প্রশ্ন ▶ ৫০** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অঙ্কিত। AC এবং BD কর্ণদ্বয় পরস্পরকে E বিন্দুতে ছেদ করে।

[বরিশাল ক্যাডেট কলেজ, বরিশাল ৷ প্রশ্ন নং ৪]

- ক. সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ২  
খ. প্রমাণ কর যে,  $\angle BAD + \angle BCD = 2$  সমকোণ। ৪  
- খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দ্রষ্টব্য।  
 পৃষ্ঠা-১৬১
- বি.দ্র.: A  $\rightarrow$  P, B  $\rightarrow$  S, C  $\rightarrow$  R, D  $\rightarrow$  Q

**গ** বিশেষ নির্বাচন: মনে করি, PQRS একটি বৃত্তস্থ চতুর্ভুজ, এর  $\angle P$ -এর অলঙ্ঘিত PF।  $\angle P$ -এর বিপরীত কোণটি হলো  $\angle R$ ।

QR কে E পর্যন্ত বর্ধিত করায়  $\angle SRE$  বহিঃস্থ কোণটি উৎপন্ন হয়েছে।  $\angle SRE$  এর সমদ্বিখণ্ডক অর্থাৎ  $\angle R$  এর বহিঃস্থ কোণ RF,  $\angle P$  এর অলঙ্ঘিত PF এর সাথে F বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে, F বিন্দু বৃত্তের ওপর অবস্থিত।



**প্রমাণ:**

ধাপ-১: বৃত্তে অলঙ্ঘিত PQRS চতুর্ভুজের,

$$\angle QPS + \text{অলঙ্ঘিত বিপরীত } \angle QRS = 2 \text{ সমকোণ } \dots \dots (i)$$

[বৃত্তে অলঙ্ঘিত

চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ]

ধাপ-২: আবার, SR রশ্মির প্রান্তবিন্দু R তে QE সরলরেখা মিলিত হয়েছে।

$$\therefore \angle QRS + \angle SRE = 2 \text{ সমকোণ } \dots \dots (ii)$$

[রৈখিক যুগল কোণ বলে]

ধাপ-৩: (i) নং এবং (ii) নং তুলনা করে পাই,

$$\angle QPS + \angle QRS = \angle QRS + \angle SRE$$

[উভয় পক্ষই 2 সমকোণের সমান]

$$\text{বা, } \angle QPS = \angle SRE$$

[উভয়পক্ষ থেকে সমান সমান কোণ বাদ দিয়ে]

$$\text{বা, } \frac{1}{2}\angle QPS = \frac{1}{2}\angle SRE \quad [\text{উভয়পক্ষকে } \frac{1}{2} \text{ দ্বারা গুণ করে}]$$

$$\text{বা, } \angle QPF = \angle ERF$$

$$[\because \text{PF, } \angle QPS \text{ এর সমদ্বিখণ্ডক। } \therefore \frac{1}{2}\angle QPS =$$

$$\angle QPF \text{ এবং RF, } \angle SRE \text{ এর সমদ্বিখণ্ডক } \therefore \frac{1}{2} \angle SRE = \angle ERF]$$

$$\text{বা, } \angle QPF + \angle QRF = \angle ERF + \angle QRF = \angle QRE$$

[উভয়পক্ষে  $\angle QRF$  যোগ করে]

$$\therefore \angle QPF + \angle QRF = 2 \text{ সমকোণ}$$

$$[\angle QRE = 1 \text{ সরলকোণ} = 2 \text{ সমকোণ}]$$

অর্থাৎ, PQRF চতুর্ভুজের দুটি বিপরীত কোণ  $\angle QPF$  এবং  $\angle QRF$  পরস্পর সম্পূরক।

$\therefore$  PQRF চতুর্ভুজের শীর্ষ বিন্দু চারটি সমবৃত্ত।

অর্থাৎ, F বৃত্তের উপর অবস্থিত। (প্রমাণিত)

**প্রশ্ন ১০১** একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ও একটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি. এবং 4 সে.মি.।

[নওগাঁ কে.ডি. সরকারি উচ্চ বিদ্যালয়, নওগাঁ ৷ প্রশ্ন নং ৬]

- ক. ত্রিভুজটি অঙ্কন কর। ২
- খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
- গ. উক্ত বৃত্তে এমন একটি স্পর্শক অঙ্কন কর যেন তা নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**১০১ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ৪০ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ১০২** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB ও CD জ্যা-দ্বয় বৃত্তের অভ্যন্তরে E বিন্দুতে লম্বভাবে ছেদ করেছে। [বগুড়া জিলা স্কুল, বগুড়া ৷ প্রশ্ন নং

- ক. 15 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র থেকে 9 সে. মি. দূরবর্তী কোনো জ্যা-এর দৈর্ঘ্য কত হবে নির্ণয় কর। ২
- খ. দেখাও যে, উদ্দীপকের বৃত্তের AC ও BD চাপদ্বয় কেন্দ্রে যে কোণদ্বয় উৎপন্ন করে তারা পরস্পর সম্পূরক। ৪
- গ. যদি AB ও CD জ্যা-দ্বয় বৃত্তের বাইরে E বিন্দুতে মিলিত হয়, তবে প্রমাণ কর যে,  $\angle AOC - \angle BOD = 2\angle AED$ . ৪

**১০২ নং প্রশ্নের সমাধান**

**ক** মনে করি, O কেন্দ্র বিশিষ্ট

ABC বৃত্তের ব্যাসার্ধ OA


= 15 সে. মি. এবং O

হতে OD = 9 সে. মি.

দূরবর্তী জ্যা AB।

$\Delta OAD$  এ,  $OA^2 =$

$OD^2 + AD^2$



বা,  $AD^2 = 15^2 - 9^2$

বা,  $AD = \sqrt{225 - 81}$

বা,  $AD = \sqrt{144}$


$\therefore AD = 12$  সে. মি.

এখন,  $AD = BD$  কারণ  $OD \perp AB$  ফলে  $D$ ,  $AB$  এর মধ্যবিন্দু

$\therefore AB = 2AD = 2 \times 12$  সে. মি.  
 $= 24$  সে. মি. (Ans.)

**খ** সৃজনশীল ৩১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**গ**



**বিশেষ নির্বচন:** দেওয়া আছে,  $O$  কেন্দ্রবিশিষ্ট বৃত্তের  $AB$  ও  $CD$  জ্যা দ্বয় বৃত্তের বাইরে  $E$  বিন্দুতে মিলিত হয়েছে।

প্রমাণ করতে হবে যে,  $\angle AOC - \angle BOD = 2\angle AED$

**অঙ্কন:**  $A$ ,  $D$  ও  $B$ ,  $C$  যোগ করি।

**প্রমাণ:**

**ধাপ-১:**  $\angle AOC = 2\angle ADC$  [কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

তদ্রূপ  $\angle BOD = 2\angle BAD$

**ধাপ-২:**  $\angle AOC - \angle BOD = 2\angle ADC - 2\angle BAD$

$= 2(180^\circ - \angle ADE - \angle DAE)$

$\angle DAE)$

[ $\angle ADC$  ও  $\angle ADE$  পরস্পর সম্পূরক]

$\therefore \angle AOC - \angle BOD = 2\angle AED$  [ $\triangle AED$  এর তিন কোণের সমষ্টি  $180^\circ$ ]

(প্রমাণিত)

**প্রশ্ন ▶ ১০৩**  $O$  কেন্দ্র বিশিষ্ট বৃত্তে  $ABCD$  চতুর্ভুজটি অঙ্কিত লিখিত এবং  $AC$  ও  $BD$  কর্ণদ্বয় পরস্পর  $E$  বিন্দুতে ছেদ করেছে।

[বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া ৷ প্রশ্ন নং ৪]

ক. উপরের তথ্যের আলোকে চিত্র আঁক।

২

খ. প্রমাণ কর যে,  $ABCD$  চতুর্ভুজটির বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ।

৪


গ. উদ্দীপকের আলোকে, প্রমাণ কর যে,  $\angle AOB + \angle COD = 2\angle AEB$

৪

**১০৩ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ২৫ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১০৪**



[দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর ৷ প্রশ্ন নং ৫]

চিত্রে,  $PQRS$  বৃত্তের কেন্দ্র  $O$  এবং  $OM < ON$ .

ক.  $\angle QOS$  এর মান নির্ণয় কর।

২

খ. প্রমাণ কর যে,  $\angle PQR$  এবং এর বিপরীত কোণ  $\angle PSR$  এর সমষ্টি দুই সমকোণ।

৪

গ. প্রমাণ কর যে,  $PQ > PS$ .

৪

**১০৪ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ২ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১০৫**

$\triangle PQR$  এর ভূমি  $QR = 6$  cm. অপর দুই বাহুর অর্ধদৈর্ঘ্য  $2$  cm এবং ভূমি সংলগ্ন কোণ  $45^\circ$ ।

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[দিনাজপুর জিলা স্কুল, দিনাজপুর ৷ প্রশ্ন নং ৬]

ক. পেনসিল কম্পাসের সাহায্যে  $45^\circ$  কোণ আঁক।

২

খ. বিবরণসহ  $\triangle PQR$  অঙ্কন করো।

৪

গ.  $\frac{QR}{2}$  ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁক যেন তাদের অর্ধদৈর্ঘ্য কোণ  $60^\circ$  হয়।

৪

**১০৫ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ২৬ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১০৬**

$O$  কেন্দ্রবিশিষ্ট  $ABCD$  বৃত্তে  $AB$  ও  $CD$  দুটি সমান জ্যা।

[রংপুর জিলা স্কুল, রংপুর ৷ প্রশ্ন নং ৫]

ক. বৃত্তটির ব্যাস  $10$  cm হলে বৃত্তটির পরিধি নির্ণয় কর।

২

খ. প্রমাণ কর যে,  $AB$  ও  $CD$  জ্যা দুটি কেন্দ্র হতে সমদূরবর্তী।

৪

গ. যদি  $AB > CD$  হয়, তবে প্রমাণ কর যে,  $AB$  জ্যা  $CD$  জ্যা অপেক্ষা কেন্দ্রের নিকটতর। 8

**১০৬ নং প্রশ্নের সমাধান**

ক বৃত্তের ব্যাস,  $2r = 10$  cm

সুতরাং, ব্যাসার্ধ,  $r = 5$  cm

$\therefore$  বৃত্তটির পরিধি  $= 2\pi r$

$$= 2 \times \pi \times 5$$

$$= 10\pi \text{ সে.মি.}$$

$$= 31.42 \text{ সে.মি. (প্রায়)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.১ এর উপপাদ্য-১৮ দ্রষ্টব্য।  
পৃষ্ঠা-১৫৪

গ সৃজনশীল ২৭(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১০৭ একটি বর্গের পরিসীমা 16 সে.মি. এবং  $\angle x = 60^\circ$

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর ৷ প্রশ্ন নং ৪]

ক. অঙ্কনের চিহ্নসহ বর্গক্ষেত্রটি আঁক। ২

খ. বর্গক্ষেত্রটির পরিবৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] 8

গ. এমন একটি ত্রিভুজ আঁক, যার ক্ষেত্রফল উদ্দীপকের বর্গক্ষেত্রটির সমান এবং যার একটি কোণ উদ্দীপকে উল্লেখিত কোণটির সমান। [চিহ্ন ও বিবরণ আবশ্যিক] 8

**১০৭ নং প্রশ্নের সমাধান**


ক প্রদত্ত বর্গের পরিসীমা  $= 16$  সে.মি.

$$\therefore \text{বর্গটির প্রতি বাহুর দৈর্ঘ্য} = \frac{16}{4} \text{ সে.মি.} = 4 \text{ সে.মি.}$$

অতঃপর, সৃজনশীল ১১(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ সৃজনশীল ৩৫(গ) নং সমাধানের অনুরূপ।

গ




দেওয়া আছে, ABCD প্রদত্ত বর্গক্ষেত্র এবং  $\angle x = 60^\circ$ ।

এমন একটি ত্রিভুজ আঁকতে হবে যার একটি কোণ  $\angle x$  এর সমান এবং ক্ষেত্রফল ABCD বর্গের সমান।

অঙ্কন: ABCD বর্গের B বিন্দুতে  $\angle x$  এর সমান করে  $\angle CBE$  আঁকি। BE, AD কে E বিন্দুতে ছেদ করে। C বিন্দু হতে BC এর বর্ধিতাংশের উপর  $CF = CB$  নিই। E, F যোগ করি। তাহলে BEF-ই উদ্দিষ্ট ত্রিভুজ।

**প্রশ্ন ▶ ১০৮**



চিত্রে, O বৃত্তের কেন্দ্র এবং  $OS = 3$  সে.মি.।

[রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর ৷ প্রশ্ন নং ৫]

ক. RQ চাপের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,  $\angle QPS = \frac{1}{2} \angle QOS$ . 8

গ. PR ও QS কর্ণদ্বয় পরস্পর M বিন্দুতে সমকোণে মিলিত হলে প্রমাণ কর যে,  $\angle PMQ = \frac{1}{2} (\angle POQ + \angle ROS)$ . 8

**১০৮ নং প্রশ্নের সমাধান**

ক দেওয়া আছে, বৃত্তটির ব্যাসার্ধ  $= 3$  সে.মি.

RQ চাপ দ্বারা উৎপন্ন কেন্দ্রস্থ কোণ  $= 60^\circ$

$$\therefore \text{RQ চাপের দৈর্ঘ্য} = \frac{\pi \times 3 \times 60}{180}$$

$$= \pi = 3.1416 \text{ সে.মি. (Ans.)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য।  
পৃষ্ঠা-১৫৮

গ সৃজনশীল ৩১(খ) নং সমাধানের অনুরূপ।

**প্রশ্ন ▶ ১০৯** একটি ত্রিভুজের ভূমি  $a = 5$  সে.মি., ভূমি সংলগ্ন একটি সূক্ষ্মকোণ  $\angle x = 45^\circ$  এবং অপর বাহু দুইটির সমষ্টি  $s = 10$  সে.মি.।


◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[পুলিশ লাইস স্কুল এন্ড কলেজ, রংপুর // প্রশ্ন নং ৪]

- ক. উদ্দীপকের তথ্যগুলো চিত্রে উপস্থাপন কর। ২  
 খ. ত্রিভুজটি আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪  
 গ. উক্ত ত্রিভুজটির পরিবৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**১০৯ নং প্রশ্নের সমাধান**


**ক**



উদ্দীপক অনুসারে ত্রিভুজের ভূমি  $a = 5$  সে.মি., ভূমি সংলগ্ন সূক্ষ্মকোণ  $\angle x = 45^\circ$  এবং অপর দুই বাহুর সমষ্টি  $s = 10$  সে.মি. চিত্রিত হল।

- খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৭.১ এর সম্পাদ্য-১ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৩৮  
**গ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৬৮

**প্রশ্ন ▶ ১১০**



চিত্রে  $OD = 2.5$  সেন্টিমিটার এবং O বৃত্তের কেন্দ্র।

[পুলিশ লাইস স্কুল এন্ড কলেজ, রংপুর // প্রশ্ন নং ৫]

- ক. ABCD বৃত্তের পরিধি কত? ২  
 খ. প্রমাণ কর যে,  $\angle BAD + \angle BCD = 1$  সরলকোণ। ৪  
 গ. দেখাও যে,  $\angle AEB = \frac{1}{2}(\angle AOB + \angle COD)$  ৪

**১১০ নং প্রশ্নের সমাধান**

**ক** ABCD বৃত্তের ব্যাসার্ধ,  $OD = 2.5$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{বৃত্তটির পরিধি} &= 2\pi \times OD \\ &= 2 \times 3.1416 \times 2.5 \\ &= 15.708 \text{ সে.মি. (Ans.)} \end{aligned}$$

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৬১

**গ** সৃজনশীল ২৫(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১১১** O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তে ABCD চতুর্ভুজটি অঙ্কিত হয়েছে। PT ঐ বৃত্তে একটি স্পর্শক।

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী // প্রশ্ন নং ৬]

- ক. তথ্যগুলো চিত্রের মাধ্যমে প্রকাশ কর। ২  
 খ. প্রমাণ কর যে,  $\angle ABC + \angle ADC =$  দুই সমকোণ। ৪  
 গ. প্রমাণ কর যে,  $PT \perp OP$  ৪

**১১১ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ২১নং সমাধান দ্রষ্টব্য।


**প্রশ্ন ▶ ১১২** ABC ত্রিভুজের AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E।  $\angle ABC$  ও  $\angle ACB$  এর বহিঃস্থ কোণ দুইটির পরস্পর O বিন্দুতে ছেদ করে।

[সৈয়দপুর সরকারি কারিগরী কলেজ, নীলফামারী // প্রশ্ন নং ৫]

- ক. প্রদত্ত তথ্য অনুযায়ী চিত্রটি আঁক। ২  
 খ. প্রমাণ কর যে,  $6DE = 3BC$  ৪  
 গ. প্রমাণ কর যে,  $2\angle BOC + \angle BAC = 180^\circ$  ৪

**১১২ নং প্রশ্নের সমাধান**

**ক**



**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী ৬.৩ এর উপপাদ্য-১৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১২৯


$$\text{অতঃপর, } DE = \frac{1}{2}BC$$

$$\text{বা, } 2DE = BC$$

$$\text{বা, } 3 \times 2DE = 3BC$$

$$\therefore 6DE = 3BC \text{ (প্রমাণিত)}$$

**গ**



**বিশেষ নির্বচন:**  $\triangle ABC$  এর  $AB$  ও  $AC$  বাহুকে  $F$  ও  $G$  পর্যন্ত বর্ধিত করায় যথাক্রমে  $\angle CBF$  ও  $\angle BCG$  বহিঃস্থ কোণ উৎপন্ন হল।  $\angle CBF$  ও  $\angle BCG$  এর সমদ্বিখন্ডকদ্বয় তথা  $\angle ABC$  ও  $\angle ACB$  এর বহিঃদ্বিখন্ডকদ্বয় যথাক্রমে  $BO$  ও  $CO$  পরস্পর  $O$  বিন্দুতে ছেদ করে। প্রমাণ করতে হবে যে,  $2\angle BOC + \angle BAC = 180^\circ$

**প্রমাণ:** আমরা জানি, ত্রিভুজের বহিঃস্থ কোণ, অন্ডস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।

$\therefore$  বহিঃস্থ  $\angle CBF =$  অন্ডস্থ বিপরীত  $(\angle BAC + \angle ACB)$

বা,  $\frac{1}{2} \angle CBF = \frac{1}{2} (\angle BAC + \angle ACB)$

বা,  $\angle CBO = \frac{1}{2} (\angle BAC + \angle ACB)$  [যেহেতু  $BO$  রেখা  $\angle B$  এর বহিঃদ্বিখন্ডক]

$\therefore \angle CBO = \frac{1}{2} (\angle BAC + \angle ACB) \dots \dots (i)$

একইভাবে,  $\angle BCO = \frac{1}{2} (\angle BAC + \angle ABC) \dots$

$\dots \dots (ii)$

(i) ও (ii) নং সমীকরণ যোগ করে,

$\angle CBO + \angle BCO = \frac{1}{2} (\angle BAC + \angle ACB) + \frac{1}{2} (\angle BAC + \angle ABC)$

বা,  $180^\circ - \angle BOC = \frac{1}{2} (\angle BAC + \angle ACB + \angle ABC + \angle BAC)$

[ $\triangle BOC$  এ,  $\angle BOC + \angle CBO + \angle BCO = 180^\circ$ ]

বা,  $180^\circ - \angle BOC = \frac{1}{2} (180^\circ + \angle BAC)$

[যেহেতু  $\angle ACB + \angle ABC + \angle BAC = 180^\circ$ ]

বা,  $360^\circ - 2\angle BOC = 180^\circ + \angle BAC$

বা,  $360^\circ - 180^\circ = 2\angle BOC + \angle BAC$

$\therefore 2\angle BOC + \angle BAC = 180^\circ$  (প্রমাণিত)

**প্রশ্ন ১১৩**  $O$  কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু  $P$  থেকে বৃত্তে দুইটি স্পর্শক  $PA$  ও  $PB$  টানা হল।

[সৈয়দপুর সরকারি কারিগরী কলেজ, নীলফামারী ৷ প্রশ্ন নং ৬]

- ক. উদ্দীপকের তথ্যের আলোকে চিত্রটি আঁক। ২  
খ. প্রমাণ কর যে,  $PA = PB$  ৪  
গ. প্রমাণ কর যে,  $OP$  সরলরেখা স্পর্শ জ্যা  $AB$  এর লম্বদ্বিখন্ডক। ৪

#### ১১৩ নং প্রশ্নের সমাধান

**ক** পাঠ্যবইয়ের অনুশীলনী ৮.৫ এর সম্পাদ্য-৮ এর চিত্র দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬৮

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৪ এর উপপাদ্য-২৬ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬৫

**গ** সৃজনশীল ৬১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ১১৪**  $a = 3$  সে.মি.,  $b = 5$  সে.মি. এবং  $\angle x = 45^\circ$ .

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[কুমিল-১ জিলা স্কুল, কুমিল-১ ৷ প্রশ্ন নং ৬]


- ক. একটি রম্বস অঙ্কন কর যার বাহুর দৈর্ঘ্য  $a$  এবং যার একটি কোণ  $\angle x$  এর সমান। ২  
খ. একটি ত্রিভুজ আঁক যার ভূমি  $a$ , ভূমি সংলগ্ন কোণ  $\angle x$  এবং অপর বাহু দুইটির সমষ্টি  $b$  এর সমান। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪  
গ. একটি সমদ্বিবাহু ত্রিভুজ আঁক যার ভূমি  $b$  এবং সমান সমান বাহুর দৈর্ঘ্য  $a$  এর সমান। উক্ত ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

#### ১১৪ নং প্রশ্নের সমাধান

**ক** সৃজনশীল ১৪(খ) নং এর অনুরূপ।

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৭.১ এর উদাহরণ-২(খ) সমাধান দ্রষ্টব্য।  
পৃষ্ঠা-১৪২

**গ**  $\frac{৩ \text{ সে.মি.}}{৫ \text{ সে.মি.}}$



মনে করি, সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি,  $b = 5$  সে.মি. এবং সমান সমান বাহুর দৈর্ঘ্য,  $a = 3$  সে.মি. দেওয়া আছে। ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন করতে হবে।

অঙ্কন: (১) যে কোনো রশ্মি  $BD$  হতে  $BC = b$  নিই।  $B$  ও  $C$  কেন্দ্র করে  $a$  এর সমান ব্যাসার্ধ নিয়ে  $BC$  এর একই দিকে দুইটি বৃত্তচাপ আঁকি। তারা পরস্পর  $A$  বিন্দুতে ছেদ করে।

(২)  $A, B$  ও  $A, C$  যোগ করি। তাহলে  $\triangle ABC$ -ই সমদ্বিবাহু ত্রিভুজ।

(৩)  $AB$  ও  $AC$  বাহুর লম্ব সমদ্বিখণ্ডক  $MO$  ও  $NO$  আঁকি। মনে করি, তারা পরস্পর  $O$  বিন্দুতে ছেদ করে।

(৪)  $O$  কে কেন্দ্র করে  $AO$  এর সমান ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করি। যা  $B$  ও  $C$  বিন্দু দিয়ে যায়।

ইহাই সমদ্বিবাহু  $\triangle ABC$ -এর পরিবৃত্ত।

**প্রশ্ন ▶ ১১৫** একটি সামান্দ্রিকের দুইটি কর্ণ  $a = 4\text{cm}$  এবং  $b = 6\text{cm}$ । অপর একটি বাহু  $c = 12\text{cm}$  এবং একটি কোণ  $\angle x = 60^\circ$ ।


◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, কুমিল-১ // প্রশ্ন নং ৫]

- ক. উদ্দীপকের তথ্যগুলো চিত্রের মাধ্যমে প্রকাশ কর। ২
- খ. উদ্দীপকের কর্ণ দুইটি ও  $\angle x$  এর সমন্বয়ে একটি সামান্দ্রিক আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪
- গ.  $\frac{c}{4}$  সে.মি. বাহুর দৈর্ঘ্যবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

**১১৫ নং প্রশ্নের সমাধান**


ক.  $\frac{ধ =}{ন = ৬পস}$   
 $\frac{প =}{}$



খ. পাঠ্যবই অনুশীলনী-৭.২ এর সম্পাদ্য-৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৪৫

গ. সৃজনশীল ৪(খ) নং সমাধানের অনুরূপ।

**প্রশ্ন ▶ ১১৬**



$O$  কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তে PQRS চতুর্ভুজটি অন্তর্লিখিত হয়েছে।

[গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, কুমিল-১ // প্রশ্ন নং ৬]

- ক. বর্ধিত  $QO$  রেখাংশটি বৃত্তের পরিধিকে  $T$  বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,  $\angle QPT = 1$  সমকোণ। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle QPS + \angle QRS = 180^\circ$ । ৪
- গ.  $PR$  এবং  $QS$  কর্ণদ্বয় পরস্পর  $E$  বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে,  $\angle POQ + \angle ROS = 2\angle PEQ$ । ৪

**১১৬ নং প্রশ্নের সমাধান**

ক. পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২২ এর অনুরূপ। পৃষ্ঠা-১৫৯

খ. সৃজনশীল ৭(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ. সৃজনশীল ১০(গ) নং সমাধানের অনুরূপ।

**প্রশ্ন ▶ ১১৭**  $a = 4$  সে.মি.,  $b = 5.2$  সে.মি. এবং  $\angle x = 65^\circ$ ।

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮


[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল-১ // প্রশ্ন নং ৪]

- ক. কোনো ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য  $a$  ও  $b$  এর দৈর্ঘ্যের সমান এবং এদের অন্তর্ভুক্ত কোণ  $\angle x$  হলে, ত্রিভুজটি অঙ্কন কর। ২
- খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ  $a$  এর দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট সমবাহু ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর। ৪
- গ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ  $a$  ও  $b$  এর দৈর্ঘ্যকে কোনো রম্বসের দুটি কর্ণ ধরে রম্বসটি অঙ্কন কর। ৪

**১১৭ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ৪ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১১৮**



চিত্রে বৃত্তের ব্যাস ৬ সে.মি.।

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল-১] // প্রশ্ন নং ৫/

- ক. উদ্দীপকের বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle QPS = \frac{1}{2} \angle QOS$ . 8
- গ. প্রমাণ কর যে,  $\angle QRS + \angle QPS = 180^\circ$  8

**১১৮ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ৭ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১১৯** O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ বিন্দু P থেকে বৃত্তে PA এবং PB দুইটি স্পর্শক।

[কুমিল-১ মডার্ন হাইস্কুল, কুমিল-১] // প্রশ্ন নং ৫/

- ক. উদ্দীপকের আলোকে চিত্রটি আঁক। ২
- খ. প্রমাণ কর যে,  $PA = PB$ । 8
- গ. প্রমাণ কর যে, OP রেখাংশ স্পর্শক জ্যা এর লম্ব দ্বিখণ্ডক। 8

**১১৯ নং প্রশ্নের সমাধান**

সৃজনশীল ২৯ নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১২০**  $S = 11$  সে.মি.,  $r = 4$  সে.মি.,  $\angle X = 75^\circ$ ,  $\angle Y = 60^\circ$

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[কুমিল-১ মডার্ন হাইস্কুল, কুমিল-১] // প্রশ্ন নং ৬/

- ক. 4 সে.মি. বাহুবিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন আবশ্যিক) ২
- খ. বিবরণসহ একটি ত্রিভুজ অঙ্কন কর, যার পরিসীমা S এবং ভূমিসংলগ্ন কোণদ্বয়  $\angle X$  এবং  $\angle Y$  8
- গ. বিবরণসহ r এর দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তে এমন দুইটি স্পর্শক অঙ্কন কর যেন তাদের মধ্যবর্তী কোণ  $60^\circ$  এর সমান হয়। 8

**১২০ নং প্রশ্নের সমাধান**

**ক** সৃজনশীল ১১(ক) নং সমাধান দ্রষ্টব্য।

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী-৭.১ এর সম্পাদ্য-৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৪০

**গ** সৃজনশীল ২৬(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১২১** দুইটি বাহুর দৈর্ঘ্য 3.5 সে. মি.; 6 সে. মি. এবং দুইটি কোণের মান  $60^\circ$  এবং  $75^\circ$ ।

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] // প্রশ্ন নং ৫/


- ক. স্কেল ও পেন্সিল কম্পাসের সাহায্যে  $75^\circ$  অঙ্কন কর। ২
- খ. অঙ্কনের চিহ্ন ও বিবরণসহ উদ্দীপকের আলোকে ট্রাপিজিয়াম অঙ্কন কর। 8

- গ. 3.5 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে দুইটি স্পর্শক অঙ্কন কর যাদের অল্‌ডর্ভুক্ত কোণ  $90^\circ$ । [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] 8

**১২১ নং প্রশ্নের সমাধান**

**ক** সৃজনশীল ৮(ক) নং সমাধান দ্রষ্টব্য।


**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী ৭.২ এর উদাহরণ-৩ এর অনুরূপ। পৃষ্ঠা-১৪৭



**বিশেষ নির্বচন:** মনে করি, O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের ব্যাসার্ধ  $r = 3.5$  সে. মি.। বৃত্তে এমন দুটি স্পর্শক আঁকতে হবে যেন তাদের অল্‌ডর্ভুক্ত কোণ  $90^\circ$  হয়।

**অঙ্কনের বিবরণ:** বৃত্তে যেকোনো ব্যাসার্ধ OA আঁকি। OA কে একটি বর্গের এক বাহু বিবেচনা করে OACB বর্গক্ষেত্র আঁকি। CA ও CB বাহুকে বর্ধিত করি। তাহলে CA ও CB রশ্মিদ্বয় উদ্দিষ্ট স্পর্শক।

**প্রশ্ন ▶ ১২২** চিত্রে প্রদত্ত তথ্যের আলোক-



[মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] // প্রশ্ন নং ৫/

- ক. বৃত্তের পরিধি নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে,  $2\angle ADC = \angle AOC$  8
- গ. যদি  $\angle ADB + \angle BDC = 90^\circ$  হয়, তবে প্রমাণ কর যে,  $\angle AOC$  সরলকোণ। 8

**১২২ নং প্রশ্নের সমাধান**

**ক** কোনো বৃত্তের ব্যাসার্ধ r হলে পরিধি  $= 2\pi r$  (Ans.)

**খ** পাঠ্যবইয়ের অনুশীলনী ৮.২ এর উপপাদ্য ২০ নং দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৮

গ সৃজনশীল ২৩(গ) নং সমাধান দ্রষ্টব্য।


প্রশ্ন ▶ ১২৩ O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে AB ও AC জ্যা দুটি A বিন্দুগামী ব্যাসার্ধের সাথে সমান কোণ উৎপন্ন করে। M, AB জ্যা এর মধ্যবিন্দু।

[নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী // প্রশ্ন নং ৫]

- ক. প্রদত্ত তথ্যের ভিত্তিতে ABC বৃত্তের চিত্র আঁক এবং O, M যোগ কর। ২
- খ. প্রমাণ কর যে, OM রেখাংশ জ্যা AB এর ওপর লম্ব। ৪
- গ. প্রমাণ কর যে, AB = AC. ৪

১২৩ নং প্রশ্নের সমাধান

ক




O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে AB ও AC দুটি জ্যা। A বিন্দুগামী ব্যাসার্ধ OA,  $\angle BAC$  এর সমদ্বিখন্ডক। M, AB জ্যা এর মধ্যবিন্দু। O, M যোগ করা হলো।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.১ এর উপপাদ্য-১৭ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৩

গ সৃজনশীল ৩৭(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১২৪




[লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর // প্রশ্ন নং ৬] চিত্রে বৃত্তের ব্যাস 6 সে.মি.।

- ক. উদ্দীপকের বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. প্রমাণ কর যে,  $\angle QPS = \frac{1}{2} \angle QOS$ . ৪
- গ. প্রমাণ কর যে,  $\angle QRS + \angle QPS = 180^\circ$  ৪

১২৪ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৭ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১২৫



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ 2.5 সেমি., AB = 3 সেমি.

এবং BD,  $\angle ADC$  এর সমদ্বিখন্ডক। [ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ফেনী]

- ক. AD এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. দেখাও যে,  $\angle ADC + \angle ABC = 180^\circ$  ৪
- গ. প্রমাণ কর যে, AB = BC ৪

১২৫ নং প্রশ্নের সমাধান

ক  $\triangle ABD$ -এর

$\angle BAD = 90^\circ$  [BD ব্যাস এবং  $\angle BAD$  অর্ধবৃত্তস্থ]

$$\begin{aligned} \text{এবং } BD &= \text{বৃত্তের ব্যাস} = 2 \times \text{ব্যাসার্ধ} \\ &= (2 \times 2.5) \text{ সে. মি.} \\ &= 5 \text{ সে. মি.} \end{aligned}$$

এবং AB = 3 সে. মি.

পীথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই,

$$AD^2 + AB^2 = BD^2$$


$$\begin{aligned} \text{বা, } AD &= \sqrt{BD^2 - AB^2} \\ &= \sqrt{5^2 - 3^2} \\ &= \sqrt{25 - 9} = \sqrt{16} \end{aligned}$$

$\therefore AD = 4$  সে. মি.

AD এর দৈর্ঘ্য 4 সে. মি. (Ans.)

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য ২৩ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৬১

গ দেওয়া আছে, O কেন্দ্র বিশিষ্ট ABCD বৃত্তে AB ও CD দুইটি জ্যা এবং BD,  $\angle ADC$  এর সমদ্বিখন্ডক। প্রমাণ করতে হবে যে, AB = BC।



অঙ্কন: O, C যোগ করি।

প্রমাণ:

ধাপ-১. এখানে, BD,

$\angle ADC$  এর সমদ্বিখন্ডক।

$\therefore \angle ADB = \angle BDC$

[একই চাপের উপর

বা,  $2\angle ADB =$  দশায়মান বৃত্তস্থ কোণ  
 $2\angle BDC$  কেন্দ্রস্থ কোণের অর্ধেক]

$$\therefore \angle AOB = \angle BOC$$

[একই বৃত্তের ব্যাসার্ধ]

ধাপ-২. এখন,  $\triangle ABO$  ও

$\triangle CBO$  এর মধ্যে,  $OA$

$$= OC$$

$$OB = OB$$

[সাধারণ বাহু]

$$\therefore \angle AOB = \angle BOC$$

$$\therefore \triangle ABO \cong \triangle CBO$$

$$\therefore AB = BC \text{ (প্রমাণিত)}$$

**প্রশ্ন ১২৬** 3 সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র C থেকে 10 সে.মি. দূরে একটি দশায়মান খুঁটির পাদবিন্দু T।

[ফেনী সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, ফেনী // প্রশ্ন নং ৪]


ক. তথ্য অনুযায়ী জ্যামিতিক চিত্রটি অংকন কর। ২

খ. দশায়মান খুঁটির পাদবিন্দু থেকে বৃত্তে দুইটি স্পর্শক আঁক এবং দেখাও যে, খুঁটিটির পাদবিন্দু থেকে স্পর্শক বিন্দু দুইটি সমান দূরত্বে অবস্থিত। ৪

গ. প্রমাণ কর যে, বৃত্তে অন্ড্রলিখিত সমবাহু ত্রিভুজের শীর্ষবিন্দুতে স্পর্শকগুলো যে ত্রিভুজ উৎপন্ন করে তা নতুন একটি সমবাহু ত্রিভুজ। ৪


**১২৬ নং প্রশ্নের সমাধান**

**ক**



চিত্রে, C কেন্দ্র বিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ 3 সে.মি.। ভূমির উপর দশায়মান খুঁটির পাদবিন্দু T হতে কেন্দ্র C এর দূরত্ব  $CT = 10$  সে.মি.।

**খ**



CT এর মধ্যবিন্দু D নির্ণয় করি। CD কে ব্যাসার্ধ ধরে প্রাপ্ত বৃত্ত পূর্বোক্ত বৃত্তকে A ও B বিন্দুতে ছেদ করে। T, A ও T, B যোগ করে বর্ধিত করি। তাহলে TA ও TB রশ্মিই নির্ণেয় স্পর্শক।

যেহেতু স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব তাই

$$\angle CAT = \angle CBT = 90^\circ$$

আবার,  $\triangle ACT$  ও  $\triangle BCT$  সমকোণী ত্রিভুজদ্বয়ে  $AC = BC$  [একই বৃত্তের ব্যাসার্ধ]

CT সাধারণ বাহু


$$\therefore \triangle ACT \cong \triangle BCT$$

$$\therefore TA = TB$$

অর্থাৎ, খুঁটির পাদবিন্দু হতে স্পর্শবিন্দু দুটি সমান দূরত্বে অবস্থিত।

(দেখানো হলো)

**গ**



**বিশেষ নির্বচন:** মনে করি, ABC সমবাহু ত্রিভুজটি O কেন্দ্রবিশিষ্ট ABC বৃত্তে অন্ড্রলিখিত। A, B ও C

বিন্দুগামী স্পর্শক তিনটি DEF ত্রিভুজ গঠন করে। প্রমাণ করতে হবে যে, DEF সমবাহু ত্রিভুজ।

**অঙ্কন:** O, A ও O, C যোগ করি।

**প্রমাণ:**

$$\text{ধাপ-১: } \angle AOC = 2\angle ABC$$

[একই চাপের উপর দশায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ]

$$\text{বা, } \angle AOC = 2 \times 60^\circ$$

$$\therefore \angle AOC = 120^\circ$$

[ $\therefore$  সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের মান  $60^\circ$ ]

ধাপ-২: OADC চতুর্ভুজে

$$\angle OCD = \angle OAD = 90^\circ$$

[ $\therefore$  স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ স্পর্শকের উপর লম্ব]

$$\therefore \angle OCD + \angle OAD = 90^\circ$$

$$+ 90^\circ = 180^\circ$$

$$\therefore \angle AOC + \angle ADC =$$

$$180^\circ$$

$$\text{বা, } 120^\circ + \angle FDE = 180^\circ$$

বা,  $\angle FDE = 180^\circ - 120^\circ$

$\therefore \angle FDE = 60^\circ$

অনুরূপভাবে দেখানো যায়,

$\angle DEF = 60^\circ$

এবং  $\angle DFE = 60^\circ$

ধাপ-৩:  $\triangle DEF$  এর  $\angle FDE =$

$\angle DEF$

$= \angle DFE = 60^\circ$

$\therefore DEF$  একটি সমবাহু ত্রিভুজ

(প্রমাণিত)

[ $\therefore$  সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণ সমান এবং তার মান  $60^\circ$ ]

**প্রশ্ন ১২৭** একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 15 সে.মি.।

সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[ফেনী সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, ফেনী ৷ প্রশ্ন নং ৬]

- ক. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য ও কোণের পরিমাণ নির্ণয় কর। ২  
 খ. ত্রিভুজটি অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪  
 গ. ত্রিভুজটির অঙ্গুত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**১২৭ নং প্রশ্নের সমাধান**


**ক** দেওয়া আছে, সমবাহু ত্রিভুজটির পরিসীমা = 15 সে.মি.  
 যেহেতু সমবাহু ত্রিভুজের তিনটি বাহুই সমান,

$\therefore$  প্রতি বাহুর দৈর্ঘ্য =  $\frac{15}{3} = 5$  সে.মি.

আবার প্রতিটি কোণই সমান বলে।

কোণের পরিমাপ =  $\frac{180^\circ}{3} = 60^\circ$  (Ans.)


**খ**



**বিশেষ নির্বচন:** মনে করি, সমবাহু ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য  $a = 5$  cm ('ক' হতে পাই)। ত্রিভুজটি আঁকতে হবে।

**অঙ্কনের বিবরণ:** যে কোন রেখাংশ BD হতে  $BC = a = 5$  cm নিই। B ও C কে কেন্দ্র করে BC এর একই পাশে a এর সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্তদ্বয় পরস্পর A বিন্দুতে ছেদ করে। B, A ও C, A যোগ করি। তাহলে ABC-ই উদ্দিষ্ট সমবাহু ত্রিভুজ।


**গ**



**বিশেষ নির্বচন:**  $\triangle ABC$  এর অঙ্গুত অঙ্কন করতে হবে।

**অঙ্কনের বিবরণ:**  $\angle ABC$  ও  $\angle ACB$  এর সমদ্বিখণ্ড রেখা যথাক্রমে BE ও CF আঁকি। BE ও CF পরস্পর O বিন্দুতে ছেদ করে। O হতে  $OD \perp BC$  আঁকি। OD, BC কে D বিন্দুতে ছেদ করে। এখন O কে কেন্দ্র করে OD এর সমান ব্যাসার্ধ নিয়ে অঙ্কিত বৃত্তই নির্ণেয় অঙ্গুত।

**প্রশ্ন ১২৮**




[শাহীন একাডেমী স্কুল এন্ড কলেজ, ফেনী ৷ প্রশ্ন নং ৫]

- ক. বৃত্তের উপচাপ ও অধিচাপ কাকে বলে? সচিত্র সংজ্ঞা দাও। ২  
 খ. প্রমাণ কর যে,  $\angle BOC = 2 \angle BAC$  ৪  
 গ. দেখাও যে,  $\angle AOD + \angle BOC = 180^\circ$  ৪

**১২৮ নং প্রশ্নের সমাধান**

**ক**

বৃত্তস্থ যে কোন দুটি বিন্দু একটি বৃত্তকে দুই ভাগে ভাগ করে এই দুই ভাগের মধ্যে ছোট অংশটিকে উপচাপ এবং বড় অংশটিকে অধিচাপ বলে।



চিত্রে, A ও B বিন্দু দুটি O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের উপর অবস্থিত। AB এর উপরের বড় অংশটি হলো অধিচাপ এবং নিচের ক্ষুদ্রতর অংশটি হলো উপচাপ।

**খ**

পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৫৮

**গ**

সৃজনশীল ২৭(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১২৯** একটি ত্রিভুজের পরিসীমা ১৩ সে.মি. এবং ভূমি সংলগ্ন দুটি কোণ  $50^\circ$  ও  $60^\circ$ ।



◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[শাহীন একাডেমী স্কুল এন্ড কলেজ, ফেনী] প্রশ্ন নং ৬।

- ক. উলে-খিত পরিসীমার সমান পরিসীমা বিশিষ্ট সমবাহু ত্রিভুজ আঁক। ২  
খ. অঙ্কনের বিবরণসহ উদ্দীপকের ত্রিভুজটি আঁক। ৪  
গ. 'খ' অংশে প্রাপ্ত ত্রিভুজের বহির্ভুক্ত আঁক এবং বিবরণ দাও। ৪

**১২৯ নং প্রশ্নের সমাধান**

**ক**



ABC নির্ণেয় সমবাহু ত্রিভুজ, যার পরিসীমা  $p = 13$  সে.মি.।


- খ. সৃজনশীল ১৮(খ) নং সমাধান এর অনুরূপ।  
গ. পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-১১ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৭০

**প্রশ্ন ▶ ১৩০** O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু Q থেকে বৃত্তে দুইটি স্পর্শক টানা হলো। [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল

- ক. প্রদত্ত তথ্যগুলো চিত্রের মাধ্যমে উপস্থাপন কর। ২  
খ. প্রমাণ কর যে, OQ সরলরেখা স্পর্শক জ্যা এর লম্ব সমদ্বিখণ্ডক। ৪  
গ. উদ্দীপকে উলে-খিত বৃত্তটিকে অপর একটি বৃত্তে অলঙ্ঘনস্পর্শক করলে প্রমাণ কর যে, তাদের কেন্দ্রদ্বয় ও স্পর্শক বিন্দু সমরেখ। ৪

**১৩০ নং প্রশ্নের সমাধান**

**ক**



চিত্রে O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AQ ও BQ দুটি স্পর্শক।

- খ. সৃজনশীল ৬১(গ) নং সমাধান দ্রষ্টব্য।  
গ. সৃজনশীল ৯০(খ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১৩১**  $a = 3$  cm এবং  $b = 4$  cm যথাক্রমে A ও B

কেন্দ্রবিশিষ্ট বৃত্তদ্বয়ের ব্যাসার্ধ। [ডা: খান্সাজীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]


- ক. দেখাও যে, কোনো বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণগুলি পরস্পর সমান। ২  
খ. A কেন্দ্রবিশিষ্ট বৃত্তের অভ্যন্তরে CD ও EF জ্যা দুটির পরস্পর P বিন্দুতে সমকোণে মিলিত হলে প্রমাণ কর যে,  $\angle CAF + \angle DAE = 180^\circ$  ৪  
গ.  $a + b$  এর সমান ব্যাসবিশিষ্ট একটি বৃত্তে এমন দু'টি স্পর্শক অঙ্কন কর যেন তাদের অন্তর্জাত কোণ  $60^\circ$  হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

**১৩১ নং প্রশ্নের সমাধান**

**ক** পাঠ্যবইয়ের অধ্যায়-৮.২ এর উপপাদ্য-২১ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৫৯

- খ. সৃজনশীল ২৭(গ) নং সমাধান দ্রষ্টব্য।  
গ. সৃজনশীল-২৬(গ) নং সমাধান দ্রষ্টব্য।

**প্রশ্ন ▶ ১৩২**



চট্টগ্রাম] প্রশ্ন নং ৫।

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম] প্রশ্ন নং ৫।

- ক. প্রমাণ কর যে, বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা। ২  
খ.  $\angle OAB = \angle OAC$  হলে, দেখাও যে,  $AB = AC$ । ৪  
গ. প্রমাণ কর যে,  $\angle BAC = \frac{1}{2} \angle BOC$  ৪

**১৩২ নং প্রশ্নের সমাধান**

**ক** সৃজনশীল ৪৮(ক) নং সমাধান দ্রষ্টব্য।  
অতঃপর, অনুরূপভাবে দেখানো যায় যে, বৃত্তের অন্য সকল জ্যা ব্যাস অপেক্ষা ক্ষুদ্রতর।  
 $\therefore$  বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা।

খ. সৃজনশীল ৩৭(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.২ এর উপপাদ্য-২০ দ্রষ্টব্য।  
পৃষ্ঠা- ১৫৮

প্রশ্ন ▶ ১৩৩ O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু P থেকে PA ও PB দুইটি স্পর্শক।


[বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, চট্টগ্রাম]  
ক. উদ্দীপকের আলোকে চিত্রটি আঁক। ২

খ. প্রমাণ কর যে, PA = PB. ৪

গ. প্রমাণ কর যে, OP রেখা স্পর্শক জ্যা AB এর লম্ব সমদ্বিখন্ডক। ৪

### ১৩৩ নং প্রশ্নের সমাধান

ক



চিত্রে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ একটি বিন্দু P থেকে PA ও PB স্পর্শক অঙ্কন করা হলো।

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৪ এর উপপাদ্য-২৬ দ্রষ্টব্য।  
পৃষ্ঠা-১৬৫

গ সৃজনশীল ৬১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৩৪ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে PQRS চতুর্ভুজটি অন্ড লিখিত যার PR এবং QS কর্ণদ্বয় পরস্পর E বিন্দুতে ছেদ করেছে।

[বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ৪]

ক. একটি বৃত্তের পরিধি  $8\pi$  হলে উহার ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, PQRS চতুর্ভুজটির বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ। ৪

গ. প্রমাণ কর যে,  $\angle POQ + \angle ROS = 2\angle PEQ$ . ৪

### ১৩৪ নং প্রশ্নের সমাধান

ক মনে করি, বৃত্তের ব্যাসার্ধ = r

$$\therefore \text{বৃত্তের পরিধি} = 2\pi r$$

$$\text{প্রশ্নমতে, } 2\pi r = 8\pi$$

$$\therefore r = 4$$

$$\text{সুতরাং ক্ষেত্রফল, } \pi r^2 = \pi \times 4^2 = 16\pi$$

$$= 50.2656 \text{ বর্গ একক}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ এর অনুরূপ। পৃষ্ঠা-১৬১

গ সৃজনশীল ১০(গ) নং সমাধান দ্রষ্টব্য।

[বি.দ্র.: T এর পরিবর্তে E নিতে হবে।]

প্রশ্ন ▶ ১৩৫ একটি ত্রিভুজের ভূমি a = 4.2 সে.মি., ভূমি সংলগ্ন সূক্ষ্মকোণ  $\angle x = 30^\circ$  এবং অপর দুই বাহুর অন্ড্র d = 2.2 সে.মি.।

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ৬]



ক. 12 সে.মি. পরিসীমা বিশিষ্ট একটি বর্গ অঙ্কন কর। ২

খ. অঙ্কনের বিবরণসহ ত্রিভুজটি অঙ্কন কর। ৪

গ. অঙ্কনের বিবরণসহ a এর সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে এমন একটি স্পর্শক আঁক যেন তা কোনো নির্দিষ্ট সরলরেখার সমান্তরাল হয়। ৪

### ১৩৫ নং প্রশ্নের সমাধান

ক বর্গের পরিসীমা p = 4a = 4.3 = 12 cm দেয়া আছে। বর্গটি আঁকতে হবে।





খ ত্রিভুজের ভূমি a = 4.2 সে.মি., ভূমি সংলগ্ন একটি কোণ

$\angle x = 30^\circ$  এবং অপর দুই বাহুর অন্ড্র d = 2.2

সে.মি. দেওয়া আছে। ত্রিভুজটি আঁকতে হবে।


$$\text{ধ} \frac{8.2}{\sin 30^\circ}$$

$$\text{ফ} \frac{2.2}{\cos 30^\circ}$$



অঙ্কনের বিবরণ:

- (১) যেকোনো একটি রশ্মি BF থেকে ভূমি a এর সমান করে BC রেখাংশ কেটে নিই। BC রেখাংশের B বিন্দুতে  $\angle x$  এর সমান  $\angle CBE$  আঁকি।
- (২) BE রশ্মি থেকে d এর সমান BD অংশ কেটে নিই।
- (৩) C, D যোগ করি। DC রেখাংশের যে পাশে E বিন্দু আছে সেই পাশে C বিন্দুতে  $\angle EDC$  এর সমান  $\angle DCA$  আঁকি। CA রশ্মি BE রশ্মিকে A বিন্দুতে ছেদ করে। তাহলে,  $\triangle ABC$  ই উদ্দিষ্ট ত্রিভুজ।



বিশেষ নির্বচন: মনে করি, O কেন্দ্র এবং 4.2 সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট MNP একটি বৃত্ত এবং AB সে.মি. একটি নির্দিষ্ট সরলরেখা। MNP বৃত্তে এমন একটি স্পর্শক আঁকতে হবে যা, AB সরলরেখার সমান্তরাল হবে।

অঙ্কন:

- (১) O বিন্দু থেকে AB এর ওপর RO লম্ব আঁকি। OR, AB রেখাকে K বিন্দুতে এবং MNP বৃত্তকে M বিন্দুতে ছেদ করে।
- (২) RO কে বর্ধিত করলে তা বৃত্তটির P বিন্দুতে ছেদ করে।
- (৩) MP রেখার ওপর M ও P বিন্দুতে যথাক্রমে CD ও EF লম্ব টানি। তাহলে, CD বা EF-ই নির্ণেয় স্পর্শক হবে।

**প্রশ্ন ১৩৬** ABC ত্রিভুজে BC বাহুর মধ্যবিন্দু D।  $\angle B$  ও  $\angle C$  এর অর্ধেকদিক ও বহির্দিকদয় যথাক্রমে P ও Q বিন্দুতে মিলিত হয়।

◀ সমন্বিত অধ্যায় ৬ ও ৮


[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম // প্রশ্ন নং ৪]

ক.  $\angle A = 90^\circ$  এবং  $\angle B = 2\angle C$  হলে,  $\angle C$  এর মান নির্ণয় কর। ২

খ. দেখাও যে,  $AB + AC > 2AD$ . ৪

গ. প্রমাণ কর যে, B, P, C, Q বিন্দু চারটি সমবৃত্ত। ৪

১৩৬ নং প্রশ্নের সমাধান



এখানে,  $\angle A = 90^\circ$  এবং  $\angle B = 2\angle C$


আমরা জানি,  $\triangle ACB$ -এ

$$\angle A + \angle B + \angle C = 180^\circ$$

$$\text{বা, } 90^\circ + 2\angle C + \angle C = 180^\circ$$

$$\text{বা, } 3\angle C = 90^\circ$$

$$\therefore \angle C = 30^\circ \text{ (Ans.)}$$



বিশেষ নির্বচন: দেওয়া আছে,  $\triangle ABC$ -এর BC বাহুর মধ্যবিন্দু D. A, D যোগ করি। প্রমাণ করতে হবে যে,  $AB + AC > 2AD$ .

অঙ্কন: AD কে E পর্যন্ত এমনভাবে বর্ধিত করি যেন,  $DE = AD$  হয়।

E, C যোগ করি।

প্রমাণ: ধাপ যথার্থতা

(১)  $\triangle ABD$  এবং  $\triangle ECD$ -এ

$$BD = CD \quad [ \because D, BC \text{ এর মধ্যবিন্দু দেওয়া আছে } ]$$

$$AD = DE \quad [ \text{অঙ্কন অনুসারে} ]$$

$$\text{এবং অর্ধেকদিক } \angle ADB = \text{অর্ধেকদিক } \angle EDC \quad [ \text{বিক্রান্ত কোণ সমান} ]$$

$$\therefore \triangle ABD \cong \triangle ECD \quad [ \because \text{দুইটি বাহু} ]$$

এবং তাদের অর্ধেকদিক

কোণ সমান ]

সুতরাং  $AB = CE$

(২) এখন,  $\Delta AEC$ -এ,

$$AC + CE > AE$$

[ $\therefore$  ত্রিভুজের

যেকোনো দুই বাহুর সমষ্টি

তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর ]

$$\text{বা, } AC + AB > AD + DE$$

[ $\therefore AB$

$$= CE ]$$

$$\text{বা, } AB + AC > AD + AD$$

[ $\therefore$

অঙ্কনানুসারে,  $DE = AD$  ]

$$\therefore AB + AC > 2AD. \text{ (দেখানো হলো)}$$

গ সৃজনশীল ৪৩(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৩৭ ABCD চতুর্ভুজটি O কেন্দ্রবিশিষ্ট কোনো বৃত্তে অন্ডুল্লিখিত এবং বৃত্তটির বহিঃস্থ P বিন্দু হতে PA ও PB দুটি স্পর্শক।

[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম // প্রশ্ন নং ৫]

ক. 5 সে.মি. ও 3 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট দুইটি বৃত্ত পরস্পরকে অন্ডুল্লস্পর্শ করেছে। তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। ২

খ. দেখাও যে,  $\angle ABC$  এবং  $\angle ADC$  পরস্পর সম্পূরক। ৪

গ. প্রমাণ কর যে,  $PA = PB$ . ৪

### ১৩৭ নং প্রশ্নের সমাধান

ক 5 সে.মি. ও 3 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট দুইটি বৃত্ত পরস্পরকে অন্ডুল্লস্পর্শ করেছে।

$$\therefore \text{তাদের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব} = (5 - 3) \text{ সে.মি.}$$

$$= 2 \text{ সে.মি. (Ans.)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৩ এর উপপাদ্য-২৩ দ্রষ্টব্য।

পৃষ্ঠা-১৬১

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৪ এর উপপাদ্য-২৬ দ্রষ্টব্য।

পৃষ্ঠা-১৬৫

প্রশ্ন ▶ ১৩৮ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 4 সে.মি., 5 সে.মি. ও 6 সে.মি.।

[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম // প্রশ্ন নং ৬]


ক. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. ত্রিভুজটির পরিবৃত্ত আঁক। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

গ. ত্রিভুজটির ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্যের সমান ব্যাসার্ধের একটি বৃত্তে এমন দুইটি স্পর্শক আঁক যেন তাদের অন্ডুল্লস্পর্শ কোণ  $60^\circ$  হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

### ১৩৮ নং প্রশ্নের সমাধান

ক



$\Delta ABC$ -আঁকি যার  $AB = 5$  সে. মি.,  $BC = 6$  সে. মি.

এবং  $AC = 4$  সে. মি.।

ত্রিভুজের অর্ধপরিসীমা,  $S = \frac{4 + 5 + 6}{2} = 7.5$  সে.মি.

আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল =

$$\sqrt{s(s-a)(s-b)(s-c)}$$

ধরি,  $a = 4$  সে.মি.,  $b = 5$  সে.মি. এবং  $c = 6$  সে.মি.

$\therefore$  ত্রিভুজের ক্ষেত্রফল =

$$\sqrt{7.5(7.5-4)(7.5-5)(7.5-6)}$$

$$= 9.92 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-

১৬৮

গ সৃজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৩৯ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অন্ডুল্লিখিত হয়েছে।

[চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম // প্রশ্ন নং ৪]

ক. চতুর্ভুজের একটি কোণের মান  $60^\circ$  হলে উহার বিপরীত কোণের মান কত? ২

খ. দেখাও যে,  $\angle ADC = \frac{1}{2} \angle AOC$  ৪

গ. প্রমাণ কর যে, ABCD এর একটি বাহুকে একদিকে বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তা বিপরীত অন্ডুল্লস্পর্শ কোণের সমান। ৪

### ১৩৯ নং প্রশ্নের সমাধান


ক দেওয়া আছে, ABCD চতুর্ভুজের একটি কোণের মান  $60^\circ$ ।

আমরা জানি,

বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ বা  $180^\circ$

∴ 60° কোণের বিপরীত কোণটি = 180° - 60° = 120° (Ans.)

গ



দেওয়া আছে, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABCD চতুর্ভুজটি অঙ্কিত লিখিত হয়েছে। A, O; O, C যোগ করি। ABCD বৃত্তের একই চাপ AC এর উপর দন্ডায়মান বৃত্তস্থ  $\angle ADC$  এবং কেন্দ্রস্থ  $\angle AOC$ ।

প্রমাণ কর যে,  $\angle ADC = \frac{1}{2} \angle AOC$ ।

অঙ্কন: মনে করি DC রেখাংশ কেন্দ্রগামী নয়। এক্ষেত্রে D বিন্দু দিয়ে কেন্দ্রগামী DE রেখা অঙ্কন করি।

প্রমাণ: ধাপ যথার্থ  
ধাপ-১.  $\triangle AOD$  এর বহিঃস্থ কোণ [বহিঃস্থ কোণ অঙ্কিত  
 $\angle AOE = \angle ADO +$  বিপরীত কোণদ্বয়ের  
 $\angle DAO$  সমষ্টির সমান]

ধাপ-২:  $\triangle AOD$  এ  $OA = OD$  [একই বৃত্তের ব্যাসার্ধ]  
∴  $\angle ADO = \angle DAO$

ধাপ-৩: ধাপ (১) ও (২) থেকে [সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি  
 $\angle AOE = 2\angle ADO$  সংলগ্ন কোণ দুটি সমান]

ধাপ-৪: একইভাবে  $\angle COE = 2\angle CDO$

ধাপ-৫: ধাপ (৩) ও (৪) থেকে

$$\begin{aligned} \angle AOE + \angle COE \\ = 2\angle ADO + 2\angle CDO \end{aligned}$$


বা,  $\angle AOC = 2(\angle ADO + \angle CDO)$

বা,  $\angle AOC = 2\angle ADC$

$$\therefore \angle ADC = \frac{1}{2} \angle AOC$$

(^LvGbv nGjv)

গ



বিশেষ নির্বচন: মনে করি, ABCD চতুর্ভুজটি বৃত্তে অঙ্কিত লিখিত। BC বাহুকে E পর্যন্ত বর্ধিত করায় বহিঃস্থ  $\angle DCE$  উৎপন্ন হয়েছে। বহিঃস্থ  $\angle DCE$ -এর বিপরীত অঙ্কিত  $\angle BAD$ ।

প্রমাণ করতে হবে যে,  $\angle DCE = \angle BAD$ ।

প্রমাণ:

ধাপ-১. ABCD চতুর্ভুজটি বৃত্তে অঙ্কিত লিখিত এবং  $\angle BAD$  ও  $\angle BCD$  চতুর্ভুজটির দুটি বিপরীত কোণ।

$$\therefore \angle BAD + \angle BCD = \text{দুই সমকোণ} \dots \dots \dots (i)$$

[∵ বৃত্তে অঙ্কিত চতুর্ভুজের দুই বিপরীত কোণের সমষ্টি 2 সমকোণ]

ধাপ-২. এখন, DC রশ্মির প্রান্ত বিন্দু C-তে BE সরলরেখা মিলিত হয়েছে। ফলে,  $\angle BCD$  এবং  $\angle DCE$  সন্নিহিত কোণদ্বয় উৎপন্ন হয়েছে।

$$\therefore \angle BCD + \angle DCE = \text{দুই সমকোণ} \dots \dots \dots (ii)$$

ধাপ-৩. (i) নং এবং (ii) নং তুলনা করে পাই,

$$\angle BAD + \angle BCD = \angle BCD + \angle DCE$$

বা,  $\angle BAD = \angle DCE$  [উভয়পক্ষ থেকে সমান কোণ বাদ দিয়ে]

$$\therefore \angle DCE = \angle BAD \text{ (প্রমাণিত)}$$

প্রশ্ন ১৪০ O এবং Q কেন্দ্রবিশিষ্ট দুইটি বৃত্ত দেওয়া আছে যেখানে O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাস Q কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধের সমান।

[সেন্ট প-সিডস হাই স্কুল, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ৫]

ক. O এবং Q কেন্দ্রবিশিষ্ট বৃত্ত দুইটি আঁক। ২


খ. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের M বিন্দুতে MN একটি স্পর্শক এবং OM স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ হলে, প্রমাণ কর যে,  $MN \perp OM$  ৪

গ. বৃত্ত দুইটি পরস্পরকে P বিন্দুতে অঙ্কিত স্পর্শ করলে প্রমাণ কর যে, O, Q এবং P বিন্দু সমরেখ হবে। ৪


১৪০ নং প্রশ্নের সমাধান

ক ধরি, Q কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাস = 2r

$$\therefore O \text{ কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাস} = r$$



খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৪ এর উপপাদ্য-২৫ এর অনুরূপ। পৃষ্ঠা-১৬৪



চিত্রে, Q এবং O কেন্দ্রবিশিষ্ট দুটি বৃত্ত পরস্পর P বিন্দুতে অস্পর্শক স্পর্শ করে।

প্রমাণ করতে হবে যে, Q, O এবং P বিন্দু তিনটি সমরেখ।

অঙ্কন: যেহেতু বৃত্তদ্বয় পরস্পর P বিন্দুতে অস্পর্শক স্পর্শ করেছে, সুতরাং P বিন্দুতে তাদের একটি সাধারণ স্পর্শক থাকবে। এখন P বিন্দুতে সাধারণ স্পর্শক LPM অঙ্কন করি এবং P, Q যোগ করি।

প্রমাণ: LM, Q কেন্দ্রবিশিষ্ট বৃত্তের P বিন্দুতে স্পর্শক এবং PQ স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ।

∴  $LM \perp PQ$  অর্থাৎ  $\angle LPQ = 1$  সমকোণ

[∵ বৃত্তের কোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের সাথে লম্ব]

আবার, LM, O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের P বিন্দুতে স্পর্শক এবং PO স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ।

∴  $LM \perp PO$  অর্থাৎ  $\angle LPO = 1$  সমকোণ

LPM রেখার P বিন্দুতে PO এবং PQ লম্ব। কিন্তু একটি রেখার একটি বিন্দুতে একাধিক লম্ব আঁকা সম্ভব নয়। তাই QP এবং OP একই রেখা হবে।

সুতরাং Q, O এবং P একই সরলরেখায় অবস্থিত অর্থাৎ Q, O এবং P সমরেখ। (প্রমাণিত)

প্রশ্ন ▶ ১৪১ একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ও একটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৬ সে.মি. এবং ৪ সে.মি.।

[সেন্ট প-সিডস হাই স্কুল, চট্টগ্রাম // প্রশ্ন নং ৬]

- ক. ত্রিভুজটি অঙ্কন কর। ২
- খ. ত্রিভুজটির পরিবৃত্ত অঙ্কন কর। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪
- গ. 'খ'-এ অঙ্কিত বৃত্তের এমন একটি স্পর্শক অঙ্কন কর, যেন তা একটি নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

১৪১ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৪০ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪২ একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৩, ৪, ৫ সে.মি.।

[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট // প্রশ্ন নং ৫]

- ক. ত্রিভুজটি অঙ্কন কর। ২
- খ. উক্ত ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন করে অঙ্কনের বিবরণ দাও। ৪
- গ. বৃত্তে এমন দুটি স্পর্শক আঁক যেন তাদের অস্পর্শক কোণ  $60^\circ$  হয়। [অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক] ৪

১৪২ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৮৭ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪৩ O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের বহিঃস্থ একটি বিন্দু P হতে বৃত্তে PA এবং PB দুটি স্পর্শক।

[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট // প্রশ্ন নং ৬]

- ক. তথ্যানুসারে চিত্রটি আঁক। ২
- খ. প্রমাণ কর যে,  $PA = PB$ . ৪
- গ. প্রমাণ কর যে, OP সরল রেখা স্পর্শ জ্যা AB এর লম্ব সমদ্বিখণ্ডক। ৪

১৪৩ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৬১ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪৪ O কেন্দ্রবিশিষ্ট PQR বৃত্তে QR চাপের উপর দাঁড়ানো বৃত্তস্থ কোণ  $\angle QPR$  এবং কেন্দ্রস্থ কোণ  $\angle QOR$ .

[সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট // প্রশ্ন নং ৫]

- ক.  $OP = 6\text{cm}$  হলে, বৃত্তটির ক্ষেত্রফল ও পরিধি নির্ণয় কর। ১২
- খ. প্রমাণ কর যে,  $\angle QPR = \frac{1}{2} \angle QOR$ . ৪
- গ. যদি  $\angle QPS + \angle SPR = 90^\circ$  হয়, তবে প্রমাণ কর যে, Q, O এবং R একই সরলরেখায় অবস্থিত। ৪

১৪৪ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ২৮(ক) নং সমাধান দ্রষ্টব্য।

অতঃপর,

∴ বৃত্তটির পরিধি =  $2\pi r$  একক

$$= 2 \times 3.1416 \times 6 \text{ cm}$$

$$= 37.6992 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ সৃজনশীল ২৮(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ২৮(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ১৪৫  $\triangle ABC$  এর  $\angle B = 60^\circ$ ,  $\angle C = 45^\circ$  এবং  $AB + BC + CA = 13$  সে.মি.।

◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট // প্রশ্ন নং ৬]

- ক.  $\angle B$  ও  $\angle C$  এর পূরক কোণ নির্ণয় কর। ২
- খ. উদ্দীপকের আলোকে ত্রিভুজটি অঙ্কন কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) ৪

গ.  $\triangle ABC$  এর অন্তর্ভুক্ত আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক) 8

**১৪৫ নং প্রশ্নের সমাধান**

ক  $\angle B = 60^\circ$  এর পূরক কোণ  $= 90^\circ - 60^\circ = 30^\circ$  (Ans.)

এবং  $\angle C = 45^\circ$  এর পূরক কোণ  $= 90^\circ - 45^\circ = 45^\circ$  (Ans.)

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-৭.১ এর উদাহরণ-১ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৪১

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-৮.৫ এর সম্পাদ্য-১০ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ১৬৯

প্রশ্ন ▶ ১৪৬  $S = 13$  সে.মি.  $r = 6$  সে.মি.,  $\angle X = 75^\circ$ ,  $\angle Y = 60^\circ$

এবং  $\angle Z = 20^\circ$  ◀ সমন্বিত অধ্যায় ৭ ও ৮

[বু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট ৷ প্রশ্ন নং ৪]


ক. 6 সে.মি. বাহু এবং  $\angle Y$  কোণ বিশিষ্ট একটি রম্বস অঙ্কন কর। ২

